মামনন্তি' ইতি, তদপ্যসৎ। শ্রুত্যন্তরে 'স্বয়ং বিহত্য স্বয়ং নির্ম্মায় স্বেন ভাসা স্বেন জ্যোতিষা প্রস্বপিতি' ইতি জীব-ব্যাপারশ্রবণাৎ। ইহাপি চ 'য এষ সুপ্তেষু জাগর্ত্তি' ইতি প্রসিদ্ধানুবাদাজ্জীব এবাঽয়ং কামানাং নির্ম্মাতা সঙ্কীর্ত্ত্যতে। তস্য তু বাক্যশেষেণ তদেব শুক্রন্তদ্ব্রহ্মেতি জীবভাবং ব্যাবর্ত্ত্য ব্রহ্মভাব উপদিশ্যতে। 'তত্ত্বমসি' ইত্যাদিবদিতি ন ব্রহ্মপ্রকরণত্বং বিরুধ্যতে। ন চাস্মাভিঃ স্বপ্নেঽপি প্রাজ্ঞ-ব্যাপারঃ প্রতিষিধ্যতে। তস্য সর্ব্বেশ্বরত্বাৎ সর্ব্বাস্বপ্যবস্থাস্ব-ধিষ্ঠাতৃত্বোপপত্তেঃ। পারমার্থিকস্তু নায়ং সন্ধ্যাশ্রয়ঃ সর্গো বিয়দাদিসর্গবদিত্যেতাবৎ প্রতিপাদ্যতে। ন চ বিয়দাদি-সর্গস্যাপ্যাত্যন্তিকং সত্যত্বমস্তি। প্রতিপাদিতং হি 'তদনন্যত্ব-

---

বিরুধ্যমানং নাত্মানং লভত ইতি ভাবঃ। বন্ধমোক্ষয়োরান্তরালিকং তৃতীয়-মৈশ্বর্য্যমিতি।

ধ্যতে] বলিয়াছিলে যে, স্বাপ্ন পদার্থের নির্ম্মাণ-কর্ত্তা প্রাজ্ঞ আত্মা, তাহা সাধু নহে। কেন-না, অন্য শ্রুতিতে শুনা যায়, তাহা জীবেরই ব্যাপার-বিশেষ। যথা—"জীব বিহত করিয়া অর্থাৎ জাগ্রদ্দেহ নিশ্চেষ্ট করিয়া নিজ বাসনার দ্বারা বাসনাময় দেহ নির্ম্মাণ করতঃ স্বীয় বা স্বাশ্রিত বুদ্ধি বৃত্তির (বুদ্ধিবৃত্তি=বুদ্ধির এক প্রকার অবস্থা)ও স্বরূপ চৈতন্যের দ্বারা স্বপ্নানুভব করেন।" কঠ শ্রুতিতেও "ইন্দ্রিয়গণ সুপ্ত হইলে এই যে ইনি জাগ্রৎ থাকেন" এতদভিধেয় প্রসিদ্ধ জীবাত্মার অনুবাদে জীবেরই কাম্য স্রষ্টৃত্ব অর্থাৎ স্বাপ্নপদার্থের নির্ম্মাতৃত্ব কথিত হইয়াছে। পরে "তিনিই শুদ্ধ ও ব্রহ্ম" এই শেষবাক্যে জীবের জীবত্ব নিষেধ পূর্ব্বক ব্রহ্মত্বের উপদেশ হইয়াছে। "তত্ত্বমসি" ইত্যাদি স্থলে যেমন প্রসিদ্ধ জীবানুবাদের পর জীব-ভাব নিষেধ ও তাহার ব্রহ্মভাবের উপদেশ হইয়াছে, প্রদর্শিত স্থলেও সেই-রূপ জানিবে এবং তাহাতেই ব্রহ্মপ্রকরণের বিরোধ বা বাধ হয় না। [ন চাস্মাভিঃ···মুদিতম্] স্বপ্নে প্রাজ্ঞ আত্মার কোনও ব্যাপার নাই, এমন কথা আমরাও বলি না। তিনি সর্ব্বেশ্বর। সকল সময়ে ও সকল অব-স্থায় তাঁহার অধিষ্ঠাতৃত্ব আছে। স্বপ্নাশ্রিত সৃষ্টি আকাশাদি সৃষ্টির ন্যায় পারমার্থিক অর্থাৎ সত্য নহে; এই মাত্র অভিপ্রেত বা প্রতিপাদ্য।

মারম্ভণশব্দাদিভ্যঃ' ইত্যত্র সমস্তস্য প্রপঞ্চস্য মায়ামাত্রত্বম্‌। প্রাক্‌ চ ব্রহ্মাত্মদর্শনাৎ বিয়দাদিপ্রপঞ্চো ব্যবস্থিতরূপো ভবতি সন্ধ্যাশ্রয়স্তু প্রপঞ্চঃ প্রতিদিনং বাধ্যত ইত্যতো বৈশেষিকমিদং সন্ধ্যস্য মায়ামাত্রত্বমুদিতম্‌ ॥ ৪ ॥

পরাভিধ্যানাত্তু তিরোহিতং ততো
হ্যস্য বন্ধবিপর্য্যয়ৌ ॥ ৫ ॥*

অথাপি স্যাৎ পরস্যৈব তাবদাত্মনোঽংশো জীবোঽগ্নেরিব বিস্ফুলিঙ্গঃ, তত্রৈবং সতি যথাগ্নিস্ফুলিঙ্গয়োঃ সমানে দহনপ্রকাশনশক্তী ভবত এবং জীবেশ্বরয়োরপি জ্ঞানৈশ্বর্য্যশক্তী। ততশ্চ জীবস্যৈশ্বর্য্যবশাৎ সাঙ্কল্পিকী স্বপ্নে রথাদিসৃষ্টির্ভবিষ্য-

---

'পরাভিধ্যানাত্তু তিরোহিতং ততো হ্যস্য বন্ধবিপর্য্যয়ৌ' 'দেহযোগাদ্বা সোঽপী'তি সূত্রদ্বয়ং কৃতোপপাদনমস্মাভিঃ প্রথমসূত্রে। নিগদব্যাখ্যাতং চৈতয়োর্ভাষ্যমিতি।

পূর্ব্বং ক্লৃপ্তসামগ্র্যভাবাৎ স্বপ্নো মায়েত্যুক্তং তচ্চাযুক্তং সংকল্পমাত্রেণাপি

আকাশাদি সৃষ্টিরও আত্যন্তিক সত্যতা নাই। সমুদায় প্রপঞ্চ মায়িক, মিথ্যা, এ সকল "তদনন্যত্বং" সূত্রে প্রতিপাদিত হইয়াছে, দেখান হইয়াছে। যাবৎ না ব্রহ্মাত্মসাক্ষাৎকার হয় তাবৎ আকাশাদি প্রপঞ্চ যথাবস্থিতরূপে থাকে; কিন্তু স্বপ্নাশ্রিত প্রপঞ্চ প্রতিদিনই বাধিত (অন্যথা), এইমাত্র বিশেষ বা প্রভেদ।

বিস্ফুলিঙ্গ যেমন অগ্নির অংশ, জীব তেমনি পরমেশ্বরের অংশ। যেমন দাহ-প্রকাশ-শক্তি উভয়েরই সমান, তেমনি জ্ঞানৈশ্বর্য্যশক্তিও জীবেশ্বরের সমান। জীব যখন ঈশ্বরাংশ ও ঐশ্বর্য্য-বিশিষ্ট, তখন এরূপ হইতেও পারে যে,

---

* ঈশ্বরাংশো জীবস্ততশ্চ তয়োর্জ্ঞানৈশ্বর্য্যে সমানে ইতি মত্বাহ পূর্ব্বপক্ষী পরেতি। তৎসমাধানমাহ—তিরোহিতমিতি। তুঃ পরাভিমতপক্ষব্যাবৃত্ত্যর্থঃ। পরাভিধ্যানাৎ পরমেশ্বরসঙ্কল্পাৎ সা সত্যেতিপক্ষো ন সাধীয়ানিত্যর্থঃ। যদ্যপি জীবস্যেশ্বরসমানধর্ম্মত্বমস্তি তথাপি তৎ তিরোহিতমাবৃতমেবাস্ত্যবিদ্যয়া। ততস্তস্মাদেব নিমিত্তাদীশ্বররূপাদস্য জীবস্য বন্ধবিপর্য্যয়ৌ বন্ধমোক্ষৌ ভবতঃ।—জীবই পরমাত্মা, পরমেশ্বর, তাঁহার সঙ্কল্পে, সত্য সৃষ্টি না হইবে কেন? এ আশঙ্কা করিতে পার না। কেন-না, জীব ঈশ্বর হইলেও জীবের ঐশ্বর্য্য-শক্তি অবিদ্যার দ্বারা তিরোহিত আছে এবং বন্ধন ও মোক্ষ উভয়ই ঈশ্বরনিমিত্তক। ভাষ্য ব্যাখ্যায় বিশদার্থ বলা হইয়াছে।

তীতি। অত্রোচ্যতে। সত্যপি জীবেশ্বরয়োরংশাংশীভাবে প্রত্যক্ষমেব জীবেশ্বরবিপরীতধর্ম্মত্বং। কিং পুনর্জ্জীবস্যেশ্বর-সমানধর্ম্মত্বং নাস্ত্যেব ন নাস্তীতি। বিদ্যমানমপি তু তৎ তিরোহিতং অবিদ্যাব্যবধানাৎ। তৎপুনস্তিরোহিতং সৎ পরমেশ্বরমভিধ্যায়তো যতমানস্য জন্তোর্ব্বিধূতধ্বান্তস্য তিমিরতিরস্কৃতস্যেব দৃক্‌শক্তিরৌষধবীর্য্যাদীশ্বরপ্রসাদাৎ সংসিদ্ধস্য কস্যচিদেবাবির্ভবতি ন স্বভাবত এব সর্ব্বেষাং জন্তূনাম্।

সত্যসৃষ্টিসম্ভবাৎ ইতি শঙ্কাং কৃত্বা পরিহরন্ সূত্রং ব্যাচষ্টে—অথাপি স্যাদিত্যাদিনা। সত্যসঙ্কল্পস্য হি সঙ্কল্পাৎ সৃষ্টিঃ সত্যা ভবতি জীবস্য ত্বসত্যসঙ্কল্পত্বং প্রত্যক্ষমিতি পরিহারার্থঃ। তর্হি বিরুদ্ধধর্ম্মবত্ত্বাজ্জীবস্যেশ্বরত্বং নাস্ত্যেবেতি শঙ্কতে—কিমিতি। নাস্তীতি ন কিন্ত্বাবৃতমস্তি, তৎপুনরীশ্বরপ্রসাদাৎ কস্যচিৎ ব্যজ্যত ইত্যাহ—ন নাস্তীতি। বিধূতধ্বান্তস্য নিষ্পাপস্য সংসিদ্ধস্যাণিমাদি-বিশিষ্টস্যেত্যর্থঃ। ব্রহ্মৈবাহমিতি দেবং জ্ঞাত্বা সাক্ষাৎকৃত্য সর্ব্বপাশানামবিদ্যা-দিক্লেশানামপহানিরপক্ষয়স্তদ্ভুয়ো ভবতি। ক্ষীণৈশ্চ ক্লেশৈস্তৎকার্য্যজন্মমরণা-ত্মকবন্ধধ্বংস ইতি নির্গুণবিদ্যাফলমুক্তং সগুণবিদ্যাফলমাহ। তস্যেতি। পরস্যাভিমুখ্যেনাহংগ্রহেণ ধ্যানাদ্বন্ধমোক্ষাপেক্ষয়া মন্ত্রোক্তহানিদ্বয়াপেক্ষয়া বা তৃতীয়ং বিশ্বৈশ্বর্য্যমণিমাদিরূপং মর্ত্ত্যদেহপাতে সতি সিদ্ধদেহে ভবতি তদ্ভোগা-

---

ঐশ্বর্য্যবলে জীবের সৃষ্টি-সঙ্কল্প হয়, সেই সঙ্কল্পে সত্য স্বপ্ন রথাদির সৃষ্টি হয়। (ফলিতার্থ—সত্যসঙ্কল্প পরমেশ্বরের সঙ্কল্পে সত্য সৃষ্টির সম্ভব আছে)। [অত্রোচ্যতে···জন্তূনাম্] এই আপত্তির প্রত্যাপত্তিতে বলা যায়, অংশাংশি-ভাব থাকিলেও জীবেশ্বরের বিরুদ্ধধর্ম্মবত্তা প্রত্যক্ষ। জীব অসত্যসঙ্কল্প, কিন্তু ঈশ্বর সত্যসঙ্কল্প, ইত্যাদি। তবে কি জীবের ঈশ্বরত্ব নাই? নাই বলা যায় না। আছে, কিন্তু তাহা অবিদ্যার দ্বারা তিরোহিত অর্থাৎ আচ্ছাদিত (প্রতিবদ্ধ বা অনভিব্যক্ত) আছে। আবরণ-বিধ্বস্ত হইলেই তাহা অভিব্যক্ত বা প্রকাশ প্রাপ্ত (কার্য্যক্ষম) হয়। যে জীব পরমেশ্বরের অহং-গ্রহ উপাসনায় রত থাকে, নিষ্পাপ, যতমান অর্থাৎ বৈরাগ্যবিশিষ্ট, ঈশ্বর প্রসাদে সেই জীবেরই অবিদ্যাবরণ তিরোহিত হয়, তখন তাহার স্বতঃসিদ্ধ জ্ঞানৈশ্বর্য্যশক্তি যথাবৎ আবির্ভূত হয়। যেমন তিমিরযোগে দৃক্‌শক্তি তিরোহিত থাকে, পরে ঔষধ সেবায় তিমির বিনষ্ট হয়, তখন পূর্ব্ববৎ দৃক্‌শক্তির আবির্ভাব হয়, সেইরূপ। অতএব, থাকিলেও স্বভাবতঃই

কুতঃ। ততো হি ঈশ্বরাদ্ধেতোরস্য জীবস্য বন্ধমোক্ষৌ ভবতঃ। ঈশ্বরস্য স্বরূপাপরিজ্ঞানাদ্বন্ধস্তৎস্বরূপপরিজ্ঞানাত্তু মোক্ষঃ। তথা চ শ্রুতিঃ 'জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ ক্ষীণৈঃ ক্লেশৈর্জ্জন্মমৃত্যুপহানিঃ। তস্যাভিধ্যানাৎ তৃতীয়ং দেহভেদে বিশ্বৈশ্বর্য্যং কেবল আপ্তকামঃ' ইত্যেবমাদ্যা ॥ ৫ ॥

দেহযোগাদ্বা সোঽপি ॥ ৬ ॥*

কস্মাৎ পুনর্জ্জীবঃ পরমাত্মাংশ এব সংস্তিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্যো ভবতি যুক্তন্তু জ্ঞানৈশ্বর্য্যয়োরতিরস্কৃতত্বং বিস্ফুলিঙ্গ-

নন্তরমাত্মজ্ঞানাৎ কেবলোদ্বৈতশূন্য আপ্তকামঃ প্রাপ্তস্বয়ংজ্যোতিরানন্দো ভবতীতি ক্রমমুক্তিরিত্যর্থঃ। ইতি রত্নপ্রভা।

উক্তৈশ্বর্য্যতিরোভাবে দেহাভিমানো হেতুরিতি কথনার্থং সূত্রং, তন্নিরস্তা-

যে সর্ব্ব জীবের জ্ঞানৈশ্বর্য্য প্রকট প্রাপ্ত থাকে, তাহা থাকে না। [কুতস্ততো...মাদ্যা] সেই কারণেই ঈশ্বর নিমিত্তক বদ্ধভাব ও মুক্তভাব। ঈশ্বর স্বরূপতঃ অজ্ঞাত থাকায় বন্ধ, পরিজ্ঞাত হইলে মোক্ষ। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"সেই দেবকে অহংজ্ঞানে জানিলে সমুদায় পাশের অর্থাৎ বন্ধন রজ্জুর (অবিদ্যাদি ক্লেশ-পঞ্চকের) বিনাশ হয়, ক্লেশ সকল ক্ষয় প্রাপ্ত হইলে তজ্জনিত জন্মমৃত্যুরূপ বন্ধনও প্রকৃষ্টরূপে বিনষ্ট হয়।" তাঁহার অভিধ্যানে মর্ত্ত্যদেহ পাত ও সিদ্ধদেহ লাভ হইলে (অহংগ্রহ উপাসনায়) বন্ধ-মোক্ষ অপেক্ষা তৃতীয় অণিমাদিরূপ অষ্টৈশ্বর্য্য (অণিমা ও লঘিমা প্রভৃতি ৮ প্রকার শক্তি) লাভ হয়, তৎপরে (ভোগান্তে) সে কেবল অর্থাৎ দ্বৈতরহিত ও আপ্তকাম (প্রাপ্ত স্বাত্মানন্দ) হয়। (এই শেষার্দ্ধে সগুণ-জ্ঞানের ক্রমমুক্তিফল বলা হইল এবং পূর্ব্বার্দ্ধে নির্গুণজ্ঞানের মোক্ষফল বলা হইয়াছে, ইহা স্মরণ করিতে হইবেক)।

জীব পরমাত্মাংশ, অথচ তাঁহার জ্ঞানৈশ্বর্য্য লুপ্ত, ইহার কারণ কি? যেমন বিস্ফুলিঙ্গের দাহ-প্রকাশ-শক্তি অতিরস্কৃত থাকে, তেমনি, জীবেরও জ্ঞানৈশ্বর্য্য অতিরস্কৃত থাকা উচিত। ইহার প্রত্যুত্তর এই যে, তাহা

* কিঞ্চ সঃ জ্ঞানৈশ্বর্য্যতিরোভাবঃ দেহযোগাৎ. দেহাদিসম্পর্কাৎ ভবতীতি শেষঃ।—জীব ঈশ্বর সত্য; কিন্তু দেহ ও ইন্দ্রিয় প্রভৃতির সহিত যোগ অর্থাৎ সম্বন্ধ ঘটনা হওয়ায় তাঁহার জ্ঞান ও ঐশ্বর্য্য অভিভূত হইয়া আছে।

স্যেব দহনপ্রকাশয়োঃ। অত্রোচ্যতে। সত্যমেবৈতৎ। সোঽপি তু জীবস্য জ্ঞানৈশ্বর্য্যতিরোভাবো দেহযোগাদ্দেহেন্দ্রিয়মনোবুদ্ধিবিষয়বেদনাদিযোগাদ্ভবতি। অস্তি চাত্রোপমা যথাগ্নের্দ্দহনপ্রকাশনসম্পন্নস্যাপ্যরণিগতস্য দহনপ্রকাশনে তিরোভবতঃ। যথা বা ভস্মনাচ্ছন্নস্য। এবমবিদ্যাপ্রত্যুপস্থাপিতনামরূপকৃতদেহাদ্যুপাধিযোগাৎ তদবিবেকভ্রমকৃতো জীবস্য জ্ঞানৈশ্বর্য্যতিরোভাবঃ। বাশব্দো জীবেশ্বরয়োরন্যত্বাশঙ্কাব্যাবৃত্ত্যর্থঃ। নন্বন্য এব জীব ঈশ্বরাদস্তু তিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্যত্বাৎ কিং দেহযোগকল্পনয়া। নেত্যুচ্যতে। ন হ্যন্যত্বং জীবস্যেশ্বরাদু-

---

শঙ্কামাহ কস্মাদিতি। সত্যাবরণং নাস্তীত্যঙ্গীকৃত্য কল্পিতাবরণং সাধয়তি—অত্রোচ্যত ইত্যাদিনা। জীবস্যেশ্বরত্বমঙ্গীকৃত্যাবরণকল্পনাৎ পরমন্যত্বকল্পনেত্যাশঙ্কামুদ্ভাব্য শ্রুত্যা নিরস্যতি—নন্বিত্যাদিনা। স্বপ্নেঽপ্যালোকাদেঃ স্বপ্নত্বে

সত্য বটে; কিন্তু দেহসম্বন্ধ থাকায়—দেহ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি, বিষয়ানুভব,—এই সকল থাকায়—তাঁহার (জীবের) জ্ঞানৈশ্বর্য্য তিরোভূত আছে। [অস্তি···ভাবঃ] ইহার দৃষ্টান্তও আছে। যদ্রূপ দাহ-শক্তি ও প্রকাশশক্তি থাকিলেও কাষ্ঠান্তর্গত বহ্নির ও ভস্মাচ্ছন্ন বহ্নির তাহা তিরোভূত থাকে, তদ্রূপ, জীবেরও অবিদ্যাজনিতনামরূপকৃতদেহাদি-সম্পর্কে জ্ঞানৈশ্বর্য্য তিরোভূত (বিলুপ্ত) হয়। [বা···বৃত্ত্যর্থঃ] জীব ও ঈশ্বর অত্যন্ত ভিন্ন, এ আশঙ্কা নিবারণার্থ সূত্রে বা শব্দ প্রযুক্ত হইয়াছে। [নন্বন্য···ঘটতে] যদি বল, জীব ঈশ্বর হইতে অত্যন্ত ভিন্ন, তাহাতেই জীবের জ্ঞানৈশ্বর্য্য অল্প, দেহ-সম্পর্কে জ্ঞানৈশ্বর্য্যের তিরোভাব, এ কল্পনার প্রয়োজন কি? প্রয়োজন আছে। জীবকে ঈশ্বর হইতে অত্যন্ত ভিন্ন বলিবার বাধা আছে। জীবের আত্যন্তিক ঈশ্বরভিন্নতা উপপন্ন হয় না। কেন? তাহা বলিতেছি। "সেই এই দেবতা আলোচনা করিলেন।" এই উপক্রমের পর বলা হইয়াছে, "জীবরূপী আত্মা হইয়া অনুপ্রবেশ পূর্ব্বক—"। এই শ্রুতি আত্মশব্দের দ্বারা জীবের অনুসন্ধান (উল্লেখ) করিয়াছেন। (ইহাতেও স্থির হইতেছে যে, পরামাত্মাই জীবরূপে দেহাদিতে অনুপ্রবিষ্ট আছেন)। এতদ্ভিন্ন অন্য শ্রুতিও আছে। যথা—"হে শ্বেতকেতো! সে-ই সত্য, তিনিই আত্মা, তিনিই তুমি।" এ শ্রুতিও জীবের উদ্দেশ করিয়া তাহারই

পপদ্যতে। 'সেয়ং দেবতৈক্ষত' ইত্যুপক্রম্য 'অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য' ইত্যাত্মশব্দেন জীবস্য পরামর্শাৎ। 'তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো' ইতি চ জীবায়োপদিশতীশ্বরাত্মত্বম্। অতোঽনন্য এবেশ্বরাৎ জীবঃ সন্ দেহযোগাৎ তিরোহিতজ্ঞানৈশ্বর্য্যো ভবতি। অতশ্চ ন সাঙ্কল্পিকী জীবস্য স্বপ্নে রথাদিসৃষ্টিসিদ্ধির্ঘটতে। যদি চ সাঙ্কল্পিকী স্বপ্নে সৃষ্টিসিদ্ধিঃ স্যাৎ নৈবানিষ্টং কশ্চিৎ স্বপ্নং পশ্যেৎ। ন হি কশ্চিদনিষ্টং সঙ্কল্পয়তে। যৎপুনরুক্তং জাগরিতদেশশ্রুতিঃ স্বপ্নস্য সত্যত্বং খ্যাপয়তীতি ন তৎ সাম্যবচনং সত্যত্বাভিপ্রায়ং স্বয়ংজ্যোতিষ্ট্ববিরোধাৎ। শ্রুত্যৈব চ স্বপ্নে রথাদ্যভাবস্য দর্শিতত্বাৎ। জাগরিতপ্রভববাসনা নিমিত্তত্বাত্তু স্বপ্নস্য তত্তুল্যনির্ভাসত্বাভিপ্রায়ং তৎ। তস্মাদুপপন্নং স্বপ্নস্য মায়ামাত্রত্বম্ ॥ ৬ ॥

জাগ্রতীবাত্মনঃ স্বপ্রকাশত্বমস্ফুটং স্যাৎ প্রাতিভাসিকত্বে ত্বালোকেন্দ্রিয়দ্যসত্ত্বেঽপ্যর্থাপরোক্ষ্যমাত্মজ্যোতিষ এবেতি স্ফুট সিধ্যতি। তস্মাদ্দেশাদিসাম্যবচনং স্বপ্নস্য জাগ্রত্তুল্যভানাভিপ্রায়মিত্যর্থঃ। ইতি রত্নপ্রভা।

ঈশ্বরাত্মতা উপদেশ করিয়াছেন অর্থাৎ জীবেশ্বরের অভেদ বর্ণন করিয়াছেন। এই জন্যই বলিতে হয়, মানিতে হয়, জীব ঈশ্বর হইতে অভিন্ন হইলেও, ভিন্ন না হইলেও, দেহযোগ হওয়ায় বিলুপ্তজ্ঞানৈশ্বর্য্য হইয়াছেন। যেহেতু জীব তিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্য—সেই হেতু তিনি স্বপ্নে সংকল্পের দ্বারা সত্য রথাদি সৃজন করিতে পারেন না। [যদি চ··· মাত্রত্বম্] স্বাপ্নিক সৃষ্টি সঙ্কল্পপূর্ব্বিকা হইলে কোনও ব্যক্তি অনিষ্ট স্বপ্ন সন্দর্শন করিত না। কে আপনার অনিষ্ট সঙ্কল্প করে? বলিয়াছিলে যে, জাগরিত-দেশ-শ্রুতি অর্থাৎ জাগ্রতের সমান স্বপ্ন, এই উক্তি স্বপ্নের সত্যতা স্থাপন করিবে, বস্তুতঃ তাহা করিবে না। সত্যতা অভিপ্রায়ে ঐ সাম্য অভিহিত হয় নাই। স্বপ্ন জাগ্রৎবাসনা(সংস্কার)প্রভব। সেই কারণে স্বপ্নকে জাগ্রত্তুল্য বলা হইয়াছে। অন্যথা আত্মার স্বয়ম্প্রকাশতার ব্যাঘাত ও শ্রুতিকর্ত্তৃক স্বাপ্নরথাদির মিথ্যাত্ব কথন বাধিত হইবেক। উপসংহার এই যে, প্রদর্শিত কারণে স্বপ্ন মায়াময়, সত্য নহে।

তদভাবোনাড়ীষু তচ্ছ্রুতেরাত্মনি চ ॥ ৭ ॥*

স্বপ্নাবস্থা পরিক্ষিতা। সুষুপ্তাবস্থেদানীং পরীক্ষ্যতে। তত্রৈতাঃ সুষুপ্তবিষয়াঃ শ্রুতয়ো ভবন্তি। ক্বচিৎ শ্রূয়তে 'তদ্ যত্রৈতৎ সুপ্তঃ সমস্তঃ সম্প্রসন্নঃ স্বপ্নং ন বিজানাতি আসু তদা নাড়ীষু সৃপ্তো ভবতি' ইতি। অন্যত্র তু নাড়ীরেবানুক্রম্য শ্রূয়তে 'তাভিঃ প্রত্যবসৃপ্য পুরীততি শেতে' ইতি। তথান্যত্রাপি নাড়ীরেবানুক্রম্য 'তাসু তদা ভবতি যদা সুপ্তঃ স্বপ্নং ন কঞ্চন পশ্যতি। অথাস্মিন্ প্রাণ এবৈকধা ভবতি' ইতি।

ইহ হি নাড়ীপুরীতৎপরমাত্মানোজীবস্য সুষুপ্তাবস্থায়াং স্থানত্বেন শ্রূয়ন্তে। তত্র কিমেষাং স্থানানাং বিকল্প আহোস্বিৎ সমুচ্চয়ঃ। কিমতো, যদ্যেবং এতদতোভবতি। যদা নাড়্যো বা পুরীতদ্বা সুষুপ্তস্থানং তদা বিপরীতগ্রহণ-নিবৃত্তাবপি ন জীবস্য পরমাত্মভাব ইতি। অবিদ্যানিবৃত্তাবপি জীবস্য পর-মাত্মভাবায় কারণান্তরমপেক্ষিতব্যম্। তচ্চ কর্ম্মৈব ন তু তত্ত্বজ্ঞানং বিপরীত-জ্ঞাননিবৃত্তিমাত্রেণ তস্যোপযোগাৎ। বিপরীতজ্ঞাননিবৃত্তেশ্চ বিনাপি তত্ত্বজ্ঞানং সুষুপ্তাবপি সম্ভবাৎ। ততশ্চ কর্ম্মণৈবাপবর্গো ন জ্ঞানেন। যথাহুঃ —কর্ম্মণৈব

স্বপ্নাবস্থা বিচারিত হইল, এক্ষণে সুষুপ্ত্যবস্থা বিচারিত হইবে। সুষুপ্তি-বিষয়ে এই সকল শ্রুতি আছে। এক স্থানে শুনা যায়, "যে প্রকারে সুপ্ত হয় সে প্রকার এই—জীব যখন সুপ্ত হয়, সমস্ত অর্থাৎ বাহ্য করণ নির্ব্ব্যা-পার হয়, সম্প্রসন্ন অর্থাৎ মানোলয় হেতু প্রসন্ন (শান্ত শিব ও অদ্বৈত-প্রায়) হয়, জীব তখন, নাড়ীস্থানগত থাকেন।" অন্য স্থানেও নাড়ী অনু-ক্রমের পর অভিহিত হইয়াছে, "সেই সকল নাড়ীর দ্বারা প্রত্যবসর্পণ পূর্ব্বক পুরীতৎ নাম্নী নাড়ীতে শয়ন করেন।" অন্য শ্রুতিতেও নাড়ী উল্লেখের পর কথিত হইয়াছে—"যখন সুপ্ত হন, কোনও প্রকার স্বপ্নসন্দর্শন করেন না, তখন, অভিহিত নাড়ীস্থানে থাকেন। অনন্তর প্রাণের সহিত একত্ব প্রাপ্ত হন।" আবার শ্রুত্যন্তরে এইরূপ শুনা যায়—"এই.যে হৃদয়ান্তরস্থ

---

* তদভাবঃ স্বপ্নদর্শনাভাবঃ সুষুপ্তমিতি যাবৎ। স চ নাড়ীষ্বাত্মনি চেতি ভবতীতি শেষঃ। কুতঃ? তচ্ছ্রুতেঃ। শ্রুতৌ সুষুপ্তস্য তথাবিধত্বমুচ্যত ইত্যর্থঃ। অনেন নাড্যাদীনাং সমুচ্চয় উক্তঃ।—জীব নাড়ী সম্বন্ধ দ্বারা আত্মাতে (আপন স্বরূপে) সুপ্ত হয়, ইহা শ্রুতির দ্বারা জানা যাইতেছে।

তথান্যত্রাপি 'য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিন্ শেতে' ইতি। তথান্যত্র 'সতা সোম্য তদা সম্পন্নো ভবতি স্বমপীতো ভবতি' ইতি। তথা 'প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্' ইতি চ। তত্র সংশয়ঃ। কিমেতানি নাড়্যাদীনি পরস্পরনিরপেক্ষতয়া ভিন্নানি সুপ্তিস্থানানি আহোস্বিৎ পরস্পরাপেক্ষতয়ৈকং সুপ্তিস্থানমিতি। কিন্তাবৎ প্রাপ্তম্। ভিন্নানীতি। কুতঃ। একার্থত্বাৎ। ন হ্যেকার্থানাং ক্বচিৎ পরস্পরাপেক্ষত্বং দৃশ্যতে ব্রীহিযবাদীনাম্। নাড়্যাদীনাঞ্চৈকার্থতা সুষুপ্তৌ দৃশ্যতে 'নাড়ীষু সৃপ্তো ভবতি পুরীততি শেতে' ইতি চ তত্র তত্র সপ্তমীনির্দ্দেশস্য তুল্যত্বাৎ।

তু সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ। ইতি। অথ তু পরমাত্মৈব নাড়ী পুরীতৎ সৃপ্তিদ্বারা সুষুপ্তিস্থানং ততোবিপরীতজ্ঞাননিবৃত্তেরস্তি মাত্রয়া পরমাত্মভাবোপযোগঃ। তয়া হি তাবদেষ জীবস্তদবস্থানোভবতি কেবলম্। তত্ত্বজ্ঞানাভাবেন সমূলকাষমবিদ্যায়া অকাষাৎ জাগ্রৎস্বপ্নলক্ষণং জীবস্য ব্যুত্থানং ভবতি। তস্মাৎ প্রয়োজনবত্যেষা বিচারেণেতি। কিং তাবৎ প্রাপ্তম্। নাড়ীপুরীতৎপরমাত্মসু স্থানেষু সুষুপ্তস্য জীবস্য নিলয়নং প্রতি বিকল্পঃ। যথা বহুষু প্রাসাদেষ্বেকো নরেন্দ্রঃ কদাচিৎ ক্বচিন্নিলীয়তে কদাচিৎ ক্বচিদন্যত্র, এবমেকোজীবঃ কদাচিন্নাড়ীষু কদাচিৎ পুরীততি কদাচিদ্‌ব্রহ্মণীতি। যথা নিরপেক্ষা ব্রীহিযবা ক্রতুসাধনীভূতপুরোডাশপ্রকৃতিতয়া শ্রুতা একার্থা বিকল্প্যন্ত এবং সপ্তমীশ্রুত্যা

আকাশ (ব্রহ্ম), এই আকাশে শয়ন করেন।" আবার অন্য শ্রুতিতে অন্য প্রকার শুনাও যায়। যথা—"হে সৌম্য শ্বেতকেতো! সেই সময়ে সৎসম্পন্ন (ব্রহ্মসম্পন্ন) হয়।" "সেই সময়ে প্রাজ্ঞ আত্মায় সম্যক্ পরিষ্বক্ত (একত্বপ্রাপ্ত) হওয়ায় বাহ্য ও আন্তর জানিতে পারে না—বিভেদজ্ঞান থাকে না।" [তত্র…তুল্যত্বাৎ] এই সকল শ্রুতির তাৎপর্য্যার্থে সংশয় এই যে, শ্রুত্যুক্ত নাড়ী, পুরীতৎ ও ব্রহ্ম—এগুলি কি পরস্পর নিরপেক্ষরূপে বা পৃথক্ পৃথক্ সুপ্তিস্থান? অর্থাৎ কখন নাড়ীতে, কখন পুরীততে ও কখন ব্রহ্মে শয়ন করেন? অথবা পরস্পরাপেক্ষরূপে একই সুপ্তিস্থান? (ভাবার্থ এই যে, জীব কি ঐ সকল পৃথক্ পৃথক্ স্থানে বিকল্পে সুপ্ত হন? অথবা নাড়ীপথে পুরীতৎ গমন করতঃ ব্রহ্মে শয়ান হন?) পূর্ব্বপক্ষে

নন্বু নৈবং সতি সপ্তমীনির্দ্দেশো দৃশ্যতে 'সতা সোম্য তদা সম্পন্নো ভবতি' ইতি। নৈষ দোষঃ। তত্রাপি সপ্তম্যর্থস্য গম্যমানত্বাৎ। বাক্যশেষে হি তত্রায়তনৈষী জীবঃ সদুপসর্পতি, ইত্যাহ। 'অন্যত্রায়তনমলব্ধ্বা প্রাণমেবোপশ্রয়তে' ইতি প্রাণশব্দেন তত্র প্রকৃতস্য সত উপাদানাৎ। আয়তনঞ্চ সপ্তম্যর্থঃ। সপ্তমীনির্দ্দেশোঽপি তত্র বাক্যশেষে দৃশ্যতে 'সতি সম্পদ্য ন বিদুঃ সতি সম্পদ্যামহে' ইতি। সর্ব্বত্র চ

বায়তনশ্রুত্যা বৈকনিলয়নার্থাঃ পরস্পরানপেক্ষা নাড্যাদয়োঽপি বিকল্পমর্হন্তি। যত্রাপি নাড়ীভিঃ প্রত্যবসৃপ্য পুরীততি শেত ইতি নাড়ীপুরীততোঃ সমুচ্চয়শ্রবণং তথা তাসু তদা ভবতি যদা সুপ্তঃ স্বপ্নং ন কঞ্চন পশ্যতি, অথাস্মিন্ প্রাণ এবৈকধা ভবতীতি নাড়ীব্রহ্মণোরাধারয়োঃ সমুচ্চয়শ্রবণং প্রাণশব্দঞ্চ ব্রহ্ম অথাস্মিন্ প্রাণে ব্রহ্মণি স জীব একধা ভবতীতি বচনাৎ তথাপ্যাসু তদা নাড়ীষু সৃপ্তো ভবতীতি চ পুরীততি শেত ইতি চ নিরপেক্ষয়োর্নাড়ীপুরীততো-

---

পাওয়া যায়, ঐ সকল সুপ্তিস্থান পরস্পর নিরপেক্ষ অর্থাৎ স্বাধীন বা ভিন্ন। অর্থাৎ বৈকল্পিক। ভিন্ন বা বৈকল্পিক হইলে ঐ সকলের একার্থতা স্থির থাকিতে পারে। যে সকল পদার্থ একার্থ—এক প্রয়োজনের নিমিত্ত কথিত—সে সকল পদার্থের পরস্পর নিরপেক্ষতা অর্থাৎ বিকল্প দৃষ্ট হয়। যেমন ব্রীহি ও যব প্রভৃতি। (পুরোডাশ প্রস্তুত করণার্থ ব্রীহিযবের উপদেশ, সে নিমিত্ত তাহাদের পরস্পরাপেক্ষতা নাই। উহারা কেহ কাহার অপেক্ষা করে না। তাহাতেই তাহাদের বিকল্প হয়। বিকল্প হয় কি না, ব্রীহির দ্বারাও হয়, যবের দ্বারাও হয়, ইহা মীমাংসকদিগের সিদ্ধান্ত।) সেইরূপ, শ্রুতিতেও নাড়ী প্রভৃতির একার্থতা দেখা যায়। নাড়ীতে গমন করেন, পুরীততে শয়ন করেন, এ সকল স্থলে তুল্যরূপে সপ্তমী বিভক্তির বিন্যাস আছে। (তাহাতে স্থির হয়, বুঝা যায়, সুপ্তিরূপ প্রয়োজনের নিমিত্ত ঐ সকল স্থান তুল্যরূপে অবস্থিত। অর্থাৎ নাড়ী গত হইলেও সুপ্তি হয়, পুরীততে শয়ন করিলেও সুপ্তি হয় এবং ব্রহ্মে একত্ব প্রাপ্ত হইলেও সুপ্তি হয়।) [নন্বু…বিশিষ্যতে] যদি বল "সতা সোম্য তদা—" এ শ্রুতিতে সপ্তমী বিভক্তি নাই, কিন্তু তৃতীয়া বিভক্তি আছে, তাহার প্রত্যুত্তরে আমরা বলি, সপ্তমী বিভক্তি না থাকিলেও দোষ হইতেছে না। কেননা,

বিশেষবিজ্ঞানোপশমলক্ষণং সুষুপ্তং ন বিশিষ্যতে। তস্মাদে-কার্থত্বান্নাড্যাদীনাং বিকল্পেন কদাচিৎ কিঞ্চিৎ স্থানং স্বাপা-য়োপসর্পতীত্যেবং প্রাপ্তে প্রতিপদ্যতে—তদভাবো নাড়ী-ষ্বাত্মনি চেতি। তদভাব ইতি তস্য প্রকৃতস্য স্বপ্নদর্শনস্যা-ভাবঃ সুষুপ্তমিত্যর্থঃ। নাড়ীষ্বাত্মনি চেতি সমুচ্চয়েনৈতানি নাড্যাদীনি স্বাপায়োপৈতি ন বিকল্পেনেত্যর্থঃ। কুতঃ। তচ্ছ্রুতেঃ। তথা হি সর্ব্বেষামেষাং নাড্যাদীনাং তত্র তত্র সুপ্তিস্থানত্বং শ্রূয়তে তচ্চ সমুচ্চয়ে সংগৃহীতং ভবতি। বিকল্পে

রাধারত্বেন নির্দ্দেশান্নিরপেক্ষয়োরেবাধারত্বম্। ইয়াংস্তু বিশেষঃ—কদাচিন্নাড্য এবাধারঃ কদাচিন্নাড়ীভিঃ সঞ্চরমাণস্য পুরীতদেব। এবং তাভিরেব সঞ্চর-মাণস্য কদাচিদ্‌ব্রহ্মৈবাধার ইতি সিদ্ধমাধারত্বে নাড়ীপুরীতৎপরমাত্মনামনপে-ক্ষত্বম্। তথা চ বিকল্পোব্রীহিযববদ্‌বৃহদ্রথন্তরবদ্বেতি প্রাপ্তম্। এবং প্রাপ্তে-ঽভিধীয়তে। জীবঃ সমুচ্চয়েনৈবৈতানি নাড্যাদীনি স্বাপায়োপৈতি ন বিক-ল্পেন। অয়মভিসন্ধিঃ—নিত্যবদাম্নাতানাং যৎ পাক্ষিকত্বং নাম তদগত্যন্তরা-ভাবে কল্প্যতে। যথাহুঃ—

ঐ তৃতীয়া সপ্তমী অর্থে ব্যবস্থাপিত। ঐ বাক্যের শেষে আছে, "জীব আয়তনান্বেষী অর্থাৎ আশ্রয়ান্বেষী হইয়া সতে (ব্রহ্মে) উপগত হয়।" "অন্য কোথাও আশ্রয় লাভ না করিয়া প্রাণে উপগত হয়।" (প্রাণ=সৎ বা ব্রহ্ম)। আয়তন বা আশ্রয় সপ্তমী বিভক্তিরই অর্থ। বাক্যশেষে স্পষ্ট সপ্তমী বিভক্তিও আছে। যথা—"সতে সম্পন্ন (একীভূত) হইয়াও তাহারা জানে না যে, আমরা সতে অর্থাৎ ব্রহ্মে সম্পন্ন (একত্ব প্রাপ্ত) হই-য়াছি।" বিশেষ বিজ্ঞানের অর্থাৎ দ্বৈতজ্ঞানের উপশম হওয়ার নাম সুপ্তি, তাহা সর্ব্বত্রই সমান। (নাড়ীস্থানে, পুরীততে ও ব্রহ্মে, সর্ব্বস্থানেই সমান, ইতর-বিশেষ নাই)। [তস্মা...স্যাৎ] ঐ সকল দেখিয়া বলা যায়, জীব সুষুপ্তির উদ্দেশে নাড়ী, পুরীতৎ ও পরমাত্মা এই তিনের বিকল্পিত বা অন্যতম স্থানে উপসর্পিত হন। এই পূর্ব্বপক্ষের উপর বলা হইয়াছে, তদভাব নাড়ীতে ও আত্মায় ঘটনা হয়। তদভাব শব্দের অর্থ স্বপ্নদর্শনের অভাব অর্থাৎ সুষুপ্তি। তাহা নাড়ী ও আত্মা উভয়সমুচ্চিত স্থানে হয়। অর্থাৎ জীব সুষুপ্তির জন্য একযোগে নাড়ী প্রভৃতিতে উপগত হন। বিকল্পে অর্থাৎ কখন নাড়ীতে ও কখন পুরীতৎ প্রভৃতিতে, এরূপে

হ্যেষাং পক্ষেঃ বাধঃ স্যাৎ। নন্বেকার্থত্বাদ্বিকল্পো নাড্যা-দীনাং ব্রীহিযবাদিবদিত্যুক্তম্। নেত্যুচ্যতে। ন হ্যেকবিভক্তি-নির্দ্দেশমাত্রেণৈকার্থত্বং বিকল্পশ্চাপততি। নানার্থত্বসমুচ্চয়-য়োরপ্যেকবিভক্তিনির্দ্দেশদর্শনাৎ। প্রাসাদে শেতে পর্য্যঙ্কে শেত ইত্যেবমাদিষু। তথেহাপি নাড়ীষু পুরীততি ব্রহ্মণি চ স্বপিতীত্যেতদুপপদ্যতে সমুচ্চয়ঃ। তথা চ শ্রুতিঃ 'তাসু তদা ভবতি যদা সুপ্তঃ স্বপ্নং ন কঞ্চন পশ্যতি অথাস্মিন্ প্রাণ

এবমেষোঽষ্টদোষোঽপি যদ্ব্রীহিযববাক্যয়োঃ।
বিকল্প আশ্রিতস্তত্র গতিরন্যা ন বিদ্যতে॥ ইতি।

প্রকৃতক্রতুসাধনীভূতপুরোডাশদ্রব্যপ্রকৃতিতয়া হি পরস্পরানপেক্ষৌ ব্রীহি-যবৌ বিহিতৌ শক্তুতশ্চৈতৌ প্রত্যেকং পুরোডাশমভিনির্ব্বর্ত্তয়িতুম্। তত্র যদি মিশ্রাভ্যাং পুরোডাশোঽভিনির্ব্বর্ত্ত্যেত পরস্পরানপেক্ষব্রীহিযববিধাতৃণী উভে অপি শাস্ত্রে বাধ্যেয়াতাম্। ন চৈতৌ প্রয়োগবচনঃ সমুচ্চেতুমর্হতি। স হি যথাবিহিতান্যঙ্গান্যভিসমীক্ষ্য প্রবর্ত্তমানো নৈতান্যন্যথয়িতুং শক্নোতি মিশ্রণে চান্যথাত্বমেতেষাম্। ন চাঙ্গানুরোধেন প্রধানাভ্যাসো গোসবে উভে কুর্য্যাদিতি-বদ্যুক্তঃ। অশ্রুতো হ্যত্র প্রধানাভ্যাসোঽঙ্গানুরোধেন চ সোঽন্যায্যঃ। ন চাঙ্গ-ভূতৈন্দ্রবায়বাদিগ্রহানুরোধেন যথা প্রধানস্য সোমযাগস্যাবৃত্তিরেবমত্রাপীতি যুক্তম্। সোমেন যজেতেতি হি তত্রাপূর্ব্বযাগবিধিঃ। তত্র চ দশমুষ্টিপরিমিতস্য সোমদ্রব্যস্য সোমমভিষুণোতি সোমমভিপ্লাবয়তীতি চ বাক্যান্তরানুলোচনয়া রসদ্বারেণ যাগসাধনীভূতস্যেন্দ্রবায়্বাদ্যুদ্দেশেন প্রাদেশমাত্রেষূর্দ্ধ্বপাত্রেষু গ্রহণানি পৃথক্ প্রকল্পনানি সংস্কারা বিধীয়ন্তে ন তু সোমযাগোদ্দেশেনেন্দ্রবায়্বাদয়োদেব-তাশ্চোদ্যন্তে যেন তাসাং যাগনিষ্পত্তিলক্ষণৈকার্থত্বেন বিকল্পঃ স্যাৎ। ন চ প্রাদেশমাত্রমেকৈকমূর্দ্ধপাত্রং দশমুষ্টিপরিমিতসোমরসগ্রহণায় কল্পতে যেন

উপগত হন না। কেন-না শ্রুতি ঐরূপ হওয়ার কথাই বলিয়াছেন। নাড়ী, পুরীতৎ ও সৎ (ব্রহ্ম) এই তিনই সুপ্তিস্থান বলিয়া শ্রুতিতে অভিহিত আছে। সে অভিধান বা সে সকল সমুচ্চয় পক্ষেই সঙ্গত, বিকল্প পক্ষে বাধিত। [নন্বেকার্থত্বাৎ...ইত্যত্র] এক প্রয়োজনে কথিত ব্রীহিযবাদির ন্যায় সুপ্তিরূপ এক প্রয়োজনে কথিত নাড্যাদির বিকল্প গ্রহণ যুক্তিযুক্ত নহে। এক বিভক্তির নির্দ্দেশ থাকিলেই যে একার্থ (একপ্রয়োজন) ও বিকল্প হয়, তাহা হয় না। নানার্থতা (অনেক প্রয়োজন বা অনেক

এবৈকধা ভবতি' ইতি সমুচ্চয়ং নাড়ীনাং প্রাণস্য চ সুষুপ্তৌ শ্রাবয়তি। একবাক্যোপাদানাৎ। প্রাণস্য চ ব্রহ্মত্বং সমধি-

তুল্যার্থতয়া গ্রহণানি বিকল্পেরন্। ন চ যাবন্মাত্রমেকমূর্দ্ধপাত্রং ব্যাপ্নোতি তাবন্মাত্রং গৃহীত্বা পরিশিষ্টং ত্যজ্যেতেতি যুজ্যতে। দশমুষ্টিপরিমিতোপাদান-স্যাদৃষ্টার্থত্বপ্রসঙ্গাৎ। এবং তদ্দৃষ্টার্থং ভবেদ্যদি তৎ সর্ব্বং যাগ উপযুজ্যেত। ন চ দৃষ্টে সম্ভবত্যদৃষ্টকল্পনা ন্যায্যা। তস্মাৎ সকলস্য সোমরসস্য যাগশেষত্বেন সংস্কারার্হত্বাদেকৈকেন চ গ্রহণেন সকলস্য সংস্কর্ত্তুমশক্যত্বাত্তদবয়বস্যৈকেন সংস্কারেঽবয়বান্তরস্য গ্রহণান্তরেণ সংস্কার ইতি কার্য্যভেদাদ্গ্রহণানি সমুচ্চীয়ে-রন্। অতএব সমুচ্চয়দর্শনং দশৈতানধ্বর্য্যুঃ প্রাতঃসবনে গ্রহান্ গৃহ্লাতীতি। সমুচ্চয়ে চ সতি ক্রমোপ্যুপপদ্যতে। আশ্বিনো দশমো গৃহ্যতে তৃতীয়ো হূয়তে। তথৈবৈন্দ্রবায়বাগ্রান্ গ্রহান্ গৃহ্লাতীতি। তেষাঞ্চ সমুচ্চয়ে সতি যাবদ্যদুদ্দেশেন গৃহীতং তাবৎ তস্যৈ দেবতায়ৈ ত্যক্তব্যমিত্যর্থাদ্যাগস্য বৃত্ত্যা ভবিতব্যম্। যদি পুনঃ পৃথক্কৃতান্যপ্যেকীকৃত্য কাঞ্চন দেবতামুদ্দিশ্য ত্যজে-রন্ পৃথক্করণানি চ দেবতোদ্দেশাশ্চাদৃষ্টার্থা ভবেয়ুঃ। ন চ দৃষ্টে সম্ভবত্যদৃষ্ট-কল্পনা ন্যায্যেত্যুক্তম্। তস্মাৎ তত্র সমুচ্চয়স্যাবশ্যম্ভাবিত্বাদ্গুণানুরোধেনাপি প্রধানাভ্যাস আস্থীয়তে। ইহ ত্বভ্যাসকল্পনায়াং প্রমাণাভাবাৎ পুরোডাশদ্রব্যস্য চানিয়মেন প্রকৃতদ্রব্যে যস্মিন্ কস্মিংশ্চিৎ প্রাপ্ত একৈকা পরস্পরানপেক্ষা ব্রীহিশ্রুতির্যবশ্রুতিশ্চ নিয়ামিকৈকার্থতয়া বিকল্পমর্হতঃ। ন তু নাড়ীপুরীতৎ পরমাত্মনামন্যোন্যানপেক্ষাণামেকনিলয়নার্থত্বসম্ভবো যেন বিকল্পোভবেৎ। ন হ্যেকবিভক্তিনির্দ্দেশমাত্রেণৈকার্থতা ভবতি সমুচ্চিতানামপ্যেকবিভক্তি-নির্দ্দেশদর্শনাৎ। পর্য্যঙ্কে শেতে প্রাসাদে শেত ইতি। তস্মাদেকবিভক্তি-নির্দ্দেশস্যানৈকান্তিকত্বাদন্যতোবিনিগমনা বক্তব্যা। সা চোক্তা ভাষ্যকৃতা

উদ্দেশ্য) ও সমুচ্চয় (যদ্দ্বারা একই কার্য্য দুএর বা ততোধিক পদার্থের যোগ) এই উভয় স্থলে এক বিভক্তির প্রয়োগ দেখা যায়। প্রাসাদে শয়ন করে ও পর্য্যঙ্কে শয়ন করে, ইত্যাদির ন্যায় (কখন প্রাসাদে, কখন পর্য্যঙ্কে, এরূপ বিকল্প নহে) নাড়ীতে পুরীততে ও ব্রহ্মে সুপ্ত হয়, এইরূপ সমুচ্চয় হওয়াই যুক্তিযুক্ত বা সঙ্গত। শ্রুতিও সুষুপ্তিতে নাড়ীর ও প্রাণের (ব্রহ্মের) সমুচ্চয় শুনাইয়াছেন। যথা—"যখন সেই নাড়ীসমূহে থাকেন তখন সুপ্ত হন, কোনও প্রকার স্বপ্ন দেখেন না। অনন্তর এই প্রাণে (পর-মাত্মায়) একীভূত হন।" এ স্থলে একবাক্যে উভয়ের গ্রহণ হওয়ায় সমুচ্চয় অর্থই প্রতীত হইতেছে। শ্রুতিস্থ প্রাণ-শব্দ যে ব্রহ্মের বোধক, তাহা

গতং 'প্রাণস্তথানুগমাদ্' ইত্যত্র। যত্রাপি নিরপেক্ষা ইব নাড়ীঃ সুপ্তিস্থানত্বেন শ্রাবয়তি 'আসু তদা নাড়ীষু সুপ্তো ভবতি' ইতি তত্রাপি প্রদেশান্তরপ্রসিদ্ধস্য ব্রহ্মণোঽপ্রতিষেধান্নাড়ীদ্বারেণ ব্রহ্মণ্যেবাবতিষ্ঠত ইতি প্রতীয়তে। ন চৈবমপি নাড়ীষু সপ্তমী বিরুধ্যতে। নাড়ীভিরপি ব্রহ্মোপসর্পন্ সুপ্ত এব নাড়ীষু ভবতি। যো হি গঙ্গয়া সাগরং গচ্ছতি গত এব স গঙ্গায়াং ভবতি। অপি চাত্র রশ্মিনাড়ীদ্বারাত্মকস্য ব্রহ্মলোকমার্গস্য বিবক্ষিতত্বান্নাড়ীস্তুত্যর্থং সুপ্তিসঙ্কীর্ত্তনম্। নাড়ীষু সুপ্তো ভবতীত্যুক্ত্বা 'অতস্তং ন কশ্চন পাপ্মা স্পৃশতি' ইতি ব্রুবন্ নাড়ীঃ প্রশংসতি। ব্রবীতি চ পাপ্মস্পর্শাভাবে হেতুং

"যত্রাপি নিরপেক্ষা ইব নাড়ীঃ সুপ্তিস্থানত্বেন শ্রাবয়তী"ত্যাদিনা। সাপেক্ষশ্রুত্যনুরোধেন নিরপেক্ষশ্রুতির্নেতব্যেত্যর্থঃ। শেষমতিরোহিতার্থম্। নমু যদি ব্রহ্মৈব নিলয়নস্থানং তাবন্মাত্রমুচ্যতাং কৃতং নাড়্যুপন্যাসেনেত্যত আহ—"অপি চাত্রেতি"। অপিচেতি সমুচ্চয়ে ন বিকল্পে। এতদুপপত্তিসহিতা

"প্রাণস্তথানুগমাৎ" সূত্রে পাওয়া গিয়াছে। [যত্রাপি…ভবতি] যে শ্রুতিতে নাড়ী নিরপেক্ষ (ভিন্ন বা স্বতন্ত্র) সুপ্তিস্থান বলিয়া প্রতীত হয় যথা—"সেই সময়ে তিনি এই সকল নাড়ীতে সুপ্ত হন অর্থাৎ সঞ্চরণ করেন" ইত্যাদি, সে সকল শ্রুতির অর্থগ্রহণকালে বুঝিতে হইবে, শ্রুত্যন্তরপ্রসিদ্ধ ব্রহ্মের নিষেধ না থাকায় জীব নাড়ী সঞ্চরণ পূর্ব্বক ব্রহ্মে গিয়া সুপ্ত হন। এরূপ অর্থ সপ্তমী বিভক্তি বিরুদ্ধ নহে। ফলিতার্থ—নাড়ীপথে ব্রহ্মে উপসর্পিত (অবস্থিত) হইয়া যেন নাড়ীতেই আছেন। যে গঙ্গা দিয়া সাগরে যায়, অবশ্যই তাহাকে গঙ্গাগত বলা যায়। [অপি চাত্র…ইত্যর্থঃ] ঐ সকল শ্রুতির এ তাৎপর্য্যও হইতে পারে যে, ব্রহ্মলোকের পথ নাড়্যাকার রশ্মি অথবা রশ্মিসম্বদ্ধ নাড়ীরূপ পথ। * সেই কারণে নাড়ীর প্রশংসার্থ ঐরূপ নাড়ী সুপ্তির কথন হইয়াছে। শ্রুতি "নাড়ীতে সুপ্ত হন" এই কথার

---

* মনুষ্যের শিরঃকপালে একটী সূক্ষ্ম ছিদ্র আছে, তাহার নাম ব্রহ্মরন্ধ্র। ঐ ব্রহ্মরন্ধ্র দিয়া সর্ব্বদাই সূক্ষ্মনাড়ীসদৃশ জ্যোতিঃ নিঃসৃত হইতেছে। সেই জ্যোতির্ম্ময় নাড়ী সূর্য্যলোক পর্য্যন্ত স্পর্শ করিতেছে (সূর্য্যকিরণস্পর্শ দ্বারা)। যোগীরা প্রাণত্যাগ পূর্ব্বক এই ব্রহ্মরন্ধ্র দিয়া নাড়ী পথে পরলোকগামী হন, হইয়া সূর্য্যাদি ক্রমে ব্রহ্মলোক গমন করেন।

'তেজসা হি তদা সম্পন্নো ভবতি' ইতি। তেজসা নাড়ীগতেন পিত্তাখ্যেনাভিব্যাপ্তকরণো ন বাহ্যান্ বিষয়ানীক্ষত ইত্যর্থঃ। অথবা তেজসা ইতি ব্রহ্মণ এবায়ং নির্দ্দেশঃ। শ্রুত্যন্তরে 'ব্রহ্মৈব তেজ এব' ইতি তেজঃশব্দস্য ব্রহ্মণি প্রযুক্তত্বাৎ। ব্রহ্মণা হি তদা সম্পন্নো ভবতি নাড়ীদ্বারেণ অতস্তং ন কশ্চন পাপ্মা স্পৃশতীত্যর্থঃ। ব্রহ্মসম্পত্তিশ্চ পাপ্মস্পর্শাভাবে হেতুঃ সমধিগতঃ। সর্ব্বে পাপ্মানোঽতো নিবর্ত্তন্তে। অপহত-

---

পূর্ব্বোপপত্তিরর্থসাধিনীতি। মার্গোপদেশোপযুক্তানাং নাড়ীনাং স্তুত্যর্থমত্র নাড়ীসঙ্কীর্ত্তনমিত্যর্থঃ। পিত্তেনাভিব্যাপ্তকরণো ন বাহ্যান্ বিষয়ান্ বেদেতি তদ্দ্বারা সুখদুঃখাভাবেন তৎকারণপাপ্মাদর্শনেন নাড়ীস্তুতিঃ। যদা তু তেজো-ব্রহ্ম তদা সুগমম্। অপি চ নাড্যঃ পুরীতদ্বা জীবস্যোপাধ্যাধার এব ভবতী-ত্যয়মর্থঃ। অভ্যুপেত্য জীবস্যাধেয়ত্বমিদমুক্তম্। পরমার্থতস্তু ন জীবস্যাধেয়-ত্বমস্তি। তথাহি—নাড্যঃ পুরীতদ্বা জীবস্যোপাধীনাং করণানামাশ্রয়ঃ। জীবস্তু ব্রহ্মাব্যতিরেকাৎ স্বমহিমপ্রতিষ্ঠঃ। ন চাপি ব্রহ্মজীবস্যাধারস্তাদাত্ম্যাদ্বিকল্প্য তু ব্যতিরেকং ব্রহ্মণ আধারত্বমুচ্যতে জীবম্প্রতি। তথা চ সুষুপ্তাবস্থায়ামুপা-ধীনামসমুদাচারাজ্জীবস্য ব্রহ্মাত্মত্বমেব ব্রহ্মাধারত্বং ন তু নাড়ীপুরীতদাধারত্বম্। তদুপাধিকরণমাত্রাধারতয়া তু সুষুপ্তদশারম্ভায় জীবস্য নাড়ীপুরীতদাধারত্বমিত্য-

---

পর "সেই কারণে কোনও পাপ তাঁহাকে স্পর্শ করে না" এইরূপ বলিয়া নাড়ীরই প্রশংসা করিয়াছেন। যে কারণে পাপস্পর্শ হয় না তাহাও বলিয়াছেন। যথা—"সেই কালে তিনি তেজঃসম্পন্ন হন।" অভিপ্রায় এই যে, নাড়ীগত পিত্তনামক তেজোদ্বারা তাহার ইন্দ্রিয় সমুদায় অভিভূত হয়, সেই কারণে সে আর বাহ্যিক বিষয় ঈক্ষণে সমর্থ থাকে না। অর্থাৎ বিশেষ বিজ্ঞান-রহিত হয়। অথবা এরূপ বলিতেও পার যে, তেজঃ শব্দে ব্রহ্ম, নাড়ী সঞ্চরণ করিতে করিতে তাঁহাতে সম্পন্ন অর্থাৎ একত্ব প্রাপ্ত হয়, সেই কারণে পাপ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। (দ্বৈত বিজ্ঞানও রহিত হয়)। তেজঃ-শব্দের ব্রহ্মার্থতা শ্রুত্যন্তর প্রসিদ্ধ। দেখ, "ব্রহ্মই তেজ।" এই শ্রুতিতে ব্রহ্মে তেজঃ-শব্দের প্রয়োগ হইয়াছে। [ব্রহ্ম···শ্রুতিভ্যঃ] পাপ স্পর্শ না হওয়ার কারণ ব্রহ্মসম্পন্ন হওয়া। ব্রহ্মপ্রাপ্ত হইলে পাপ তাহাকে স্পর্শ করে না, এ তথ্য "যেহেতু এই

পাপ্মা হ্যেষ ব্রহ্মলোকঃ' ইত্যাদিশ্রুতিভ্যঃ। এবঞ্চ সতি প্রদেশান্তরপ্রসিদ্ধেন ব্রহ্মণা সুপ্তিস্থানেনানুগতো নাড়ীনাং চয়ঃ সমাশ্রিতো ভবতি। তথা পুরীততোঽপি ব্রহ্মপ্রক্রিয়ায়াং সঙ্কীর্ত্তনাৎ তদনুগুণমেব সুপ্তিস্থানত্বং বিজ্ঞায়তে। 'য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিন্ শেতে' ইতি হৃদয়াকাশে সুপ্তিস্থানে প্রকৃতে ইদমুচ্যতে 'পুরীততি শেতে' ইতি। পুরীতদিতি হৃদয়পরিবেষ্টনমুচ্যতে, তদন্তর্ব্বর্ত্তিন্যপি হৃদয়াকাশে শয়ানঃ শক্যতে পুরীততি শেত ইতি বক্তুম্। প্রাকারপরিক্ষিপ্তেঽপি হি পুরে বর্ত্তমানঃ প্রাকারে বর্ত্তত ইত্যুচ্যতে। হৃদয়াকাশস্য চ ব্রহ্মত্বং সমধিগতং 'দহর উত্তরেভ্যঃ' ইত্যত্র। তথা নাড়ীপুরীতৎসমুচ্চয়োঽপি 'তাভিঃ প্রত্যবসৃপ্য পুরীততি শেতে'

ব্রহ্মলোক নিষ্পাপ—সেই হেতু সমুদায় পাপ তাঁহা হইতে নিবৃত্ত হয়।" এই শ্রুতির দ্বারা জানা গিয়াছে। [এবঞ্চ…ইত্যত্র] তাহাতে সিদ্ধান্তলাভ হয় যে, প্রদেশান্তরপ্রসিদ্ধ ব্রহ্মই সুপ্তিস্থান, নাড়ীসমূহ তাহার অনুবল (দ্বারস্বরূপ) মাত্র। অপিচ, ব্রহ্মের প্রস্তাবে পুরীততের কথন থাকায় জানা যায়, পুরীতৎ সুপ্তিস্থানটী ব্রহ্মেরই অনুগুণ (ব্রহ্ম গমনের উপায়)। "এই যে, হৃদয়ান্তর্ব্বর্ত্তী আকাশ, জীব এই আকাশে সুপ্ত হয়।" শ্রুতি এইরূপে হৃদয়াকাশকে সুপ্তিস্থান বলিয়া প্রস্তাব করিয়াছেন, পরে ঐ প্রস্তাবেই বলিয়াছেন "পুরীততে শয়ন করে ও সুপ্ত হয়।" পুরীতৎ শব্দে হৃদয়বেষ্টন। যে তন্মধ্যগত আকাশে শয়ন করে, অবশ্যই বলা যায় সে পুরীততে শয়ন করে। যে প্রাচীরপরিবেষ্টিত পুরে বিরাজ করে, অবশ্যই বলা যায়, সে প্রাকারে বিরাজ করে। হৃদয়াকাশ-শব্দে ব্রহ্ম, ইহা "দহর উত্তরেভ্যঃ" সূত্রে পাওয়া গিয়াছে। [তথা…স্থানম্] "নাড়ীর দ্বারা প্রতিগমন করে, করিয়া পুরীততে সুপ্ত হয়।" এই শ্রুতিতে একত্র কথন হেতু নাড়ীপুরীততের সমুচ্চয়ই প্রতীত হয়, বিকল্প প্রতীত হয় না। সতের ও প্রাজ্ঞের ব্রহ্মতা সর্ব্বত্র প্রসিদ্ধ অর্থাৎ সমুদায় স্থলেই সৎ শব্দে ও প্রাজ্ঞ শব্দে ব্রহ্ম বুঝায়। ঐ সকল শ্রুতিতে নাড়ী, পুরীতৎ ও ব্রহ্ম, এই তিনই সুপ্তিস্থান বলিয়া কথিত হইয়াছে সত্য; কিন্তু তন্মধ্যে নাড়ী ও পুরীতৎ এই দুইটী সুপ্তিস্থান ব্রহ্মপ্রাপ্তির দ্বার স্বরূপ। বস্তুতঃ ব্রহ্মই সুপ্তির

ইত্যেকবাক্যোপাদানাদবগম্যতে। সৎপ্রাজ্ঞয়োশ্চ প্রসিদ্ধমেব ব্রহ্মত্বমেতাসু শ্রুতিষু—ত্রীণ্যেব সুপ্তিস্থানানি সঙ্কীর্ত্তিতানি নাড্যঃ পুরীতদ্ব্রহ্ম চ ইতি। তত্রাপি চ দ্বারমাত্রং নাড্যঃ পুরীতচ্চ। ব্রহ্মৈব ত্বেকমনপায়ি সুপ্তিস্থানম্। অপি চ নাড্যঃ পুরীতদ্বা জীবস্যোপাধ্যাধার এব ভবতি, তত্রাস্য করণানি বর্ত্তন্ত ইতি। ন হ্যুপাধিসম্বন্ধমন্তরেণ স্বত এব জীবস্যাধারঃ কশ্চিৎ সম্ভবতি ব্রহ্মাব্যতিরেকেন স্বমহিমপ্রতিষ্ঠিতত্বাৎ। ব্রহ্মাধারত্বমপ্যস্য সুষুপ্তেনৈবাধারাধেয়ভেদাভিপ্রায়েণোচ্যতে কথং তর্হি তাদাত্ম্যাভিপ্রায়েণ যত আহ 'সতা সোম্য তদা সম্পন্নো ভবতি স্বমপীতো ভবতি' ইতি। স্বশব্দেনাত্মাভিলপ্যতে। স্বরূপমাপন্নঃ সুষুপ্তো ভবতীত্যর্থঃ। অপি চ ন কদাচিজ্জীবস্য ব্রহ্মণা সম্পত্তির্নাস্তি স্বরূপস্যানপায়িত্বাৎ। স্বপ্নজাগরিতয়োস্তূপাধিসম্পর্কবশাৎ পররূপা-

---

তুল্যার্থতয়া ন বিকল্প ইতি। "অপি চ ন কদাচিজ্জীবস্যেতি"। ঔৎসর্গিকং ব্রহ্মস্বরূপত্বং জীবস্যাসতি জাগ্রৎস্বপ্নদশারূপেঽপবাদে সুষুপ্তাবস্থায়াং নান্যথ-

---

অনপায়ী (অনশ্বর) মুখ্য বা অদ্বিতীয় স্থান। [অপিচ···ভবতীত্যর্থঃ] আরও দেখ, নাড়ীই হউক, আর পুরীতৎ-ই হউক, যাহা জীবোপাধির আধার বলিয়া স্বীকার্য্য হইবে অবশ্যই তাহাতে ইন্দ্রিয়গণ বিদ্যমান থাকিবেক। কিন্তু উপাধিসম্বন্ধ ব্যতীত জীবের স্বতঃ আধারতা অসম্ভব। কারণ, জীব উপাধিশূন্য হইলেই ব্রহ্মাভিন্ন হয় এবং ব্রহ্মও স্বমহিমায় প্রতিষ্ঠিত (বিরাজিত)। (অভিপ্রায় এই যে, সুষুপ্তিতে উপাধির লয় হয়, সুতরাং ব্রহ্ম ব্যতীত অন্য কিছু—পুরীতৎ অথবা নাড়ী মুখ্য সুপ্তিস্থান হইতে পারে না)। বলিতে পার যে, জীবের ব্রহ্মাধারত্বও সম্ভবে না। কেন-না, যে জীব, সে-ই ব্রহ্ম, অথচ সুষুপ্তিতে আধারাধেয় ভাবের ভেদ কথন দৃষ্ট হয়। সে ভেদ প্রকৃত হইলে তাদাত্ম্য-শ্রুতির গতি কি হইবে? তাদাত্ম্য বা অভেদ-শ্রুতি যথা—"হে সৌম্য! জীব সেই সময়ে সতের (ব্রহ্মের) সহিত সম্পন্ন বা অভিন্ন হয়।—স্বরূপ প্রাপ্ত হওয়ায় সুপ্ত হয়।" [অপিচ...ইত্যযুক্তম্] অন্য কথা এই যে, যাহা যাহার স্বরূপ তাহা তাহ

পত্তিমিবাপেক্ষ্য তদুপশমমাত্রাৎ সুষুপ্তে স্বরূপাপত্তির্বিবক্ষ্যতে। অতশ্চ সুষুপ্তাবস্থায়াং কদাচিৎ সতা সম্পদ্যতে কদাচিৎ ন সম্পদ্যত ইত্যযুক্তম্। অপি চ স্থানবিকল্পাভ্যুপগমেঽপি বিশেষবিজ্ঞানোপশমলক্ষণং তাবৎ সুষুপ্তং ন কচিদ্বিশিষ্যতে তত্র সতি সম্পন্নস্তাবদেকত্বাৎ ন বিজানাতীতি যুক্তং 'তৎ কেন কং বিজানীয়াৎ' ইতি শ্রুতেঃ। নাড়ীষু পুরীততি চ শয়ানস্য ন কিঞ্চিদবিজ্ঞানে কারণং শক্যং বিজ্ঞাতুং ভেদবিষয়ত্বাৎ 'যত্র বান্যদিব স্যাৎ তত্রান্যোঽন্যৎ-

---

য়িতুং শক্যমিত্যর্থঃ। অপি চ যেঽপি স্থানবিকল্পমাস্থিষত তৈরপি বিশেষবিজ্ঞানোপশমলক্ষণা সুষুপ্ত্যবস্থাঙ্গীকর্ত্তব্যা। ন চেয়মাত্মতাদাত্ম্যং বিনা নাড়্যাদিষু পরমাত্মব্যতিরিক্তেষু স্থানেষূপপদ্যতে। তত্র হি স্থিতোঽয়ং জীব আত্মব্যতিরেকাভিমানী সন্নবশ্যং বিশেষজ্ঞানবান্ ভবেৎ। তথাহি শ্রুতিঃ 'যত্র বান্যদিব স্যাত্তত্রান্যোন্যৎ পশ্যে'দিতি। আত্মস্থানত্বেঽয়মদোষঃ। 'যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেদ্বিজানীয়া'দিতি শ্রুতেঃ। তস্মাদপ্যাত্মস্থানত্বস্য দ্বারং নাড়্যাদীত্যাহ—"অপি চ স্থানবিকল্পাভ্যুপগমেঽপী"তি। অত্র

হইতে চ্যুত হয় না বলিয়া যে কোনও কালে জীবের ব্রহ্মত্বপ্রাপ্তি হওয়া নাই, এমত নহে। স্বপ্নে ও জাগ্রতে উপাধিসম্পর্ক থাকায় পররূপাপত্তির ন্যায় থাকেন, কিন্তু সুষুপ্তিতে তাহার উপশম (অভাব) হয়। তাহাই তাঁহার স্বরূপ প্রাপ্তি ও সৎসম্পন্ন হওয়া এবং তাহাই শ্রুতির বিবক্ষিত। অতএব, সুষুপ্তাবস্থায় কখন সৎসম্পন্ন ও কখন সৎসম্পন্ন নহে, এ কথা অযুক্ত অর্থাৎ অসঙ্গত। (যখন নাড়ীতে ও পুরীততে সুপ্তি, তখন সৎসম্পন্ন নহেন) [অপিচ…শ্রুতেঃ] ইচ্ছা হয় স্থানবিকল্প (হয় নাড়ী স্থানে না হয় পুরীততে সুপ্তি হয় ইহা) স্বীকার কর, কিন্তু তাহাতে বিশেষবিজ্ঞাননিবৃত্তিরূপ সুষুপ্তির বিশেষ (ভেদ) হইবে না। সর্ব্বত্রই একত্ব ও সৎসম্পন্নতা হেতু বিশেষবিজ্ঞান রহিত হয়, ইহাই যুক্তি ও শ্রুতি উভয়সিদ্ধ। শ্রুতি যথা—"সে সময়ে কে কি দিয়া কি দেখিবে?" ইত্যাদি। নাড়ীতে ও পুরীততে (হৃদয়বেষ্টনান্তরে) শয়ন করিলে যে বিশেষবিজ্ঞান থাকিবে না, তৎপ্রতি কোন কারণ নাই। আত্মৈকত্ব ব্যতীত অন্য সমস্তই ভেদের বিষয়—ভেদ জ্ঞানের

পশ্যেৎ' ইতি শ্রুতেঃ। নন্ু ভেদবিষয়স্থাপ্যতিদূরাদিকারণমবিজ্ঞানে স্যাৎ। বাঢ়মেবং স্যাৎ যদি জীবঃ স্বতঃ পরিচ্ছিন্নোঽভ্যুপগম্যেত যথা বিষ্ণুমিত্রঃ প্রবাসী স্বগৃহং ন পশ্যতীতি ন তু জীবস্যোপাধিব্যতিরেকেণ পরিচ্ছেদো বিদ্যতে। উপাধিগতমেবাতিদূরাদিকারণমবিজ্ঞান ইতি যদ্যুচ্যেত তথাপ্যুপাধেরুপশান্তত্বাৎ সত্যেব সম্পন্নো ন বিজানাতীতি যুক্তম্। ন চ বয়মিহ তুল্যবৎ নাড্যাদিসমুচ্চয়ং প্রতিপাদয়ামঃ। ন হি নাড্যঃ সুপ্তিস্থানং পুরীতচ্চেত্যনেন বিজ্ঞানেন কিঞ্চিৎ প্রয়োজনমস্তি। ন হ্যেতদ্বিজ্ঞানপ্রতিবদ্ধং ফলং

চোদয়তি—"নন্ু ভেদবিষয়স্যাপী"তি। ভিদ্যত ইতি ভেদঃ। ভিদ্যমানস্যাপি বিষয়স্যেত্যর্থঃ। পরিহরতি—"বাঢ়মেবং স্যাদি"তি। ন তাবজ্জীবস্যাস্তি স্বতঃপরিচ্ছেদস্তস্য ব্রহ্মাত্মত্বেন বিভুত্বাৎ। ঔপাধিকে তু পরিচ্ছেদে যত্রোপাধিরসন্নিহিতস্তন্মাত্রং ন জানীয়ান্ন তু সর্ব্বম্। ন হ্যসন্নিধানাৎ সুমেরুমবিদ্বান্ দেবদত্তঃ সন্নিহিতমপি ন বেদ। তস্মাৎ সর্ব্ববিশেষবিজ্ঞানপ্রত্যস্তময়ীং সুষুপ্তিং প্রসাধয়তা তদাস্য সর্ব্বোপাধ্যুপসংহারো বক্তব্যঃ। তথা চ সিদ্ধমস্য তদা ব্রহ্মাত্মত্বমিত্যর্থঃ। গুণপ্রধানভাবেন সমুচ্চয়ো ন সমপ্রধানতয়াগ্নেয়াদিবদিতি বদন্ বিকল্পমপ্যপাকরোতি। "ন চ বয়মিহে"তি। স্বাধ্যায়াধ্যয়ন-

---

স্থান। শ্রুতিও বলিয়াছেন, "আত্মা যে-সময়ে অন্যের ন্যায় থাকেন বা হন সেই সময়ে অন্য হইয়া অন্য দর্শন করেন।" [নন্ু ভেদ···যুক্তম্] যদি বল, দ্বৈতাজ্ঞানের প্রতি দূরত্বাদি কারণ থাকিতে পারে, দূরত্বাদি দোষেই দ্বৈত অজ্ঞাত থাকিতে পারে, তাহাতে আমরা বলিব, তাহা সত্য বটে; পরন্তু জীবের সম্বন্ধ তাহা স্বাভাবিক নহে। বিষ্ণুমিত্র দূরদেশে, সে জন্য সে আপন গৃহ দেখে না। কিন্তু জীব সেরূপ দূরবর্ত্তী নহে। জীবের সম্বন্ধে নিয়ম এই যে, দৃশ্য হইতে যে দ্রষ্টার দূরবর্ত্তিত্ব তাহা ঔপাধিক। কেন-না, জীব স্বতঃ পরিচ্ছিন্ন নহে; উপাধির দ্বারাই পরিচ্ছিন্ন। যদি উপাধি-নিষ্ঠ দূরতা তাদৃশ অবিজ্ঞানের কারণ, ইহা স্বীকার কর, তাহা হইলে মানিতে হইবেক, প্রদর্শিতস্থলে উপাধি নাই। উপাধি উপশান্ত হইয়াছে, সুতরাং সৎসম্পন্ন (ব্রহ্মসম্পন্ন) হওয়ায় দ্বৈতাভাববশতঃই তৎকালে দ্বৈতজ্ঞান অর্থাৎ ভেদজ্ঞান থাকে না। [ন চ···সুপ্তিস্থানম্]

কিঞ্চিৎ শ্রূয়তে। নাপ্যেতদ্বিজ্ঞানং ফলবতঃ কস্যচিদঙ্গমুপদিশ্যতে। ব্রহ্ম ত্বনপায়ি সুপ্তিস্থানমিত্যেতৎ প্রতিপাদয়ামঃ। তেন তু বিজ্ঞানেন প্রয়োজনমস্তি। জীবস্য ব্রহ্মাত্মত্বাবধারণং স্বপ্নজাগরিতব্যবহারবিমুক্তত্বাবধারণঞ্চ। তস্মাদাত্মৈব সুপ্তিস্থানম্ ॥ ৭ ॥

অতঃ প্রবোধোঽস্মাৎ ॥ ৮ ॥*

যস্মাচ্চাত্মৈব সুপ্তিস্থানমত এব কারণাৎ নিত্যবদেবাস্মাদাত্মনঃ প্রবোধঃ স্বাপাধিকারে শিষ্যতে। কুত এতদাগাদি-

বিধ্যাপাদিতপুরুষার্থত্বস্য বেদরাশেরেকেনাপি বর্ণেন নাপুরুষার্থেন ভবিতুং যুক্তম্। ন চ সুষুপ্তাবস্থায়াং জীবস্য স্বরূপেণ নাড্যাদিস্থানত্বপ্রতিপাদনে কিঞ্চিৎ প্রয়োজনং ব্রহ্মভূয়প্রতিপাদনে ত্বস্তি। তস্মান্ন সমপ্রধানভাবেন সমুচ্চয়ো নাপি বিকল্প ইতি ভাবঃ। নীতার্থমন্যৎ।

কিঞ্চ ব্রহ্মণঃ সকাশাজ্জীবস্যোত্থানশ্রুতের্ব্রহ্মৈব সুষুপ্তিস্থানমিত্যাহ সূত্র-

শেষ কথা এই যে, আমরা নাড়ী প্রভৃতির সমুচ্চয়তা মুখ্যরূপে প্রতিপাদন করি না। কেন-না, নাড়ী সুপ্তিস্থান? কি পুরীতৎ সুপ্তিস্থান? ইহা জানিবার অল্পমাত্রও প্রয়োজন নাই। তদ্বিজ্ঞানের কোনরূপ ফলও নাই এবং তাহা কোন ফলপ্রদ পদার্থের অঙ্গও নহে। একমাত্র ব্রহ্মই অনপায়ি সুপ্তিস্থান, এতাবৎ মাত্র তত্ত্ব আমাদের প্রতিপাদ্য এবং তাহাই জানিবার প্রয়োজন। উহাতে জীবের ব্রহ্মাত্মতা নিশ্চয় ও স্বপ্ন-জাগ্রৎ-ব্যবহার হইতে তিনি মুক্ত হন, এ নিশ্চয়, এই দুই প্রয়োজন সিদ্ধ হয়। এই সকল কারণে স্বীকার্য্য হয়, আত্মাই সুপ্তিস্থান।

যেহেতু আত্মাই সুপ্তিস্থান, সেই হেতু বা সেই কারণে শ্রুতি সুষুপ্ত্যাধিকারে নিত্য নিয়মিতরূপে আত্মা হইতে প্রবুদ্ধ (জাগ্রৎ অবস্থা) হওয়া উপদেশ করিয়াছেন। "এ সকল আবার কোথা হইতে আসিল?" এই প্রশ্নের প্রত্যুত্তর প্রসঙ্গে শ্রুতি বলিয়াছেন "যেমন অগ্নি হইতে ক্ষুদ্র ক্ষুদ্র

* অতঃ অস্মাৎ কারণাৎ আত্মনঃ সুপ্তিস্থানত্বাদিত্যর্থঃ। অস্মাৎ আত্মন এব প্রবোধঃ জাগ্রদিতি যোজনা।—যেহেতু আত্মাই সুপ্তিস্থান—আত্মাতে (আপনার স্বরূপে) সুপ্ত হয়, সেই হেতু আত্মা হইতেই প্রবুদ্ধ বা উত্থিত হয়।

ত্যস্ত প্রশ্নস্য প্রতিবচনাবসরে 'যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ' ইত্যাদি। 'সত আগম্য ন বিদুঃ সত আগচ্ছামহে' ইতি চ। বিকল্প্যমানেষু তু সুষুপ্তিস্থানেষু কদাচিৎ নাড়ীভ্যঃ প্রতিবুধ্যতে কদাচিৎ পুরীততঃ কদাচিদাত্মন ইত্যশাসিষ্যৎ। তস্মাদপ্যাত্মৈব তু সুপ্তিস্থানমিতি ॥ ৮ ॥

স এব তু কর্ম্মানুস্মৃতিশব্দবিধিভ্যঃ ॥ ৯ ॥*

তস্যাঃ পুনঃ সৎসম্পত্তেঃ প্রতিবুধ্যমানঃ কিং য এব সৎসম্পন্নঃ স এব প্রতিবুধ্যতে উতান্যো বেতি চিন্ত্যতে। তত্র

কারঃ—অতঃ প্রবোধ ইতি। নাড়ীপুরীততোঃ কাপ্যুত্থানাপাদনত্বাশ্রবণাৎ ন সুপ্তিস্থানমিত্যর্থঃ। তস্মাদুপাধিলয়ে জীবস্য ব্রহ্মাভেদাদৌপাধিক এব ভেদ ইতি বিবেকাদ্বাকার্থাভেদসিদ্ধিরিতি স্থিতম্। ইতি রত্নপ্রভা।

যদ্যপীশ্বরাদভিন্নো জীবস্তথাপ্যুপাধ্যবচ্ছেদেন ভেদং বিবক্ষিত্বাঽধিকরণান্তরারম্ভঃ। স এবেতি দুঃসম্পাদমিতি স বান্যো বেতীশ্বরোবেতি সম্ভবমাত্রে-

---

স্ফুলিঙ্গ বহির্গত হয়, সেইরূপ, আত্মা হইতে এই সমুদায় প্রাণ (ইন্দ্রিয়) বহিরাগত হয়।" ইত্যাদি। "সৎ (ব্রহ্ম) হইতে আসিয়াও জানিতে পারে না যে আমরা সৎ হইতে আসিয়াছি।" ইত্যাদি। [বিকল্প্য··· স্থানমিতি] সুপ্তিস্থান যদি বিকল্পিত হইত, পৃথক্ পৃথক্ হইত (কখন হয় নাড়ী, কখন পুরীতৎ হইত), তাহা হইলে শাস্ত্রও বলিতেন যে, কখন নাড়ীস্থান হইতে প্রবুদ্ধ হয়, উত্থিত হয়, কখন বা পুরীতৎ হইতে প্রবুদ্ধ হয়, উত্থিত হয়। কিন্তু শাস্ত্র তাহা বলেন নাই। অতএব, আত্মাই সুপ্তিস্থান, ইহা অশংসয়িত সিদ্ধান্ত।

বলা হইল, জীব সুষুপ্তিতে সৎসম্পন্ন হয় অর্থাৎ ব্রহ্মের সহিত এক হইয়া যায়, এবং পুনর্ব্বার তাঁহা হইতে উত্থিত বা প্রতিবুদ্ধ হয়। এই স্থানে প্রশ্ন এই যে, যে সৎসম্পন্ন হয় সে-ই কি প্রতিবুদ্ধ হয়? অথবা অন্য কেহ হয়? পূর্ব্বপক্ষে পাওয়া যায়, অনিয়ম—তাহার কোন নিয়ম

---

* যঃ সৎসম্পন্নঃ স্যাৎ স এবোত্থিতঃ প্রতিবুদ্ধোবা, স্যাদিতি কর্ম্মানুস্মৃত্যাদিভির্বিজ্ঞায়তে। কর্ম্মণোঽনুস্মরণাৎ শব্দাৎ (শব্দঃ শাস্ত্রং) বিদ্যাবিধেশ্চেতি বিভাগঃ।—যে সৎসম্পন্ন হয়, পরমাত্মায় একীভূত বা লীন হয়, সে-ই উত্থিত হয়, অন্য কেহ নূতন হয় না।

প্রাপ্তং তাবৎ অনিয়ম ইতি। কুতঃ। যদা হি জলরাশৌ কশ্চিজ্জলবিন্দুঃ প্রক্ষিপ্যতে জলরাশিরেব স তদা ভবতি। পুনস্তদুদ্ধরণে স এব জলবিন্দুর্ভবতীতি দুঃসম্পাদম্। তদ্বৎ সুপ্তঃ পরেণৈকত্বমাপন্নঃ সম্প্রসীদতি ন স এব পুনরুত্থাতুমর্হতি। তস্মাৎ স এবেশ্বরো বান্যো বা জীবঃ প্রতিবুধ্যত ইত্যেবং প্রাপ্ত ইদমাহ। স এব তু জীবঃ সুপ্তঃ স্বাস্থ্যং গতঃ পুনরুত্তিষ্ঠতি নান্যঃ। কস্মাৎ। কর্ম্মানুস্মৃতিশব্দবিধিভ্যঃ। বিভজ্য হেতূন্ দর্শয়িষ্যামি। কর্ম্মশেষানুষ্ঠানদর্শনাৎ তাবৎ স এবোত্থাতুমর্হতি নান্যঃ। তথা হি পূর্ব্বেদ্যুরনুষ্ঠিতস্য কর্ম্মণোঽপরেদ্যুঃ শেষমনুতিষ্ঠন্ দৃশ্যতে। ন চান্যেন সামিকৃতস্য কর্ম্মণোঽন্যঃ শেষক্রিয়ায়াং প্রবর্ত্তিতুমর্হত্যতিপ্রসঙ্গাৎ। তস্মাদেব এব পূর্ব্বেদ্যুরপরেদ্যুশ্চৈকস্য কর্ম্মণঃ কর্ত্তেতি গম্যতে।

গোপন্যাসঃ। ন হি তস্য শুদ্ধমুক্তস্বভাবস্যাবিদ্যাকৃতব্যুত্থানসম্ভবঃ। অত এব বিমর্শাবসরেঽস্যানুপন্যাসঃ। যদ্ধি দ্ব্যহাদিনির্ব্বর্ত্তনীয়মেকস্য পুংসশ্চোদিতং কর্ম্ম তস্য পূর্ব্বেদ্যুরনুষ্ঠিতস্যাস্তি স্মৃতিরিতি বক্তব্যেঽনুঃ প্রত্যভিজ্ঞানসূচনার্থঃ।

নাই। কেন? তাহা বলিতেছি। [যদা···মাহ] যখন কোন জলরাশিতে বিন্দুপরিমিত জল প্রক্ষিপ্ত হয়, তখন সেই প্রক্ষিপ্ত জল জলরাশিসম্পন্ন হয় অর্থাৎ জলরাশি হইয়াই যায়। পরে যদি সেই জলরাশি হইতে জলবিন্দু উঠান যায়, তাহা হইলে সে জলবিন্দু - যে জলবিন্দু পূর্ব্বপ্রক্ষিপ্ত সেই জলবিন্দু, অন্য জলবিন্দু নহে, তাহা নিশ্চয় করা দুঃসাধ্য। অর্থাৎ সে জলবিন্দু উঠে না। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, সুষুপ্ত জীব সৎসম্পন্ন অর্থাৎ পরমাত্মার সহিত একীভূত হওয়ার পর যখন প্রতিবোধ বা পুনর্জ্জাগ্রৎ (উত্থান) আইসে, তখন, যে সুপ্ত হইয়াছিল সে-ই যে প্রতিবুদ্ধ বা উত্থিত হয়, তাহা হয় না। এই পূর্ব্বপক্ষের সমাধানার্থ এই সূত্র (স এব—ইত্যাদি) বলা হইল। [স এব···দর্শয়িষ্যামি] সেই জীবই অগ্রে সুপ্ত, পরে স্বাস্থ্যলাভ করিয়া পুনঃ প্রবুদ্ধ বা পুনরুত্থিত হয়। অন্য অভিনব কেহ উত্থিত হয় না। তৎপ্রতি হেতু কর্ম্ম, অনুস্মরণ, শব্দ ও বিধি (কর্ম্মের ও উপাসনার বিধান)। এই সকল হেতু বিভাগপূর্ব্বক দর্শিত হইতেছে। [কর্ম্ম... গম্যতে] যেহেতু কর্ম্মের শেষ অনুষ্ঠান করিতে দেখা যায়, সেই হেতু

ইতশ্চ স এবোত্তিষ্ঠতি যৎকারণমতীতেঽহন্যহমদোঽদ্রাক্ষমিতি পূর্ব্বানুভূতস্য পশ্চাৎ স্মরণমন্যস্যোত্থানে নোপপদ্যতে। ন হ্যন্যদৃষ্টমন্যোঽনুস্মর্ত্তুমর্হতি। 'সোঽহমস্মি' ইতি চাত্মানুস্মরণমাত্মান্তরোত্থানে নাবকল্পতে। শব্দেভ্যশ্চ তস্যৈবোত্থানমবগম্যতে 'তথা হি পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি বুদ্ধান্তায়ৈবেমাঃ সর্ব্বাঃ প্রজা অহরহর্গচ্ছন্ত্য এতং ব্রহ্মলোকং ন বিন্দন্তি। ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বা বৃকো

অতএব সোহমস্মীত্যুক্তম্॥ "পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যা দ্রবতী"তি। অয়নম্ আয়ঃ। নিয়মেন গমনং ন্যায়ঃ। জীবঃ প্রতিন্যায়ং সম্প্রসাদে সুষুপ্তাবস্থায়াং বুদ্ধান্তায়াদ্রবতি আগচ্ছতি। প্রতিযোনি যোহি ব্যাঘ্রযোনিঃ সুষুপ্তো বুদ্ধান্তমাগচ্ছন্ স ব্যাঘ্র এব ভবতি ন জাত্যন্তরম্। তদিদমুক্তম্। "ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বে"তি। "অথ তত্র সুপ্ত উত্তিষ্ঠতী"তি। যো

তাহারই উত্থান, অন্যের নহে। দেখ, যে পূর্ব্ব দিবসে কর্ম্মের অনুষ্ঠান বা আরম্ভ করিয়াছে, পর দিবসে সে-ই সে কর্ম্মের শেষ করে। অন্যকৃত কর্ম্মের শেষ করিতে অন্যের প্রবৃত্তি হইবে কেন? হয় বলিলে অতিব্যাপ্তি দোষ হইবেক। অতএব, পূর্ব্বাপর দিবসে অনুষ্ঠিত একই কর্ম্ম এবং তাহার কর্ত্তাও এক। [ইতশ্চ...কল্পতে] যে সুপ্ত হয়, সেই যে পুনরুত্থিত হয়, এতৎপ্রতি অন্য হেতু এই যে, পূর্ব্ব-দিবসে "আমি দেখিয়াছি," এতদ্রূপ অনুভব করিয়া পর দিবসে তাহার স্মরণ করে—"আমি ইহা দেখিয়াছিলাম।" এ অনুস্মরণ অন্যের উত্থানে সঙ্গত হয় না। একের দৃষ্ট বস্তু অন্যে স্মরণ করিতে পারে না। "সেই আমি—সেই আমি আজও আছি" এই যে আত্মানুস্মরণ, এ অনুস্মরণও আত্মান্তরের উত্থানে উৎপন্ন হইতে পারে না। [শব্দেভ্যশ্চ...মীয়ুঃ] সুপ্ত আত্মারই উত্থান, আত্মান্তরের নহে, ইহা শব্দ অর্থাৎ শ্রুতিবাক্যের দ্বারাও জানা যায়। যথা—"সুষুপ্ত পুরুষ জাগরণের উদ্দেশে পুনর্ব্বার যেরূপে সেই সেই ইন্দ্রিয়স্থানে গমন করে সেইরূপে প্রতি যোনিতে আগমন করেন।" "এই সকল প্রজা প্রত্যহই এই ব্রহ্মলোক লাভ করিতেছে অথচ জানে না যে আমরা ব্রহ্মলাভ করিতেছি।" "পূর্ব্বপ্রবোধে যে যেরূপ ছিল,—সিংহ, ব্যাঘ্র, বৃক, বরাহ, কীট, পতঙ্গ, দংশ, মশক,—যে যেরূপ ছিল, পরপ্রবোধে সে তাহাই হয়।" সুষুপ্ত্যধিকারে পরিপঠিত এই সকল শব্দ

বা বরাহো বা কীটো বা পতঙ্গো বা দংশো বা মশকো বা যদ্যদ্ভবন্তি তত্তদা ভবন্তি' ইত্যেবমাদয়ঃ শব্দাঃ স্বাপপ্রবোধাধিকারে পঠিতা নাত্মান্তরোত্থানে সামঞ্জস্যমীয়ুঃ। কর্ম্মবিদ্যাবিধিভ্যশ্চৈবমেব গম্যতে। অন্যথা হি কর্ম্মবিদ্যাবিধয়োঽনর্থকাঃ স্যুঃ। অন্যোত্থানপক্ষে হি সুষুপ্তমাত্রোমুচ্যেত ইত্যাপদ্যেত। এবং চেৎ স্যাৎ, বদ কিং কালান্তরফলেন কর্ম্মণা বিদ্যয়া বা কৃতং স্যাৎ। অপি চান্যোত্থানপক্ষে যদি তাবচ্ছরীরান্তরে ব্যবহারমাণো জীব উত্তিষ্ঠেৎ তত্তদ্ব্যবহারলোপপ্রসঙ্গঃ স্যাৎ। অথ তত্র সুপ্ত উত্তিষ্ঠেত কল্পনানর্থক্যং স্যাৎ। যো হি যস্মিন্ শরীরে সুপ্তঃ স তস্মিন্নোত্তিষ্ঠতি, অন্যস্মিন্ শরীরে সুপ্তোঽন্যস্মিন্নুত্তিষ্ঠতি ইতি কোঽস্যাং কল্পনায়াং লাভঃ স্যাৎ। অথ মুক্ত উত্তিষ্ঠেৎ অন্তবান্মোক্ষ আপদ্যেত।

হি জীবঃ সুপ্তঃ স শরীরান্তর উত্তিষ্ঠতি। শরীরান্তরগতস্ত সুপ্তজীবসম্বন্ধিনি

আত্মান্তরের উত্থানে সঙ্গত হয় না। [কর্ম্ম…কৃতং স্যাৎ] কর্ম্মের ও উপাসনার বা জ্ঞানের বিধান থাকাতেও সুপ্তের উত্থান নিশ্চিত হয়। যদি সুপ্তের উত্থান না হইয়া আত্মান্তরের উত্থান নিশ্চিত হয়, তাহা হইলে কর্ম্মবিধি ও বিদ্যাবিধি ব্যর্থ হইবে। যাহাদের মতে অন্যের উত্থান, তাহাদের কর্ম্ম অথবা জ্ঞান কিছুরই প্রয়োজন হয় না। কেননা, সুষুপ্তি হইলেই মুক্তি (পুনর্জ্জন্মনাশ) হয়। সুষুপ্তিই শেষ, এরূপ হইলে কালান্তরফল কর্ম্মের ও উপাসনার প্রয়োজন কি? লোকে কেন সে সকল কষ্টকর অনুষ্ঠানে প্রবৃত্ত হইবে? [অপি চান্যো…নান্য ইতি] যে সুপ্ত হয় তাহার উত্থান হয় না, নূতনের উত্থান হয়, এতৎপক্ষে—শরীরান্তর ব্যবহারী জীবেরই উত্থান সম্ভব, সুতরাং সে পক্ষে ব্যবহার লোপ প্রাপ্তি দোষ আছে। যদি বল তাহা নহে, সুপ্ত জীবই উঠে, প্রবুদ্ধ হয়, তাহা হইলে ঐ কল্পনা নিরর্থক হইবে। যে যে-শরীরে সুপ্ত হয়—সে যদি সেই শরীর লইয়াই উঠে, তাহা হইলে এক শরীরে সুপ্ত হইয়া অন্য শরীরে উঠে, এরূপ কল্পনা করার প্রয়োজন? তাহাতে লাভ কি? মুক্তাত্মার উত্থান হয় বলিলে মোক্ষের বিনাশিত্ব আপত্তি হইবে। অপিচ, যাহার অবিদ্যাবিনাশ হইয়াছে তাহার উত্থান উপপন্নই হয় না। মুক্তা-

নিবৃত্তাবিদ্যস্য চ পুনরুত্থানমনুপপন্নম্। এতেনেশ্বরোত্থানং প্রত্যুক্তম্। নিত্যনিবৃত্তাবিদ্যত্বাৎ। অকৃতাভ্যাগমকৃতবিপ্রণাশৌ চ দুর্নিবারাবন্যোত্থানপক্ষে স্যাতাম্। তস্মাৎ স এবোত্তিষ্ঠতি নান্য ইতি। যৎপুনরুক্তং যথা জলরাশৌ প্রক্ষিপ্তো জলবিন্দুর্নোদ্ধর্ত্তুং শক্যত এবং সতি সম্পন্নো জীবো নোৎপতিতুমর্হতীতি, তৎ পরিহ্রিয়তে। যুক্তং তত্র বিবেককারণাভাবাজ্জলবিন্দোরনুদ্ধরণম্। ইহ তু বিদ্যতে বিবেককারণং কর্ম্ম চ বিদ্যা চেতি বৈষম্যম্। দৃশ্যতে চ দুর্ব্বিবেচনয়োরপ্যস্মজ্জাতীয়ৈঃ ক্ষীরোদকয়োঃ সংসৃষ্টয়োর্হংসেন বিবেচনম্। অপি চ ন জীবো নাম কশ্চিৎ পরস্মাদাত্মনোঽন্যো বিদ্যতে

আর উত্থান নিষেধ দ্বারা ঈশ্বরাত্মার উত্থান পক্ষও নিষিদ্ধ জানিবে। তিনি নিত্যমুক্ত—কোনও কালে তিনি অবিদ্যাস্পৃষ্ট নহেন। অন্য আত্মার উত্থান (জাগ্রৎ) পক্ষে অকৃতাভ্যাগম ও কৃতপ্রণাশ এই দুই দোষ দুর্নিবার্য্য। (সুপ্ত আত্মা কৃতকর্ম্মের ফলভোগ করিল না, আর প্রবুদ্ধ বা উত্থিত আত্মা কিছু না করিয়াও ভোগ করিল, এ নিশ্চয় বা এ সিদ্ধান্ত যুক্তি বহির্ভূত)। এই সকল কারণে, যে আত্মা সুপ্ত হয় সেই আত্মাই উঠে—প্রবুদ্ধ হয়। [যৎপুন···বিবেচনম্] বলিয়াছিলে যে, যেমন জলরাশিতে জলবিন্দু প্রক্ষিপ্ত হইলে সে জলবিন্দুর উদ্ধার (উঠান) অশক্য, তেমনি, জীব সতে (ব্রহ্মে) একীভূত হইয়া যাওয়ায় সে জীবের উত্থান অসম্ভব। এই আপত্তির নিরাস এইরূপে হইতে পারে। জলরাশিমধ্যগত জলবিন্দুর উদ্ধার অশক্য সত্য; কেন-না, সে স্থলে বিবেককারণের অভাব আছে (পৃথক্ করিবার বা জানিবার উপায় নাই)। কিন্তু প্রকৃত স্থলে (দার্ষ্টান্তিকে অর্থাৎ সুপ্ত জীবের উত্থান পক্ষে) তাহার অভাব নাই। প্রকৃতস্থলে বিবেক-কারণ বিশেষরূপে বিদ্যমান আছে। (ইহা সেই জীবই, এরূপ চিনিবার ও নির্দ্দেশ করিবার বিস্পষ্ট উপায় আছে)। জীবের কর্ম্ম ও বিদ্যা অর্থাৎ জ্ঞান, এই দুএর দ্বারা সেই কি-না তাহা বিবেচিত হইতে পারে। অতএব, জলরাশিতে জলবিন্দুর প্রবেশ, আর পরমাত্মায় জীবের প্রবেশ সমান নহে। তাহা পরিমিশ্রিতরূপ নহে। ক্ষীর-নীর হইতে ক্ষীর উদ্ধৃত করিবার ক্ষমতা অস্মদাদির না থাকিলেও তাহা হংসজাতীয় জীবের আছে। [অপিচ···প্রপঞ্চিতম্] অন্য

যো জলবিন্দুরিব জলরাশেঃ সত্তো বিবিচ্যেত। সদেব তূ-পাধিসম্পর্কাজ্জীব ইত্যুপচর্য্যত ইত্যসকৃৎ প্রপঞ্চিতম্। এবং সতি যাবদেকোপাধিগতা বন্ধানুবৃত্তিস্তাবদেকজীবব্যবহারঃ। উপাধ্যন্তরগতায়ান্তু বন্ধানুবৃত্তৌ জীবান্তরব্যবহারঃ। স এবায়মুপাধিঃ স্বাপপ্রবোধয়োর্ব্বীজাঙ্কুরন্যায়েনেত্যতঃ স এব জীবঃ প্রতিবুধ্যত ইতি যুক্তম্ ॥ ৯ ॥

মুগ্ধেঽর্দ্ধসম্পত্তিঃ পরিশেষাৎ ॥ ১০ ॥*

অস্তি মুগ্ধো নাম যং মূর্চ্ছিত ইতি লৌকিকাঃ কথয়ন্তি।

শরীর উত্তিষ্ঠতি। ততশ্চ ন শরীরান্তরে ব্যবহারলোপ ইত্যর্থঃ। "অপি চ ন জীবো নাম কশ্চিৎ পরস্মাৎ" ইতি। যথা ঘটাকাশোনাম ন পরমাকাশাদন্যঃ। অথ চান্য ইব যাবদ্ঘটমনুবর্ত্ততে। ন চাসৌ দুর্ব্বিবেচস্তদুপাধের্ঘটস্য বিবিক্তত্বাৎ। এবমনাদ্যনির্ব্বচনীয়াবিদ্যোপধানভেদোপাধিকল্পিতোজীবো ন বস্তুতঃ পরমাত্মনোভিদ্যতে তদুপাধ্যুদ্ভবাভিভবাভ্যাং চোদ্ভূত ইবাভিভূত ইব প্রতীয়তে। ততশ্চ সুষুপ্তাদাবপ্যভিভূত ইব জাগ্রদবস্থাদিষূদ্ভূত ইব তস্য চাবিদ্যাতদ্বাসনোপাধেরনাদিতয়া কার্য্যকারণভাবেন প্রবহতঃ সুবিবেচতয়া তদুপহিতোজীবঃ সুবিবেচ ইতি।

বিশেষবিজ্ঞানাভাবান্মূর্চ্ছা জাগরস্বপ্নাবস্থাভ্যাং ভিদ্যতে পুনরুত্থানাচ্চ

কথা এই যে, পরমাত্মা হইতে পৃথক্, এমন কোন জীব নামক পদার্থ নাই যে তাহাকে জলরাশি হইতে জলবিন্দুর ন্যায় পৃথক্ করিবার চেষ্টা করিবে। পরমাত্মাই উপাধিসম্পর্কে কল্পনায় জীব নাম প্রাপ্ত হইয়াছেন, ইহা বার বার বলা হইয়াছে—দেখান হইয়াছে। [এবং...যুক্তম্] অতএব, যাবৎ এক উপাধিতে বন্ধের অনুবর্ত্তন—তাবৎ এক জীব বলিয়া ব্যবহার এবং উপাধ্যন্তরে অর্থাৎ অন্য উপাধিতে বন্ধানুবর্ত্তন হইলে তাহা অন্য জীব বলিয়া ব্যবহৃত হয়। বীজাঙ্কুরসমান সুষুপ্তি ও জাগ্রৎ এই দুএর মধ্যে একই উপাধি বিদ্যমান, সুতরাং সেই একই জীব উভয়াবস্থায় স্থিত। অর্থাৎ যে সুপ্ত হয় সেই জীবই প্রবুদ্ধ হয়, এ নির্ণয়ই যুক্তিযুক্ত।

মুগ্ধ-নামক একটী অবস্থা আছে, লোকে যাহাকে মূর্চ্ছা বলে,

---

* পরিশেষাৎ জাগ্রদাদিবৈলক্ষণ্যাৎ.মুগ্ধে মূর্চ্ছিতেঽর্দ্ধসম্পত্তিঃ সর্ব্বসুষুপ্ত্যাদিধর্ম্মৈরসম্পন্নতা জ্ঞাতব্যা। সর্ব্বৈঃ সুষুপ্তিধর্ম্মৈরসম্পন্নো মুগ্ধঃ সুষুপ্তো ন ভবতি সর্ব্বৈর্মরণাবস্থাধর্ম্মৈরসম্পন্নত্বে-ম্র্তোঽপি ন কিন্ত্ববস্থান্তরং গত ইতি ভাবঃ।—জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি, মরণ, এই চার অবস্থা

স তু কিমবস্থ ইতি পরীক্ষায়ামুচ্যতে। তিস্রস্তাবদবস্থাঃ শরীরস্থস্য জীবস্য প্রসিদ্ধাঃ—জাগরিতং স্বপ্নঃ সুষুপ্তমিতি। চতুর্থী শরীরাদপসৃপ্তিঃ। ন তু পঞ্চমী কাচিদবস্থা জীবস্য শ্রুতৌ স্মৃতৌ বা প্রসিদ্ধাস্তি। তস্মাচ্চতসৃণামেবাবস্থানামন্যতমাবস্থা মূর্চ্ছেত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। ন তাবন্মুগ্ধো জাগরিতাবস্থো ভবিতুমর্হতি। ন হ্যয়মিন্দ্রিয়ৈর্বিষয়ানীক্ষতে। স্যাদেতৎ। ইষুকারন্যায়েন মুগ্ধো ভবিষ্যতি। যথেষুকারো জাগ্রদপি ইষ্বাসক্তমনস্তয়া নান্যান্ বিষয়ানীক্ষত এবং মুগ্ধো মুশলসম্পাতাদিজনিতদুঃখানুভবব্যগ্রমনস্তয়া জাগ্রদপি নান্যান্ বিষয়ানীক্ষত ইতি। ন। অচেতয়মানত্বাৎ। ইষুকারো হি ব্যাপৃতমনা ব্রবীতীষুমেবাহমেতাবন্তং কালমুপলভমানো-

---

তাহা হইলে তাহা কোনও ব্যক্তির শক্য নহে। সুতরাং প্রপঞ্চবিলয়করণের উপদেশ (বিধান) নির্ব্বিষয় অর্থাৎ প্রলাপতুল্য নিরর্থক। অপিচ, প্রথম-মুক্ত পুরুষের দ্বারা পৃথিব্যাদিপ্রপঞ্চের বিলয় সাধিত হওয়ায় ইদানীং পৃথিব্যাদিপ্রপঞ্চের অস্তিত্ব না থাকাই উচিত হয়। [অথাবিদ্যা... জায়েত] যদি এমন বলা হয় যে, এই দৃশ্যপ্রপঞ্চ অদ্বয় ব্রহ্মে অবিদ্যার দ্বারা অধ্যস্ত বা আরোপিত, (যদ্রূপ রজ্জুতে সর্প আরোপিত তদ্রূপ আরোপিত), সুতরাং এই আরোপিতপ্রপঞ্চ বিদ্যার (তত্ত্বজ্ঞানের) দ্বারা বিলাপিত করিতে হইবেক, এরূপ হইলে ব্রহ্ম এক ও দ্বিতীয়রহিত, তিনিই সত্য, তাহাই আত্মা এবং তিনিই তুমি, ইত্যাদিপ্রকারে অবিদ্যাধ্যস্ত প্রপঞ্চের নিষেধ করিয়া ব্রহ্মযাথার্থ্য উপদেশ করা অর্থাৎ অধিকারী উপাসককে জ্ঞান-গম্য করা শাস্ত্রের কর্ত্তব্য। ব্রহ্মযাথার্থ্য জ্ঞানগোচর করাইতে পারিলে আপনা হইতেই বিদ্যোৎপত্তি হইবেক, সেই বিদ্যা অবিদ্যা বিদূরিত করিবেক, অবিদ্যার অভাব হইলেই তৎকৃত সমুদায় নামরূপপ্রপঞ্চ স্বাপ্নপদার্থের ন্যায় বিলীন হইবেক। ব্রহ্ম যদি বিজ্ঞাত না হন, অথচ "ব্রহ্মজ্ঞান কর" "প্রপঞ্চবিলয় কর" এই দুই কথা শত বার বল, তাহা হইলে কস্মিন্‌কালেও ব্রহ্মবিজ্ঞান জন্মিবে না এবং প্রপঞ্চ বিলয়ও হইবে না। [নন্বাবেদিতে···ক্রিয়তে] যদি ব্রহ্ম বিজ্ঞাপিত হন তাহা হইলে ব্রহ্মবিষয়ক

ব্রহ্মাত্মতত্ত্বাবেদনেনৈবোভয়সিদ্ধেঃ। রজ্জুস্বরূপপ্রকাশনেনৈব হি তৎস্বরূপবিজ্ঞানমবিদ্যাধ্যস্তসর্পাদিপ্রপঞ্চপ্রবিলয়শ্চ ভবতি। ন চ কৃতমেব পুনঃ ক্রিয়তে। নিযোজ্যোঽপি চ প্রপঞ্চাবস্থায়াং যোঽবগম্যতে জীবো নাম স প্রপঞ্চপক্ষস্যৈব বা স্যাৎ ব্রহ্মপক্ষস্যৈব বা। প্রথমে বিকল্পে নিষ্প্রপঞ্চব্রহ্মতত্ত্বপ্রতিপাদনেন পৃথিব্যাদিবজ্জীবস্যাপি প্রবিলাপিতত্বাৎ কস্য প্রপঞ্চপ্রবিলয়ে নিয়োগ উচ্যেত কস্য বা নিয়োগনিষ্ঠতয়া মোক্ষোঽবাপ্তব্য উচ্যেত। দ্বিতীয়েঽপি ব্রহ্মৈবানিযোজ্যস্বভাবং জীবস্য স্বরূপম্। জীবত্বং ত্ববিদ্যাকৃতমেবেতি প্রতিপাদিতে

বাক্যান্যপি বিধ্যন্তরমপেক্ষেরন্নিতি। ন চ চিন্তাসাক্ষাৎকারয়োর্ব্বিধিরিতি তত্ত্বসমীক্ষায়ামস্মাভিরুপপাদিতম্। বিস্তরেণ চায়মর্থস্তত্রৈব প্রপঞ্চিতঃ। তস্মাজ্জর্ত্তিলয়া যবগ্বা জুহুযাদিতিবদ্ বিধিসরূপা এতে আত্মা বা অরে দ্রষ্টব্য ইত্যাদয়ো ন তু বিধয় ইতি। তদিদমুক্তং দ্রষ্টব্যাদিশব্দা অপি তত্ত্বাভিমুখীকরণপ্রধানা ন তত্ত্বাববোধবিধিপ্রধানা ইতি। অপি চ ব্রহ্মতত্ত্বং নিষ্প্রপঞ্চমুক্তং ন তত্র নিযোজ্যঃ কশ্চিৎ সম্ভবতি। জীবো হি নিযোজ্যো ভবেৎ স চেৎ প্রপঞ্চপক্ষে বর্ত্ততে কো নিযোজ্যস্তস্যোচ্ছিন্নত্বাৎ। অথ ব্রহ্মপক্ষে, তথাপ্যনিযোজ্যো ব্রহ্মণোঽনিযোজ্যত্বাৎ। অথ ব্রহ্মণোঽনন্যোঽপ্যবিদ্যয়াঽন্য ইবেতি নিযোজ্যস্তদযুক্তম্। ব্রহ্মভাবং পারমার্থিকমবগময়তাগমেনাবিদ্যায়া নিরস্তত্বাৎ। তস্মান্নিযোজ্যাভাবাদপি ন নিযোগঃ। তদিদমুক্তং "জীবোনাম স প্রপঞ্চপক্ষস্যৈবে"তি। অপি চ জ্ঞানবিধিপরত্বে তন্মাত্রাত্তু জ্ঞানস্যানুৎপত্তে-

---

জ্ঞান ও প্রপঞ্চের বিলয় এই দুই বিষয়ের নিয়োগ (বিধান) নিষ্প্রয়োজনীয়। অর্থাৎ তাহা "কর" বলিয়া করাইতে হয় না। কেননা, নিষ্প্রপঞ্চ ব্রহ্মের যাথার্থ্য প্রতীতি হইলে উক্ত উভয় আপনা হইতেই সিদ্ধ হয়। যেমন রজ্জুর স্বরূপ প্রকাশিত (জ্ঞানগোচর) হইলে রজ্জুযাথার্থ্যের জ্ঞান ও তন্নিষ্ঠ মিথ্যাজ্ঞান-বিজৃম্ভিত সর্পাদিপ্রপঞ্চের বিলয় আপনা হইতেই সিদ্ধ হয়, ব্রহ্ম বিজ্ঞাত হইলেও সেইরূপ। যাহা কৃত অর্থাৎ সিদ্ধ, তাহা কৃতির (যত্নের বা চেষ্টার) অবিষয়। (ভাবার্থ এই যে, ব্রহ্মসাক্ষাৎকার নিয়োগসাপেক্ষ নহে কিন্তু ভ্রমনিবারক উপদেশসাপেক্ষ) [নিযোজ্যোঽপি...এব] অপিচ, ব্রহ্মজ্ঞানে ক্রিয়াকাণ্ডীয় নিযোজ্যের ন্যায় নিযোজ্য থাকা অসম্ভব। কেন? তাহা

ব্রহ্মণি নিযোজ্যাভাবাৎ নিয়োগাভাব এব। দ্রষ্টব্যাদিশব্দা অপি পরবিদ্যাধিকারপঠিতাস্তত্ত্বাভিমুখীকরণপ্রধানা ন তত্ত্বাববোধবিধিপ্রধানাঃ ভবন্তি। লোকেঽপীদং পশ্যেদমাকর্ণয়েতি চৈবঞ্জাতীয়কেষু নির্দ্দেশেষু প্রণিধানমাত্রং কুর্ব্বিত্যুচ্যতে ন সাক্ষাৎ জ্ঞানমেব কুর্ব্বিতি। জ্ঞেয়াভিমুখস্যাপি জ্ঞানং কদাচিজ্জায়তে কদাচিৎ ন জায়তে, তস্মাত্তং প্রতি জ্ঞানবিষয় এব দর্শয়িতব্যো জ্ঞাপয়িতুকামেন। তস্মিন্ দর্শিতে স্বয়মেব যথা-

---

স্তত্ত্বপ্রতিপাদনপরত্বমভ্যুপগমনীয়ং তত্র বরং তত্ত্বপ্রতিপাদনপরত্বমেবাস্তু তস্যাবশ্যাভ্যুপগন্তব্যত্বেনোভয়বাদিসিদ্ধত্বাৎ। এবঞ্চ কৃতং তত্ত্বজ্ঞানবিধিনেত্যাহ— "জ্ঞেয়াভিমুখস্যাপী"তি। ন চ জ্ঞানাধানে প্রমাণানপেক্ষস্যাস্তি কশ্চিদুপযোগো বিধেরেবং হি তদুপযোগো ভবেদ্‌যদ্যন্যথাকারং জ্ঞাতমন্যথাদধীত। ন চ

বলিতেছি। ব্রহ্মজ্ঞানের যে নিযোজ্য প্রপঞ্চাবস্থায় ব্রহ্ম বিজ্ঞাত হইবে সে নিযোজ্য কে? সে নিযোজ্য জীব। ইহা স্বীকৃত হইলেই জিজ্ঞাস্য হইবে,—জীব কি প্রপঞ্চান্তর্গত? না ব্রহ্ম? প্রপঞ্চান্তর্গত হইলে জীব নিষ্প্রপঞ্চ ব্রহ্মতত্ত্ব প্রতিপাদনের দ্বারা পৃথিব্যাদির ন্যায় বিলাপিত হইবে, জীব বিলাপিত (লয়প্রাপ্ত) হইলে কে তখন প্রপঞ্চবিলয় করিবে? কেই বা নিয়োগনিষ্ঠ থাকিয়া অর্থাৎ বিধান প্রতিপালন করতঃ মুক্ত হইবে? জীব যদি প্রপঞ্চান্তর্গত না হয় ও ব্রহ্মই হয়, তবে সে পক্ষেও ব্রহ্মের অনিযোজ্যতা আছে। অর্থাৎ নির্গুণ-নিষ্ক্রিয় নির্লেপ-স্বভাব ব্রহ্ম নিয়োগার্হ নহেন। তাঁহার যে জীবভাব—তাহা অবিদ্যাকৃত। সুতরাং ব্রহ্মবিজ্ঞাপনের নিযোজ্য না থাকায় নিয়োগেরও অভাব আছে। তাৎপর্য্য এই যে, নিয়োগের দ্বারা ব্রহ্মজ্ঞান সিদ্ধ হয় না। ব্রহ্মবিজ্ঞান কেন, ঘটাদিজ্ঞানও নিয়োগের অনধীন। [দ্রষ্টব্যাদি···মুৎপদ্যতে] ব্রহ্মবিদ্যাপ্রকরণে 'দ্রষ্টব্য' প্রভৃতি বিধিপ্রত্যয়যুক্ত শব্দ পঠিত হইলেও সে সকল তত্ত্বজ্ঞানের বিধায়ক নহে। সে সকল তত্ত্ববিষয়ে প্রণিধায়ক মাত্র। "ইহা দেখ" "ইহা শুন" "তাহাই জান" এইরূপ এইরূপ লৌকিক প্রয়োগেও কেবল প্রণিধান করিতে বলা হয়, অন্য কিছু অর্থাৎ "জ্ঞান কর" এ রূপ বলা হয় না। জ্ঞেয় পদার্থ সম্মুখে থাকিলেও কখন কখন প্রতিবন্ধক বশতঃ জ্ঞান হয় না, কখন বা প্রতিবন্ধকাভাবে জ্ঞান হয়। সেই কারণে, জ্ঞাপক পুরুষ জিজ্ঞাসু পুরুষকে জ্ঞানের বিষয় দেখাইয়া দেয়, বিষয় দেখান হইলেই তাহার আপনা আপনি

বিষয়ং যথাপ্রমাণঞ্চ জ্ঞানমুৎপদ্যতে। ন চ প্রমাণান্তরেণান্যথাপ্রসিদ্ধেঽর্থেঽন্যথাজ্ঞানং নিযুক্তস্যাপ্যুপপদ্যতে। যদি পুনর্নিযুক্তোঽহমিত্যন্যথা জ্ঞানং কুর্য্যাৎ ন তু তজ্জ্ঞানম্। কিং তর্হি। মানসী সা ক্রিয়া। স্বয়মেব চেদন্যথোৎপদ্যেত ভ্রান্তিরেব স্যাৎ। জ্ঞানন্তু প্রমাণজন্যং যথাভূতবিষয়ঞ্চ ন তন্নিয়োগশতেনাপি কারয়িতুং শক্যতে ন বা প্রতিষেধশতেনাপি বারয়িতুং শক্যতে। ন হি তৎ পুরুষতন্ত্রম্। বস্তুতন্ত্রমেব হি তৎ। অতোঽপি নিয়োগাভাবঃ। কিঞ্চা-

---

তচ্ছক্যং বাপি যুক্তমিত্যাহ—"ন চ প্রমাণান্তরেণে"তি। কিঞ্চান্যন্নিয়োগনিষ্ঠতয়ৈব চ পর্য্যবস্যত্যাম্নায়ে যদভ্যুপগতং ভবদ্ভিঃ শাস্ত্রপর্য্যালোচনয়াঽনিযোজ্যব্রহ্মাত্মত্বং জীবস্যেতি তদেতচ্ছাস্ত্রবিরোধাদপ্রমাণকম্। অথৈতচ্ছাস্ত্রমনিযোজ্যব্রহ্মাত্মত্বঞ্চ জীবস্য প্রতিপাদযতি জীবঞ্চ নিযুক্তং ততোদ্ব্যর্থঞ্চ বিরুদ্ধার্থঞ্চ স্যাদি-

---

জ্ঞান জন্মে। [ন চ...নিয়োগাভাবঃ] বস্তু চাক্ষুষাদি প্রমাণে যে-আকারে প্রসিদ্ধ, নিযুক্ত (শাস্ত্রের নিকট আজ্ঞাপ্রাপ্ত) পুরুষ তদ্বস্তুকে অন্য আকারে জানিবে, ইহা অনুপপন্ন অর্থাৎ যুক্তিবহির্ভূত। আমি শাস্ত্রকর্ত্তৃক নিযুক্ত—শাস্ত্র আমাকে শালগ্রাম শিলায় বিষ্ণুজ্ঞান উৎপাদন করিতে বলিতেছেন, এই জ্ঞানের বশ্য হইয়া যদি কোন শাস্ত্রনিযুক্ত পুরুষ চেষ্টার দ্বারা শালগ্রাম শিলায় বিষ্ণুপ্রকারক জ্ঞান জন্মান, উৎপাদন করেন, তবে, সে স্থলে তাহা জ্ঞানপদবাচ্য হইবেক না। তাহা এক প্রকার মানসী ক্রিয়া বলিয়া গণ্য হইবেক। আর যদি স্বয়ং অর্থাৎ বিনা চেষ্টায়, আপনা আপনি, ঐরূপ অন্যথা জ্ঞান জন্মে, তবে, সে স্থলে তাহা ভ্রান্তি বলিয়া গণ্য হইবে। জ্ঞান বিষয়ের ও প্রমাণের (ইন্দ্রিয়াদিজনিত বিষয়াকারা মনোবৃত্তির) দ্বারাই জন্মে এবং তাহা যথাবস্থিত বস্তুর আকারেই উৎপন্ন হয়, অন্যথা হয় না। সুতরাং শত শত নিয়োগ তাদৃশ জ্ঞান জন্মাইতে পারে না এবং শত নিষেধও নিবারণ করিতে শক্ত হয় না। (ফলিতার্থ এই যে, প্রমাণ-পাত হইলেই প্রমেয় পদার্থের জ্ঞান হইবেক)। জ্ঞান পুরুষের অধীন নহে, তাহা বস্তুর অধীন। যেমন বস্তু তেমনি জ্ঞান হইবেই হইবে, পুরুষ তাহার অন্যথা করিতে পারিবেন না। এই জন্যই বলি, জ্ঞানে নিয়োগ নাই। নিয়োগ কেবল অনুষ্ঠেয় বা কর্ত্তব্য পদার্থেই সম্ভবে। [কিঞ্চান্যৎ...শক্যাঃ] অধিক কি বলিব, সমুদায় বেদকে যদি

ন্যৎ—নিয়োগনিষ্ঠতয়ৈব পর্য্যবস্যত্যাম্নায়ে যদভ্যুপগত
নিযোজ্যব্রহ্মাত্মত্বং জীবস্য তদপ্রমাণকমেব স্যাৎ। ত
শাস্ত্রমেবানিযোজ্যব্রহ্মাত্মত্বং ব্যাচক্ষীত তদববোধে চ পুরু
নিযুঞ্জীত, ততো ব্রহ্মশাস্ত্রস্যৈকস্য দ্ব্যর্থপরতা বিরুদ্ধা
পরতা চ প্রসজ্যেয়াতাম্। নিয়োগপরতায়াঞ্চ শ্রুতহানি
শ্রুতকল্পনা কর্ম্মফলবন্মোক্ষফলস্যাদৃষ্টফলত্বমনিত্যত্বঞ্চেতে
বমাদয়ো দোষা নাপি কেনচিৎ পরিহর্ত্তুং শক্যাঃ। তস্মা
বগতিনিষ্ঠান্যেব ব্রহ্মবাক্যানি ন নিয়োগনিষ্ঠানি। অতশ্চৈব
নিয়োগপ্রতীতেরেকবাক্যতেত্যযুক্তম্। অভ্যুপগম্যমানেঽ

ত্যাহ—"অথে"তি। দর্শপৌর্ণমাসাদিবাক্যেষু জীবস্যানিযোজ্যস্যাপি বস্তু
ঽধ্যস্তনিযোজ্যভাবস্য নিযোজ্যতা যুক্তা। ন হি তদ্বাক্যং তস্য নিযোজ্যতামা
অপি তু লৌকিকপ্রমাণসিদ্ধাং নিযোজ্যতামাশ্রিত্য দর্শপূর্ণমাসৌ বিধত্তে
ইদন্তু নিযোজ্যতামপনয়তি চ নিযুঙ্‌ক্তে চেতি দুর্ঘটমিতি ভাবঃ। "নিয়ো
পরতায়াঞ্চে"তি। পৌর্ব্বাপর্য্যালোচনয়া বেদান্তানাং তত্ত্বনিষ্ঠতা শ্রুতা ন শ্র
নিয়োগনিষ্ঠতেত্যর্থঃ। অপি চ নিয়োগনিষ্ঠত্বে বাক্যস্য দর্শপৌর্ণমাসক
ইবাপূর্ব্বাবান্তরব্যাপারাদাত্মজ্ঞানকর্ম্মণোঽপ্যপূর্ব্বাবান্তরব্যাপারাদেব স্বর্গা
ফলবন্মোক্ষস্যানন্দরূপফলস্য সিদ্ধিঃ। তথা চানিত্যত্বং সাতিশয়ত্বঞ্চ স্বর্গবত্ত্বে
ত্যাহ—"কর্ম্মফলবদি"তি। "অপি চ ব্রহ্মবাক্যেষ্বি"তি। সপ্রপঞ্চনিষ্প্রপ

নিয়োগপ্রধান বল, তাহা হইলে, বেদে যে জীবের অনিযোজ্য ব্রহ্মাত্ম
কথন আছে তাহা নিরর্থক ও নিষ্প্রমাণ হইবে। যদি এমন হয় যে, শ
অনিযোজ্য ব্রহ্মাত্মতত্ত্ব বলেন ও তজ্জ্ঞানার্থ পুরুষকে নিযুক্ত (জ্ঞান ক
বলিয়া প্রেরণ) করেন, তাহা হইলে এক ব্রহ্মশাস্ত্রের (বেদান্ত-শাস্ত্রের) স্ক
বিরুদ্ধ দুই অর্থ বলার, বা বিরুদ্ধ দুই প্রতিপাদ্য প্রতিপাদন করার দে
অর্পণ করা হয়। ব্রহ্মশাস্ত্রকে নিয়োগপ্রধান বলিতে গেলে শ্রুত-হা
দোষ, অশ্রুতকল্পনা-দোষ, কর্ম্মফলের ন্যায় মোক্ষের অদৃষ্টোৎপাদ্যতা
অনিত্যতা এই দুই দোষ, এবং ঐরূপ অন্যান্য অপরিহার্য্য অনেক
দোষ হইবে, কেহই নিবারণ করিতে পারিবে না। [তস্মা...মাশ্রয়িতু
অতএব, সমুদায় বেদান্তবাক্য অবগতি অর্থেই পর্য্যবসিত, নিয়োগ অ
নহে। বেদান্তবাক্য নিয়োগবাদী নহে বলিয়াই বাদীর পূর্ব্বোক্ত "

চ ব্রহ্মবাক্যেষু নিয়োগসদ্ভাবে তদেকত্বং নিষ্প্রপঞ্চোপদেশেষু সপ্রপঞ্চোপদেশেষু বাঽসিদ্ধম্। ন হি শব্দান্তরাদিভিঃ প্রমাণৈর্নিয়োগভেদেঽবগম্যমানে সর্ব্বত্রৈকো নিয়োগ ইতি শক্যমাশ্রয়িতুম্। প্রযাজদর্শপূর্ণমাসবাক্যেষু ত্বধিকারাংশেনাঽভেদাদ্যুক্তমেকত্বম্। ন ত্বিহ সগুণনির্গুণচোদনাসু কশ্চিদেকত্বাকারাংশোঽস্তি। ন হি ভারূপত্বাদয়ো গুণাঃ প্রপঞ্চবিলয়োপকারিণো ভবন্তি। নাপি প্রপঞ্চবিলয়াদয়ো গুণা ভারূপত্বাদিগুণোপকারিণঃ পরস্পরবিরোধিত্বাৎ। ন হি কৃৎস্ন-

---

পদেশেষু হি সাধ্যানুবন্ধভেদাদেকনিয়োগত্বমসিদ্ধং দর্শপৌর্ণমাসপ্রযাজবাক্যেষু তু যদ্যপ্যনুবন্ধভেদস্তথাপ্যধিকাবাংশস্য সাধ্যস্য ভেদাভাবাদভেদ ইতি।

নিয়োগ প্রতীত হওয়ায় একবাক্য হইবে, একার্থ প্রতিপাদক হইবে" এই কথা অসঙ্গত বা যুক্তিবহির্ভূত হইতেছে। বেদান্তবাক্যে নিয়োগ (বিধি, কর্ত্তব্যতারূপে উপদেশ বা আজ্ঞা) স্বীকার করিলেও তাহার একত্ব স্বীকার দুর্ঘট। নির্গুণের অথবা সগুণের যে কোন প্রকারের উপদেশ হউক, বেদান্তবাক্যে নিযোগের একত্ব (এক নিয়োগ) সিদ্ধ হয় না। অর্থাৎ সাকারব্রহ্মবোধক বাক্যসমূহকে আকার বিলয়ন দ্বারা নিরাকারে স্থাপন করা ও নিরাকার বাক্যের সহিত একার্থ করা দুর্ঘট হয়। শব্দভেদ প্রভৃতির দ্বারা * বিভিন্ন নিয়োগ (বিধি) প্রতীত হয় সত্য; কিন্তু তাহা সার্ব্বত্রিক নহে। সর্ব্বত্র এক নিয়োগ প্রথা অবলম্বিত হইতে পার না। কেন-না, তাহা অযুক্ত—যুক্তিবহির্ভূত। [প্রযাজ... সমাবেশয়িতুম্] প্রযাজ ও দর্শপূর্ণমাস স্থলে † অধিকারাংশের ঐক্য থাকায় একবাক্যতা যুক্তিসিদ্ধ; কিন্তু বেদান্তের সগুণ-নিগুর্ণ-উপদেশ স্থলে কোনও রূপ ঐক্যাংশ নাই। (একের সহিত অপরের ঐক্য করিয়া একার্থ করিবার

---

* ভিন্ন ক্রিয়াবাচী শব্দ শব্দভেদ। নির্গুণ সগুণ ইত্যাদি রূপভেদ। প্রকরণভেদ। ফলভেদ অর্থাৎ কোন উপাসনার ফল মুক্তি, কোন উপাসনার ফল অভ্যুদয় (স্বর্গ)। এই সকল অবলম্বনে যে যুক্তি পঠিত হয়, তাহাও প্রমাণ বলিয়া গণ্য।

† প্রযাজ=দর্শপূর্ণমাস নামক যাগের একটী অঙ্গ। দর্শ ও পূর্ণমাস, এতন্নামক দুইটী যাগে একটী প্রধান যাগ নিষ্পন্ন হয়। প্রযাজ ও অনুযাজ প্রভৃতি তাহার অবয়ব বা অঙ্গ। গণেশ পূজা যেমন সমুদায় প্রধান পূজার অঙ্গ, প্রযাজ অনুযাজও তেমনি দর্শপূর্ণমাস যাগের অঙ্গ। পূর্ব্বমীমাংসায় ঐ সকলের বোধক শ্রুতি একত্রিত করিয়া একমাত্র প্রধান যাগের বোধক করা য়। বেদান্তোক্ত নির্গুণ সগুণ উপাসনা বোধক বাক্য সমূহকে সেরূপ করিবার উপায় নাই।

প্রপঞ্চপ্রবিলাপনং প্রপঞ্চৈকদেশাপেক্ষণঞ্চৈকস্মিন্ ধর্ম্মিণি যুক্তং সমাবেশয়িতুম্। তস্মাদস্মদুক্ত এব বিভাগ আকারবদনা- কারোপদেশানাং যুক্ততর ইতি ॥ ২১ ॥

প্রকৃতৈতাবত্ত্বং হি প্রতিষেধতি ততো ব্রবীতি চ ভূয়ঃ ॥ ২২ ॥*

'দ্বে বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তঞ্চৈবামূর্ত্তঞ্চ মর্ত্ত্যঞ্চামৃতঞ্চ স্থিতঞ্চ

অধিকরণবিষয়মাহ—"দ্বে বাব ব্রহ্মণো রূপে" ইতি। দ্বে এব ব্রহ্মণো রূপে ব্রহ্মণঃ পরমার্থতোঽরূপস্যাধ্যারোপিতে দ্বে এব রূপে তাভ্যাং হি তদ্রূপ্যতে তে দর্শয়তি—"মূর্ত্তঞ্চৈবামূর্ত্তঞ্চ"। সমুচ্চীয়মানাবধারণম্। অত্র পৃথিব্যপ্তে জাংসি ত্রীণি ভূতানি ব্রহ্মণো রূপং মূর্ত্তং মূর্চ্ছিতাবয়বমিতরেতরানুপ্রবিষ্টাবয়ব

উপায় নাই)। বিবেচনা কর, দীপ্তিরূপত্ব গুণ'কে † প্রপঞ্চবিলয়ের ও প্রপঞ্চবিলয়কে দীপ্তিরূপ গুণের উপকারী (অঙ্গ) বলা যায় কি? তাহ যায় না। কারণ এই যে, ঐ গুণদ্বয় পরস্পর বিরোধী। বিরুদ্ধতা বিধা এক বস্তুতে বা একাধারে নিখিল প্রপঞ্চের অভাব ও প্রপঞ্চমধ্যপাতী একাংশ বা অংশবিশেষ স্থাপন করিতে পার না। [তস্মা⋯ইতি] অতএব সাকার নিরাকার উপদেশ সমূহের মধ্যে অন্যের কথিত বিভাগ অপেক্ষ অস্মদীয় বিভাগ যুক্ততর।

"ব্রহ্মের দুইটী রূপ; মূর্ত্ত ও অমূর্ত্ত। (পরমার্থকল্পে তিনি অরূপ পরন্তু উপাধি অনুসারে তাঁহার আরোপিতরূপ মূর্ত্ত ও অমূর্ত্ত। মূর্ত্ত= মূর্ত্তিমৎ অর্থাৎ স্থূল। অমূর্ত্ত=তদ্রহিত অর্থাৎ সূক্ষ্ম। পৃথিবী, জল ও তেজ, এই ভূতত্রয় ব্রহ্মের মূর্ত্তরূপ এবং বায়ু ও আকাশ এই ভূতদ্ব

---

* হি যস্মাৎ প্রকৃতং যৎ এতাবত্ত্বং মূর্ত্তামূর্ত্তলক্ষণং রূপং তৎ প্রতিষেধতি। তথা ভূয়ঃ পু রপি পরমস্তীতি ব্রবীতি শ্রুতিরিতি শেষঃ। ততস্তস্মাৎ ব্রহ্মণো ন কেবলং নির্ব্বিশেষচিন্মাত্রত্বমপি তু সর্ব্বনিষেধাবধিত্বেন সদ্রূপত্বমিতি স্থিতিঃ।—যেহেতু শ্রুতি ব্রহ্মের প্রস্তাবিত দ্বৈরূপ্য (মূ ও অমূর্ত্ত) নিষেধ করতঃ বলিয়াছেন, "ব্রহ্ম এতদতিরিক্ত ও আছেন" সেই হেতু স্থির হ পরমার্থ কল্পে অন্য কিছু নাই এবং তাঁহার রূপাদিও পরমার্থকল্পে নাই। তিনি কেবল সদ্রূপ (বিস্তৃত বিবরণ ভাষানুবাদে পাইবেন)।

† পরমাত্মা দীপ্তিরূপী, ইত্যাদিক্রমে একটী উপাসনা কথিত হইয়াছে। ঐ উপাসনা পরমাত্মা দীপ্তিরূপগুণে উপাস্য। এই দীপ্তিরূপত্ব গুণ প্রপঞ্চবিলয়ের বিরোধী সুতরাং তাহা সহিত প্রপঞ্চবিলয়ের ঐক্য হইবে না। অন্যান্য গুণেও এইরূপ জানিবে।

যচ্চ সচ্চৈতত্যঞ্চ ত্যচ্চ' ইত্যুপক্রম্য পঞ্চ মহাভূতানি দ্বৈরা-

---

কঠিনমিতি যাবৎ। তস্যৈব বিশেষণান্তরাণি মর্ত্ত্যং মরণধর্ম্মকং স্থিতমব্যাপি অবচ্ছিন্নমিতি যাবৎ। সৎ অন্যেভ্যো বিশিষ্যমাণমসাধারণধর্ম্মবদিতি যাবৎ। গন্ধস্নেহোষ্ণতাশ্চান্যোন্যব্যবচ্ছেদহেতবোঽসাধারণধর্ম্মাস্তস্যৈতস্য ব্রহ্মরূপস্য তেজোঽবন্নস্য চতুর্ব্বিশেষণস্যৈষ রসঃ সারো য এষ সবিতা তপতি। অথামূর্ত্তং বায়ুশ্চান্তরিক্ষঞ্চ। তদ্ধি ন কঠিনমিত্যমূর্ত্তমেতদমৃতমমরণধর্ম্মকম্। মূর্ত্তং হি মূর্ত্ত্যন্তরেণাভিহন্যমানমবয়ববিশ্লেষাদ্ধ্বংসতে ন তু তথাভাবঃ সম্ভবত্যমূর্ত্তস্য। এতদ্যদেতি গচ্ছতি ব্যাপ্নোতীতি এতত্যং নিত্যপরোক্ষমিত্যর্থঃ। তস্যৈতস্যা-মূর্ত্তস্যৈতস্যামৃতস্যৈতস্য যত এতস্য ত্যস্যৈষ রসো য এষ এতস্মিন্ সবিতৃমণ্ডলে পুরুষঃ। করণাত্মকো হিরণ্যগর্ভপ্রাণাহ্বয়স্তস্য হ্যেষ রসঃ সারো নিত্যপরোক্ষতা চ সাম্যমিত্যধিদৈবতম্। অথাধ্যাত্মমিদমেব মূর্ত্তং যদন্যৎ প্রাণান্তরাকাশাভ্যাং ভূতত্রয়ং শরীরারম্ভকমেতন্মর্ত্ত্যমেতৎ স্থিতমেতৎ সৎ তস্যৈতস্য মূর্ত্তস্যৈতস্য মর্ত্ত্যস্যৈতস্য স্থিতস্যৈতস্য সত এষ রসো যচ্চক্ষুঃ সতো হ্যেষ রস ইতি। অথামূর্ত্তং প্রাণশ্চ যশ্চায়মন্তরাত্মন্যাকাশঃ। এতদমৃতমেতদ্যদেতত্যং তস্যৈতস্যামূর্ত্তস্যৈ-তস্যামৃতস্যৈত ত্যস্য যত এতস্য ত্যস্যৈষ রসো যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তস্যৈষ রসঃ। লিঙ্গস্য হি করণাত্মকস্য হিরণ্যগর্ভস্য দক্ষিণমক্ষ্যধিষ্ঠানং শ্রুতেরধিগতম্। তদেবং ব্রহ্মণ ঔপাধিকয়োর্মূর্ত্তামূর্ত্তযোরাধ্যাত্মিকাধিদৈবিকয়োঃ কার্য্যকারণ-ভাবেন বিভাগো ব্যাখ্যাতঃ সত্ত্যদ্‌শব্দবাচ্যয়োঃ। অথেদানীং তস্য করণাত্মনঃ

অমূর্ত্তরূপ) মূর্ত্তরূপটী মর্ত্ত্য অর্থাৎ মরণশীল—নশ্বর। অমূর্ত্তরূপটী অমৃত অর্থাৎ অবিনাশী। স্থিত অর্থাৎ অব্যাপী বা পরিচ্ছিন্ন। সৎ অর্থাৎ অন্যাপেক্ষা-বিশেষ বা অসাধারণধর্ম্মবিশিষ্ট। ত্যৎ ও এতত্য অর্থাৎ নিত্যপরোক্ষ।" শ্রুতি এইরূপে প্রস্তাবারম্ভ ও পঞ্চ মহাভূতকে মূর্ত্তামূর্ত্ত রাশিদ্বয়ে বিভক্ত করিয়া বলিয়াছেন, "অমূর্ত্ত ভূতদ্বয়ের সার লিঙ্গাত্মা হিরণ্যগর্ভ--যিনি ঐ সূর্য্যমণ্ড-লের অধিষ্ঠাতা ও পুরুষ। মূর্ত্ত ভূতত্রয়ের সার এই দক্ষিণ চক্ষুঃ—এতদধিষ্ঠিত পুরুষ অমূর্ত্তভূতের সার। তাহা প্রাণ বা লিঙ্গাত্মা।" এইরূপে শ্রুতি পরমাত্মার উপাধি আধ্যাত্মিক ও আধিদৈবিক মূর্ত্তামূর্ত্তবিভাগ কথন পুরঃসর লিঙ্গাত্মার অর্থাৎ ইন্দ্রিযাত্মার উপদেশ করিয়াছেন। অনন্তর তাঁহার রূপবর্ণনা করিয়া-ছেন। রূপবর্ণনকালে মাহারজনাদি দৃষ্টান্ত দিয়াছেন। যেমন মাহারজন বস্ত্র, যেমন পাণ্ডুবর্ণ আবিক বাস, যেমন ইন্দ্রগোপ, তিনিও তেমনি, ইত্যাদি। তাঁহার রূপ বাসনাময় সুতরাং স্বাপ্নিক বা মায়িক। সেই জন্য তাঁহার স্বরূপ বিচিত্র। (মহারজন = হরিদ্রা, পাণ্ডু = শ্বেত। আবিক = পশম)। ফলিতার্থ এই যে, মূর্ত্তামূর্ত্ত পদার্থের সংস্কারীভূত বিজ্ঞান বিচিত্র, তাহাই আধিদৈবিক

শ্যেন প্রবিভজ্যাঽমূর্ত্তরসস্য চ পুরুষশব্দোদিতস্য মাহারজনা-দীনি রূপাণি দর্শয়িত্বা পুনঃ পঠ্যতে, 'অথাত আদেশো নেতি নেতি। ন হ্যেতস্মাদ্‌ব্রহ্মণো নেত্যন্যৎ পরমস্তি' ইতি। তত্র কোঽস্য প্রতিষেধস্য বিষয় ইতি জিজ্ঞাসামহে। ন হ্যত্রেদং তদিতি বিশেষিতং কিঞ্চিৎ প্রতিষেধ্যমুপলভ্যতে। ইতিশব্দেন ত্বত্র প্রতিষেধ্যং কিমপি সমর্প্যতে নেতি নেতীতি। ইতিশব্দ-পরত্বান্নঞ্‌ প্রয়োগস্য। ইতি শব্দশ্চায়ং সন্নিহিতালম্বন এবং-শব্দসমানবৃত্তিঃ প্রযুজ্যমানো দৃশ্যতে 'ইতি হ স্মোপাধ্যায়ঃ

পুরুষস্য লিঙ্গস্য রূপং বক্তব্যম্। মূর্ত্তামূর্ত্তবাসনাবিজ্ঞানময়ং বিচিত্রং মায়াম-হেন্দ্রজালোপমং তদ্বিচিত্রৈর্দৃষ্টান্তৈরাদর্শয়তি তদ্‌যথা "মাহারজন"মিত্যাদিনা। এতদুক্তং ভবতি। মূর্ত্তামূর্ত্তবাসনাবিজ্ঞানময়স্য বিচিত্রং রূপং লিঙ্গস্যেতি। তদেবং নিরবশেষং সবাসনং সত্যরূপমুক্ত্বা যত্তৎ সত্যস্য সত্যমুক্তং ব্রহ্ম তৎ-স্বরূপাবধারণার্থমিদমারভ্যতে। যতঃ সত্যস্য রূপং নিঃশেষমুক্তমতোঽবশিষ্টং সত্যস্য যৎ সত্যং তস্যানন্তরং তদুক্তিহেতুকং স্বরূপং বক্তব্যমিত্যাহ—"অথাত আদেশঃ"। কথনম্। সত্যসত্যস্য পরমাত্মনস্তমাহ—"নেতি নেতি"। এত-দর্থকথনার্থমিদমধিকরণম্। ননু কিমেতাবদেবাদেশ্যমুতেতঃ পরমন্যদপ্যস্তীত্যত আহ—"ন হ্যেতস্মাদ্‌ব্রহ্মণ" ইতি। নেত্যাদিষ্টাদন্যৎ পরমস্তি যদাদেশ্যং ভবেৎ।

আধিভৌতিক লিঙ্গাত্মার, ইন্দ্রিময় আত্মার, অথবা হিরণ্যগর্ভ নামক সূত্রাত্মার স্বরূপ। সর্ব্বশেষে বলিয়াছেন, "অতঃপর ঐ সকল কারণে আদেশ অর্থাৎ কথন বা বলা যায়, তাহা নহে—তাহা নহে। (ফলিতার্থ এই যে, যাহা বলা হইল, পরমার্থ পক্ষে তাহা ব্রহ্ম নহে। তাহা ব্রহ্মের উপাধিমাত্র।) যাহা প্রকৃত আদেশ্য তাহা "তাহা নহে" "তাহা নহে" এই নিষেধের নিষেধ্য হইতে ভিন্ন, পর বা পরম ও অস্তিরূপ (সত্তাত্মক)। * [তত্র…দিষু] এখানে জিজ্ঞাসা এই যে "না বা নহে" এই নিষেধের বিষয় বা নিষেধ্য কি? শ্রুতি ঐ

---

* শ্রুতি ব্রহ্ম বুঝাইবার উদ্দেশে প্রথমে মূর্ত্তামূর্ত্ত-বাসনা-বিজ্ঞানময় লিঙ্গাত্মার স্বরূপ বলিয়া ছেন। পরে বলিয়াছেন, এ সকল সত্য। তৎপরে বলিয়াছেন, যাহা এই সত্যের সত্য তাহা ব্রহ্ম। এই বিচারটী সেই শ্রুত্যুক্ত সত্য-সত্য ব্রহ্মের স্বরূপ অবধারণার্থ অবতরিত। শ্রুতি যে নিখিল সত্যরূপ বলিয়া সত্য-সত্যের স্বরূপ বিজ্ঞাপনার্থ "নেতি" "নেতি" বলিয়াছেন, অর্থাৎ "না" "না" এই নিষেধ বাচক শব্দ উচ্চারণ করিয়াছেন, তাহাতে সহসা সত্য-সত্যের স্বরূপ প্রতীত হয় না, প্রত্যুত নানাপ্রকার সংশয় আগমন করে। কেননা প্রোক্ত নিষেধের নিষেধ্য ঐ স্থলে অভিহিত নাই। নিষেধ্যের অভিধান না থাকায় ব্রহ্মপর্য্যন্ত নিষেধ্যান্তর্গত হইবার

কথয়তি' ইত্যেবমাদিষু। সন্নিহিতঞ্চাত্র প্রকরণসামর্থ্যা-দ্রূপদ্বয়ং সপ্রপঞ্চং ব্রহ্মণঃ। তচ্চ ব্রহ্ম যস্য তে দ্বে রূপে। তত্র নঃ সংশয় উপজায়তে কিময়ং প্রতিষেধো রূপে রূপবচ্চোভয়মপি প্রতিষেধতি আহোস্বিদেকতরম্। যদাপ্যে-কতরং তদাপি কিং ব্রহ্ম প্রতিষেধতি রূপে পরিশিনষ্টি আহোস্বিদ্রূপে প্রতিষেধতি ব্রহ্ম পরিশিনষ্টীতি। তত্র প্রকৃতত্বাবিশেষাদুভয়মপি প্রতিষেধতীত্যাশঙ্কামহে। দ্বৌ তৌ প্রতিষেধৌ। দ্বির্নেতিশব্দপ্রয়োগাৎ। তয়োরেকেন সপ্রপঞ্চং ব্রহ্মণো রূপং প্রতিষিধ্যতেঽপরেণ রূপবদ্ব্রহ্মেতি

তস্মাদেতাবদেবাদেশ্যং নাপরমস্তীত্যর্থঃ। অত্রৈবমর্থে নেতিনা যৎ সন্নিহিতং পরামৃষ্টং তন্নিষিধ্যতে নঞা। সন্নিহিতঞ্চ মূর্ত্তামূর্ত্তসবাসনং রূপদ্বয়ম্। তদ-বচ্ছেদকত্বেন চ ব্রহ্ম। তত্রেদং বিচার্য্যতে। কিং রূপদ্বয়ং সবাসনং ব্রহ্ম চ সর্ব্বমেব চ প্রতিষিধ্যতে, উত ব্রহ্মৈবাথ সবাসনং রূপদ্বয়ম্। ব্রহ্ম তু পরিশিষ্যত ইতি। যদ্যপি তেষু তেষু বেদান্তপ্রদেশেষু ব্রহ্মস্বরূপং প্রতিপাদিতং তদসদ্ভাব-জ্ঞানঞ্চ নিন্দিতমস্তীত্যেবোপলব্ধব্য ইতি চাস্য সত্ত্বমবধারিতং তথাপি সদ্বোধ-রূপং তদ্ব্রহ্ম সবাসনমূর্ত্তামূর্ত্তরূপসাধারণতয়া চ সামান্যং তস্য চৈতে বিশেষা মূর্ত্তামূর্ত্তাদয়ো ন চ তত্তদ্বিশেষনিষেধে সামান্যমবস্থাতুমর্হতি নির্ব্বিশেষস্য সামান্যস্যাযোগাৎ। যথাহুঃ—'নির্ব্বিশেষং ন সামান্যং ভবেচ্ছশবিষাণবৎ'।

নিষেধবাক্যে কাহার নিষেধ করিয়াছেন? সংশয় হইবার কারণ এই যে, ঐ স্থানে কোনরূপ নাম-নির্দ্দিষ্ট নিষেধ্যের উল্লেখ নাই। ইহা, তাহা, অমুক, এরূপ কোন কথা নাই। না থাকায় ঐ নিষেধের কোনরূপ নির্দ্দিষ্ট নিষেধ্য উপলব্ধ হয় না। কেবল ন+ইতি=নেতি—এইরূপে ঐ ন-কারের পর ইতি শব্দ থাকায় সেই "ইতি" শব্দে সামান্যতঃ কোন এক অনির্দ্দিষ্ট নিষেধ্য সমর্পিত হয় (প্রতীত) করায়। ইতি-শব্দ সন্নি-হিতবাচী। যেমন এবং-শব্দ, তেমনি ইতি-শব্দ। বেদেও এবং-শব্দের অর্থে ইতি-শব্দের প্রয়োগ দেখা যায়। যথা—"উপাধ্যায় ইতি অর্থাৎ এইরূপ বলিয়াছিলেন।" ইত্যাদি। [সন্নিহিতঞ্চাত্র···মতিঃ] অতএব, যাহা সন্নি-

---

সম্ভাবনা। সুতরাং প্রস্তাবের পূর্ব্বাপর পর্য্যালোচনা পূর্ব্বক বিচার পদ্ধতি অবলম্বন দ্বারা ঐ তত্ত্বের নির্ণয় করা আবশ্যক সুতরাং বিচারারম্ভ নিরর্থক নহে।

ভবতি মতিঃ। অথবা ব্রহ্মৈব রূপবৎ প্রতিষিধ্যতে। তদ্ধি বাঙ্মনসাতীতত্বাদসম্ভাব্যমানসদ্ভাবং প্রতিষেধার্হং ন তু রূপ-প্রপঞ্চঃ প্রত্যক্ষাদিগোচরত্বাৎ প্রতিষেধার্হম্। অভ্যাসস্ত্বাদরা-

---

ইতি। তস্মাত্তদ্বিশেষনিষেধেঽপি তৎসামান্যস্য ব্রহ্মণোঽনবস্থানাৎ সর্ব্বস্যৈবাঽয়ং নিষেধঃ। অতএব ন হ্যেতস্মাদিতি নৈত্যন্যৎপরমস্তীতি নিষেধাৎ পরং নাস্তীতি সর্ব্বনিষেধমেব তত্ত্বমাহ শ্রুতিঃ। অস্তীত্যেবোপলব্ধব্য ইতি চোপাসনাবিধান-বন্নেয়ং ন ত্বস্তিত্বমেবাস্য তত্ত্বম্। তৎপ্রশংসার্থঞ্চাসদ্ভাবজ্ঞাননিন্দা। যচ্চান্যত্র ব্রহ্মস্বরূপপ্রতিপাদনং তদপি মূর্ত্তামূর্ত্তরূপপ্রতিপাদনবন্নিষেধার্থমসন্নিহিতোঽপি চ তত্র নিষেধো যোগ্যত্বাৎ সম্বধ্যতে। যথাহুঃ—'যেন যস্যাভিসম্বন্ধো দূরস্থ-স্যাপি তেন সঃ' ইতি। তস্মাৎ সর্ব্বস্যৈবাঽবিশেষেণ নিষেধ ইতি প্রথমঃ পক্ষঃ। অথবা পৃথিব্যাদিপ্রপঞ্চস্য সমস্তস্য প্রত্যক্ষাদিপ্রমাণসিদ্ধত্বাদ্ব্রহ্মণস্তু বাঙ্মনসাগোচরতয়া সকলপ্রমাণবিরহাৎ কতরস্যাস্তু নিষেধ ইতি বিশয়ে প্রপঞ্চ-প্রতিষেধে সমস্তপ্রত্যক্ষাদিব্যাকোপপ্রসঙ্গাদ্ব্রহ্মপ্রতিষেধে ত্বব্যাকোপাদ্-ব্রহ্মৈব প্রতিষেধেন সম্বধ্যতে যোগ্যত্বান্ন প্রপঞ্চস্তদ্বৈপরীত্যাৎ। বীপ্সা তু তদ-

---

হিত—পূর্ব্বকথিত—তাহাই ইতি-শব্দের বোধ্য। সন্নিধানে অর্থাৎ পূর্ব্বে ব্রহ্মের রূপদ্বয় বর্ণিত আছে। তিনিই ব্রহ্ম, এইরূপদ্বয় যাঁহার, এইরূপে বর্ণিত আছে। সুতরাং সংশয় হয়। সংশয়ের আকার এই যে, ঐ নিষেধ কি রূপ-দ্বয় ও রূপদ্বয়যোগী ব্রহ্ম,—উভয়ের নিষেধক? অথবা একতরের নিষেধক? যদি একতরের নিষেধক হয়, তবে, তদ্দ্বারা কি ব্রহ্মেব নিষেধ হইয়াছে? (ব্রহ্ম নাই বলা হইয়াছে?) না কেবল রূপদ্বয়ের নিষেধ হইয়াছে? (ব্রহ্মের রূপ নাই বলা হইয়াছে?) প্রকৃতে বিশেষোক্তি না থাকায় অর্থাৎ প্রকরণে উভয়ের প্রস্তাব থাকায় উভয়েরই নিষেধাশঙ্কা হয়। অপিচ, দুই বার "নেতি" শব্দের প্রয়োগ থাকাতে মনে হয়, ঐ স্থলে দুইটী নিষেধ। একটীর দ্বারা ব্রহ্মের প্রপঞ্চরূপের ও অন্যটীর দ্বারা রূপবদ্ব্রহ্মের নিষেধ হইয়াছে। [অথবা...প্রসঙ্গাৎ] অথবা যাঁহার মূর্ত্তামূর্ত্তরূপ বলা হইয়াছে তাঁহারই—সেই ব্রহ্মেরই—নিষেধ হইয়াছে (ব্রহ্ম নাই বলা হইয়াছে)। তিনি বাক্য মনের অগোচর, সেই কারণে তাঁহার সদ্ভাব অর্থাৎ অস্তিত্ব অসম্ভাব্যমান। অতএব, নির্ব্বিশেষ ব্রহ্মই নিষেধের যোগ্য, সবিশেষ ব্রহ্ম নিষেধের যোগ্য নহে। রূপ-প্রপঞ্চ প্রত্যক্ষ, সুতরাং তাহা নিষেধের অযোগ্য। (যাহা চক্ষে দেখা যায় তাহা নাই বলা যায় না; সুতরাং তাহা নিষেধের যোগ্য নহে)। দুই বার নিষেধ অর্থাৎ নেতি-শব্দের উল্লেখ আছে সত্য; তাহার এক উল্লেখের আদ-

ৰ্থম্। ইত্যেবং প্রাপ্তে ক্রমঃ—ন তাবদুভয়প্রতিষেধ উপপ-
দ্যতে শূন্যবাদপ্রসঙ্গাৎ। কিঞ্চিদ্ধি পরমার্থমালম্ব্যাপরমার্থঃ
প্রতিষিধ্যতে যথা রজ্জ্বাদিষু সর্পাদয়ঃ। তচ্চ পরিশিষ্যমাণে
কস্মিংশ্চিদ্ভাবেঽবকল্পতে। কৃৎস্নপ্রতিষেধে হি কোঽন্যো
ভাবঃ পরিশিষ্যেত। অপরিশিষ্যমাণে চান্যস্মিন্ য ইতরঃ
প্রতিষেদ্ধুমারভ্যতে তস্য প্রতিষেদ্ধুমশক্যত্বাৎ তস্যৈব পর-
মার্থতাপত্তেঃ প্রতিষেধানুপপত্তিঃ। নাপি ব্রহ্মপ্রতিষেধ উপ-

ত্যন্তাভাবস্যচনায়েতি মধ্যমঃ পক্ষঃ। তত্র প্রথমং পক্ষং নিরাকরোতি। "ন
তাবদুভয়প্রতিষেধ উপপদ্যতে শূন্যবাদপ্রসঙ্গাদি"তি। অয়মভিসন্ধিঃ—উপাধয়ো
স্য পৃথিব্যাদয়োঽবিদ্যাকল্পিতা ন তু শোণকর্কাদয় ইব বিশেষা অশ্বত্বস্য।
চোপাধিবিগমে উপহিতস্যাভাবোঽপ্রতীতির্ব্বা। ন হ্যুপাধীনাং দর্পণমণি-
পাণাদীনামপগমে মুখস্যাভাবোঽপ্রতীতির্ব্বা। তস্মাদুপাধিনিষেধেঽপি নোপ-
হিতস্য শশবিষাণায়মানতাঽপ্রত্যয়ো বা। ন চেতীতি সন্নিধানাবিশেষাৎ সর্ব্বস্য
প্রতিষেধ্যত্বমিতি যুক্তম্। ন হি ভাবমনুপাশ্রিত্য প্রতিষেধ উপপদ্যতে কি-
ঞ্চিদ্ধি কচিন্নিষিধ্যতে। ন হ্যনাশ্রয়ঃ প্রতিষেধঃ শক্যঃ প্রতিপত্তুম্। তদিদমুক্ত-
পরিশিষ্যমাণে চান্যস্মিন্ য ইতরঃ প্রতিষেদ্ধুমারভ্যতে তস্য প্রতিষেদ্ধুমশক্য-
ত্বাৎ তস্যৈব পরমার্থত্বাপত্তেঃ প্রতিষেধানুপপত্তিঃ। মধ্যমং পক্ষং প্রতিক্ষিপতি।
নাপি ব্রহ্মনিষেধ উপপদ্যতে। যুক্তং যন্নৈসর্গিকাবিদ্যাপ্রাপ্তঃ প্রপঞ্চঃ প্রতি-
ষিধ্যতে প্রাপ্তিপূর্ব্বকত্বাৎ প্রতিষেধস্য। ব্রহ্ম তু নাবিদ্যাসিদ্ধং নাপি প্রমাণা-
ন্তরাৎ। তস্মাৎ শব্দেন প্রাপ্তং প্রতিষেধনীয়ম্। তথা চ যস্তস্য শব্দঃ প্রাপকঃ
তৎপর ইতি স ব্রহ্মণি প্রমাণমিতি কথমস্য নিষেধোঽপি প্রমাণ-
ন্। ন চ পর্য্যুদাসাধিকরণপূর্ব্বপক্ষন্যায়েন বিকল্পঃ। বস্তুনি সিদ্ধস্বভাবে
তদনুপপত্তেঃ। ন চাবাঙ্মনসগোচরোবুদ্ধাবালেখিতুং শক্যঃ। অশক্যশ্চ কথং

র্থতা ব্যতীত অন্য অর্থ নাই। অর্থাৎ ব্রহ্ম যখন বাক্য মনের
গোচর, তখন তাঁহাকে নাই বলাই শ্রেয়ঃ ও আদরণীয়, এই অভিপ্রায়ে ঐ
উক্তি ন্যস্ত হইয়াছে। এই আশঙ্কার বা এই পূর্ব্বপক্ষের উপর বলা যায়,
উভয়নিষেধ যুক্তিসিদ্ধ নহে। উভয়নিষেধে শূন্যবাদ আইসে। [কিঞ্চিদ্ধি···
সঙ্গাচ্চ] যদ্রূপ রজ্জুপ্রভৃতিতে সর্পাদির নিষেধ, সেইরূপ, কোন এক
পরমার্থ সৎ আধার অবলম্বন করিয়া তাহাতে অপরমার্থের (মিথ্যার)
নিষেধ হইয়া থাকে। নিষেধ সঙ্গত বা সাধু হইতে পারে, যদি কিছু অব-

পদ্যতে। 'ব্রহ্ম তে ব্রুবাণি' ইত্যুপক্রমবিরোধাৎ। 'অসন্নে স ভবত্যসদ্ব্রহ্মেতি বেদ চেৎ' ইত্যাদিনিন্দাবিরোধাৎ 'অস্তিত্যেবোপলব্ধব্যঃ' ইত্যবধারণবিরোধাৎ। সর্ব্ববেদান্ত ব্যাকোপপ্রসঙ্গাচ্চ। বাঙ্মনসাতীতত্বমপি ব্রহ্মণো নাভাবা ভিপ্রায়েণাভিধীয়তে। ন হি মহতা পরিকরবন্ধেন 'ব্রহ্মবিদ প্নোতি পরং' 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম' ইত্যেবমাদিনা বেদ ন্তেষু ব্রহ্ম প্রতিপাদ্য তস্যৈব পুনরভাবোঽভিলপ্যেত। প্রক্ষ লনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরমিতি ন্যায়াৎ। অতঃ প্রতি পাদনপ্রক্রিয়া ত্বেষা 'যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনস

নিষিধ্যতে। প্রপঞ্চস্ত্বনাদ্যবিদ্যাসিদ্ধোঽনূদ্য ব্রহ্মণি প্রতিষিধ্যত ইতি যুক্ত তদিমামনুপপত্তিমভিপ্রেত্যোক্তং নাপি ব্রহ্মপ্রতিষেধ উপপদ্যত ইতি। হেত্ব রমাহ—"ব্রহ্ম তে ব্রুবাণী"তি। "উপক্রমবিরোধাদি"তি। উপক্রমপরামর্শে সংহারপর্য্যালোচনয়া হি বেদান্তানাং সর্ব্বেষামেব ব্রহ্মপরত্বমুপপাদিতং প্রথম ঽধ্যায়ে। ন চাসত্যামাকাঙ্ক্ষায়াং দূরতরস্থেন প্রতিষেধেনৈষাং সম্বন্ধঃ সম্ভবতি যচ্চ বাঙ্মনসাতীততয়া ব্রহ্মণস্তৎপ্রতিষেধস্য ন প্রমাণান্তরবিরোধ ইতি তত্রাহ "বাঙ্মনসাতীতত্বমপী"তি। প্রতিপাদয়ন্তি বেদান্তা মহতা প্রযত্নেন ব্রহ্ম।

শেষ থাকে। সর্ব্বনিষেধ হইলে কোনও বস্তু অবশিষ্ট থাকিবেক না। য অবশেষ না থাকে, কিছু না থাকে, তাহা হইলে যাহাতে অন্যের নি অর্থাৎ যাহাতে "নাই" বলিবে তাহাও নিষেধের অবিষয় হইবে। তাহা হই সর্ব্বনিষেধ সিদ্ধ হইবে না। কেননা, এক পরমার্থ সৎ থাকায় তাহার নি যুক্তিবহির্ভূত হয়। অপিচ, ব্রহ্মের নিষেধ বলিতে গেলে তাহা উপপন্ন হই না; কেননা, তাহা "তোমাকে ব্রহ্ম বলিব" এই উপক্রম বা প্রতিজ্ঞ বিরুদ্ধ এবং তাহা "সেও অসৎ হয়—যে ব্রহ্মকে অসৎ বলিয়া জানে ইত্যাদি বাক্যে যে অসদ্ব্রহ্মবাদীর নিন্দা অভিহিত হইয়াছে, তদ্বিরু বটে। "অস্তি—আছেন, এইরূপে তিনি উপলব্ধব্য।" এই যে অবধা অভিহিত হইয়াছে, ব্রহ্মনিষেধপক্ষ তাহারও বিরোধী। অধিক কি বলি ব্রহ্মের নিষেধ বলিতে গেলে সমুদায় বেদান্তের অবমাননা করা হইবে (অতএব, লৌকিকপ্রমাণপ্রাপ্ত দ্বৈতই উক্ত নিষেধের নিষেধ্য; বেদ প্রথিত অদ্বয় ব্রহ্ম নিষেধ্য নহে)। [বাঙ্মনসা…ষেধতীতি। শ্রুতি তাঁহা

সহ' ইতি। এতদুক্তং ভবতি। বাঙ্মনসাতীতমবিষয়ান্তঃপাতি-প্রত্যগাত্মভূতং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং ব্রহ্মেতি। তস্মাৎ ব্রহ্মণো রূপপ্রপঞ্চং প্রতিষেধতি পরিশিনষ্টি চ ব্রহ্মেত্যবগন্তব্যম্। তদেতদুচ্যতে—প্রকৃতৈতাবত্ত্বং হি প্রতিষেধতীতি। প্রকৃতং যদেতাবত্ত্বং পরিচ্ছিন্নং মূর্ত্তামূর্ত্তলক্ষণং ব্রহ্মণো রূপং তদেষ শব্দঃ প্রতিষেধতি। তদ্ধি প্রকৃতং প্রপঞ্চিতঞ্চ পূর্ব্বস্মিন্ গ্রন্থেঽধিদৈবতমধ্যাত্মঞ্চ তজ্জনিতমেব চ বাসনালক্ষণমপরং

চ নিষেধায় তৎপ্রতিপাদনমনুপপত্তেরিত্যুক্তমধস্তাৎ। ইদানীন্তু নিষ্প্রয়োজনমিত্যুক্তং প্রক্ষালনাদ্ধি পঙ্কস্যেতি ন্যায়াৎ। তস্মাদ্বেদান্তবাচা মনসি সন্নিধানাদ্‌ব্রহ্মণোবাঙ্মনসাতীতত্বং নাঞ্জসমপি তু প্রতিপাদনপ্রক্রিয়োপক্রম এষঃ। যথা গবাদয়ো বিষয়াঃ সাক্ষাচ্ছৃঙ্গগ্রাহিকয়া প্রতিপাদ্যন্তে প্রতীয়ন্তে চ নৈবং ব্রহ্ম। যথাহুঃ—ভেদপ্রপঞ্চবিলয়দ্বারেণ চ নিরূপণমিতি। ননু প্রকৃতপ্রতিষেধে ব্রহ্মণোঽপি কস্মান্ন প্রতিষেধ ইত্যত আহ—"তদ্ধি প্রকৃতং প্রপঞ্চিতঞ্চে"তি।

বাক্যমনের অগোচর বলিয়াছেন সত্য; কিন্তু তাহাতে তাঁহার অভাব অর্থাৎ নাস্তিত্ব কথিত হয় নাই। অর্থাৎ ব্রহ্ম নাই, এ অভিপ্রায়ে বাক্যাদির অগোচর বলা হয় নাই। প্রমাণভূতা শ্রুতি মহা আড়ম্বরে "ব্রহ্মবিৎ ব্রহ্মপ্রাপ্ত হন" "ব্রহ্ম সত্যজ্ঞানানন্দ ও অনন্ত" ইত্যাদি ইত্যাদি বাক্যে ব্রহ্ম প্রতিপাদন করিয়া অবশেষে ব্রহ্ম নাই বলিবেন, ইহা সম্পূর্ণ অসম্ভব। ঐরূপ বলিবার প্রয়োজনও নাই। পাঁক মাখিয়া তাহা ধৌত করা অপেক্ষা পাঁক না মাখাই ভাল, ইহা সামান্য লৌকিক পুরুষেরাও বুঝে। "বাক্য ও মন যাঁহাকে না পাইয়া প্রতিনিবৃত্ত হয় অর্থাৎ বাক্য যাঁহাকে বলিতে ও মন যাঁহাকে মনন করিতে পারে না," এ শ্রুতি তাঁহার অভাব বলেন নাই; কিন্তু ব্রহ্ম প্রতিপাদনের প্রক্রিয়া বা প্রণালী মাত্র বলিয়াছেন। উহাতে ইহাই উক্ত হইয়াছে যে, ব্রহ্মরূপটী বাক্যমনের অতীত অর্থাৎ অবিষয়। প্রত্যগাত্মা অবিষয় ও নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত। বুঝিতে হইবে যে, ঐ নিষেধ—ঐ নেতি নেতি বাক্য—রূপপ্রপঞ্চের নিষেধ করিয়া ব্রহ্মকে পরিশেষিত করিয়াছেন। অর্থাৎ ব্রহ্মই আছেন, অন্য কিছু নাই, ইহা বলিয়াছেন। সূত্রকারও "প্রকৃতৈতাবত্ত্বং প্রতিষেধতি" এই অংশের দ্বারা ঐ কথাই বলিয়াছেন। [প্রকৃতং...নুপপত্তেঃ] যে এতাবত্ত্ব প্রস্তাবিত অর্থাৎ ব্রহ্মপ্রস্তাবে যে,

রূপমমূর্ত্তরসভূতং পুরুষশব্দোদিতং লিঙ্গাত্মব্যপাশ্রয়ং মাহা
রজনাদ্যুপমাভির্দ্দর্শিতমমূর্ত্তরসস্য চ পুরুষস্য চক্ষুর্গ্রাহ্যরূপ
যোগিত্বানুপপত্তেঃ। তদেতৎ সপ্রপঞ্চং ব্রহ্মণো রূপং সন্নি
হিতালম্বনেনেতি করণেন প্রতিষেধকনঞং প্রত্যুপনীয়ত ইতি
গম্যতে। ব্রহ্ম তু রূপবিশেষণত্বেন ষষ্ঠ্যা নির্দ্দিষ্টং পূর্ব্বস্মিন্
গ্রন্থে ন স্বপ্রধানত্বেন। প্রপঞ্চিতে চ তদীয়ে রূপদ্বয়ে রূপবত
স্বরূপজিজ্ঞাসায়ামিদমুপক্রান্তং 'অথাত আদেশো নেতি
নেতি' ইতি। তত্র কল্পিতরূপপ্রত্যাখ্যানেন ব্রহ্মণঃ স্বরূপা
বেদনমিদমিতি নির্ণীয়তে। তদাস্পদং হীদং সমস্তং কার্য্য
নেতি নেতীতি প্রতিষিদ্ধম্। যুক্তঞ্চ কার্য্যস্য বাচারম্ভণশ

প্রধানং প্রকৃতং প্রপঞ্চশ্চ প্রধানং ন ব্রহ্ম। তস্য ষষ্ঠ্যন্ততয়া প্রপঞ্চাবচ্ছেদকত্বে
নাপ্রধানত্বাদিত্যর্থঃ। 'ততোঽন্যদ্‌ব্রবীতী'তি নেতি নেতীতি প্রতিষেধাদন্য
দ্ভূয়ো ব্রবীতীতি তন্নির্ব্বচনম্। ন হ্যেতস্মাদিত্যস্য যদা ন হ্যেতস্মাদিতি নেতি

ব্রহ্মের মূর্ত্তামূর্ত্তলক্ষণ পরিচ্ছিন্ন রূপ বর্ণিত হইয়াছে, ঐ "নেতি" শব্দে তাহা
রই নিষেধ হইয়াছে। অর্থাৎ তাহা পরমার্থকল্পে নাই, ইহাই ঐ শব্দে
বলা হইয়াছে। যাহা প্রকৃত তাহা পূর্ব্বে অধ্যাত্ম ও অধিদৈবত ভেদে
দ্বিভাগে প্রপঞ্চিত হইয়াছে। তজ্জনিত বাসনাত্মক অপর একটী রূপ-
যাহা অমূর্ত্তরূপের রস অর্থাৎ সার—তাহা পুরুষ ও লিঙ্গাত্মা-শব্দে শব্দিত
হইয়াছে এবং সেরূপটী মাহারজন অর্থাৎ হরিদ্রাক্ত বস্ত্র প্রভৃতি উপমা
দ্বারা বুঝাইয়া দেওয়া হইয়াছে (শ্রুতিকর্ত্তৃক)। অমূর্ত্তভূতের সারস্বরূপ মূর্ত্ত
বাসনাময় হিরণ্যগর্ভের চক্ষুর্গ্রাহ্যরূপ নাই বলিয়াই উপমান দ্বারা বুঝাইতে
হইয়াছে। [তদেতৎ…মূলত্বাৎ] এই সপ্রপঞ্চ ব্রহ্মরূপ ইতি-শব্দে উপস্থাপিত
হইয়া নিষেধার্থক ন-কারে উপনীত অর্থাৎ নিষিদ্ধ হইয়াছে। পূর্ব্বগ্রন্থস্থ ব্রহ্ম
শব্দে ষষ্ঠী বিভক্তি থাকায় ব্রহ্ম বিশেষণভাবে অর্থাৎ অপ্রধানভাবে প্রদর্শিত
হইয়াছেন। রূপদ্বয় (মূর্ত্তামূর্ত্ত) প্রপঞ্চিত হওয়ায়, রূপবানের অর্থাৎ
যাঁহার সেই দুই রূপ—তাঁহার অর্থাৎ তদ্বিষয়ক জিজ্ঞাসা (জানিবার ইচ্ছা)
স্বতঃই উৎপন্ন হয়, তৎপরিপূরণার্থ "অথাত আদেশো নেতি নেতি" এরূপে
উপক্রম। ঐ উপক্রম বাক্যে ব্রহ্মের কল্পিত রূপ প্রত্যাখ্যান ও স্বরূপের
বিজ্ঞাপন, এই দুই তত্ত্ব নির্ণীত হয়। এই যে-কিছু কার্য্য—যে-কিছু জন্মবান্
বস্তু—সমস্তই ব্রহ্মাশ্রিত। সেই কারণে এ সকল ব্রহ্মে নিষিদ্ধ। তাৎপর্য্য

ব্দাদিভ্যোঽসত্ত্বমিতি নেতি নেতীতি প্রতিষেধনং ন তু ব্রহ্মণঃ সর্ব্বকল্পনামূলত্বাৎ। ন চাত্রেয়মাশঙ্কা কর্ত্তব্যা।—কথং হি শাস্ত্রং স্বয়মেব ব্রহ্মণো রূপদ্বয়ং দর্শয়িত্বা স্বয়মেব পুনঃ প্রতিষেধতি 'প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরং' ইতি। যতো নেদং শাস্ত্রং প্রতিপাদ্যত্বেন ব্রহ্মণো রূপদ্বয়ং নির্দ্দিশতি, লোকপ্রসিদ্ধন্ত্বিদং রূপদ্বয়ং ব্রহ্মণি কল্পিতং পরামৃশতি প্রতি-ষেধ্যত্বায় শুদ্ধব্রহ্মস্বরূপপ্রতিপাদনায় চেতি নিরবদ্যম্। দ্বৌ চৈতৌ প্রতিষেধৌ যথাসংখ্যন্যায়েন দ্বে অপি মূর্ত্তামূর্ত্তে প্রতি-ষেধতঃ। যদ্বা পূর্ব্বঃ প্রতিষেধো ভূতরাশিং প্রতিষেধতি। উত্তরো বাসনারাশিম্। অথবা 'নেতি নেতি' ইতি বীপ্সেয়মি-

---

নেত্যাদিষ্টাদ্‌ব্রহ্মণোঽন্যৎ পরমস্তীতি ব্যাখ্যানং তদা প্রপঞ্চপ্রতিষেধাদন্যদ্‌ব্রহ্মৈব ব্রবীতীতি ব্যাখ্যেয়ম্। যদা তু ন হেতস্মাদিতি সর্ব্বনাম্না প্রতিষেধো ব্রহ্মণ

এই যে, অবিচারিত জ্ঞানে এ সকল ব্রহ্মাস্পদ কিন্তু পরমার্থজ্ঞানে এ সকল মিথ্যা অর্থাৎ আদৌ নাই। কার্য্য (জন্যবস্তু) মাত্রেই বাক্যারম্ভ অর্থাৎ কথা মাত্র, বস্তুসৎ নহে, ইত্যাদি শাস্ত্র ও যুক্তির দ্বারা কার্য্যের মিথ্যাত্ব প্রসিদ্ধ আছে সুতরাং তাহারই নিষেধ যুক্তিযুক্ত। ব্রহ্ম সমুদায় কল্পনার মূল; সুতরাং ব্রহ্ম নিষেধের অর্থাৎ ব্রহ্মকে নাই বলার উপায় নাই। [ন চাত্রেয়...নিবর্ত্ততে] শাস্ত্র ব্রহ্মের রূপদ্বয় দেখাইয়া নিষেধ করিলেন কেন? কর্দ্দম মাখিয়া ধৌতকরণ অপেক্ষা কর্দ্দম না মাখাই-ত ভাল? এ আশঙ্কা কর্ত্তব্য নহে। তৎপ্রতি হেতু এই যে, শাস্ত্র ব্রহ্মের ঐ রূপ-দ্বয় প্রতিপাদ্যভাবে উল্লেখ করেন নাই, বলেন নাই, লৌকিক প্রমাণ প্রাপ্ত অর্থাৎ বিচারিত জ্ঞানাভাব-প্রযুক্ত কল্পিত তদ্দ্বয়ের অনুবাদ বা অনুসন্ধান মাত্র করিয়াছেন। ঐ মূর্ত্তামূর্ত্ত রূপদ্বয়ের পরামর্শ (অনুসন্ধান) ও নিষেধ্যতা কথন শুদ্ধ ব্রহ্মের স্বরূপ প্রতিপাদন উদ্দেশেই কৃত হইয়াছে। ঐ প্রতিষেধদ্বয় যথাসংখ্য ন্যায়ে অর্থাৎ যথাক্রমে মূর্ত্তামূর্ত্ত রূপের প্রতিষেধ করে। অথবা প্রথম নিষেধে ভূতরাশির এবং দ্বিতীয় নিষেধে বাসনা-রাশির নিষেধ হইয়াছে। কিম্বা "নেতি" "নেতি" এই দ্বিরুক্ত প্রয়োগ বীপ্সা। বীপ্সা প্রয়োগের ফল বা উদ্দেশ্য এই যে, ব্রহ্মে যে-কিছু উৎ-প্রেক্ষিত হয় ও হইতে পারে সে সমস্তই তাঁহাতে নাই। "ইহা নহে" এতাবৎ মাত্র পরিগণিত নিষেধে জিজ্ঞাসা নিবৃত্তি হয় না অর্থাৎ ইহা

তদব্যক্তমাহ হি ॥ ২৩ ॥*

যত্তৎপ্রতিষিদ্ধাৎ প্রপঞ্চজাতাদন্যৎ পরং ব্রহ্ম তদস্তি চেৎ কস্মাৎ ন গৃহ্যত ইতি। উচ্যতে। তদব্যক্তমনিন্দ্রিয়-গ্রাহ্যং সর্ব্বদৃশ্যসাক্ষিত্বাৎ আহ হ্যেবং শ্রুতিঃ 'ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচা নান্যৈর্দ্দেবৈস্তপসা কর্ম্মণা বা। স এষ নেতি নেত্যাত্মা' অগৃহ্যো ন হি গৃহ্যতে। যত্তদদ্রেশ্যমগ্রাহ্যম্। যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যেঽনিরুক্তেঽনিলয়নে' ইত্যাদ্যা। স্মৃতিরপি 'অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যো-ঽয়মুচ্যতে' ইত্যেবমাদ্যা ॥ ২৩ ॥

অগ্রাহ্যত্বাৎ ব্রহ্ম নাস্তীতি শঙ্কানিরাসার্থং সূত্রং ব্যাচষ্টে যত্তৎপ্রতিষিদ্ধা-দিতি। রূপাদ্যভাবাদব্যক্তমিন্দ্রিয়াগ্রাহ্যং ন ত্বসত্বাদিত্যর্থঃ। অন্যৈর্দ্দেবৈরি-ন্দ্রিয়ান্তরৈর্ন গৃহ্যত ইত্যন্বয়ঃ। ইতি রত্নপ্রভা।

বলা হইল, নিষিধ্যমান প্রপঞ্চ ভিন্ন ব্রহ্ম আছেন। যদি থাকেন ত গৃহীত হন না কেন? জ্ঞানবিষয় না হন কেন? তাহা বলিতেছি। তিনি অব্যক্ত অর্থাৎ অনিন্দ্রিয়গ্রাহ্য। (ইন্দ্রিয় গ্রাহ্য নহেন কিন্তু ইন্দ্রি-য়াতিরিক্ত প্রমাণ গ্রাহ্য। সে প্রমাণ ধ্যান-ধারণা-সমাধি-সংস্কৃত-মানস-জ্ঞান-বিশেষ।) তৎপ্রতি হেতু এই যে, তিনি নিখিল দৃশ্যের সাক্ষী অর্থাৎ দ্রষ্টা (প্রকাশক)। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"চক্ষুঃ তাঁহাকে গ্রহণ করে না, বাক্য তাঁহাকে বিষয় করে না, অন্যান্য ইন্দ্রিয়ও তাঁহাকে গ্রহণ করে না। তপস্যার ও কর্ম্মের দ্বারাও তিনি বিজ্ঞাত হন না।" "আত্মা এরূপ নহে সেরূপ নহে।" "যেহেতু আত্মা ইন্দ্রিয়াদির দ্বারা গৃহীত হন না সেই হেতু তিনি অগৃহ্য অর্থাৎ গ্রহণীয় নহেন।" "তাহা অদৃশ্য ও অগ্রহণীয়।" "যখন এই সুপ্রসিদ্ধ, অদৃশ্য, অনাত্ম্য ও নির্ব্বচনের অযোগ্য আত্মা—" ইত্যাদি। ইহাঁর অনুরূপা স্মৃতি ঐ কথাই বলিয়াছেন। যথা—"তত্ত্বজ্ঞকর্তৃক কথিত হইয়াছে, ইনি অব্যক্ত, চিন্তার অপ্রাপ্য এবং অবিকার্য্য।" ইত্যাদি।

---

* তদ্বৎ ব্রহ্ম অব্যক্তং রূপাদ্যভাবাৎ ইন্দ্রিয়াগ্রাহ্যং ন ত্বসত্বাদিতি ভাবঃ 'যত আহ ব্রবীতি ব্রহ্মণ ইন্দ্রিয়াগ্রাহ্যতাং শ্রুতিরিতি শেষঃ।—প্রতিষেধ যোগ্যের প্রতিষেধ হয়, এই দৃশ্য প্রপঞ্চ সমুদায়ই প্রতিষেধ্য, যদি অতিরিক্ত ব্রহ্ম আছেন তবে দৃষ্ট না হন কেন? তাহা বলিতেছি। তিনি অব্যক্ত অর্থাৎ ইন্দ্রিয়গণের অগম্য। সেই জন্যই তিনি ইন্দ্রিয় পথে ব্যক্ত হন না।

অপি সংরাধনে প্রত্যক্ষানুমানাভ্যাম্ ॥ ২৪ ॥*

অপি চৈনমাত্মানং নিরস্তসমস্তপ্রপঞ্চমব্যক্তং সংরাধনকালে পশ্যন্তি যোগিনঃ। সংরাধনং ভক্তিধ্যানপ্রণিধানাদ্যনুষ্ঠানম্। কথং পুনরবগম্যতে সংরাধনকালে পশ্যন্তীতি প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রুতিস্মৃতিভ্যামিত্যর্থঃ। তথাহি শ্রুতিঃ

'পরাঞ্চি খানি ব্যতৃণৎ স্বয়ম্ভূ-
স্তস্মাৎ পরাঙ্ পশ্যতি নান্তরাত্মন্।
কশ্চিদ্ধীরঃ প্রত্যগাত্মানমৈক্ষ-
দাবৃত্তচক্ষুরমৃতত্বমিচ্ছন্' ॥ ইতি।

তর্হি কদা গ্রাহ্যমিতি শঙ্কোত্তরং সূত্রং ব্যাখ্যাতি—অপি চৈনমিতি। বস্ত্বর্থ ইন্দ্রিয়ৈর্ন গৃহ্যতে অপি তু সংরাধনেন শাস্ত্রসংস্কৃতমনসেত্যর্থঃ। ভক্তিধ্যানাভ্যাং প্রত্যগাত্মনশ্চিত্তে প্রকর্ষেণ নিধানং স্থাপনং প্রণিধানং জপনমস্কারাদিরাদিশব্দার্থঃ। স্বয়ম্ভূরীশ্বরঃ। খানীন্দ্রিয়াণি। পরাঞ্চি অনাত্মগ্রাহকাণি কৃত্বা ব্যতৃণৎ নাশিতবান্। স হি তেষাং নাশে যদসমর্থগ্রাহিতয়া সর্জ্জনং তস্মাৎ তেষাং তথাসৃষ্টত্বাৎ সর্ব্বো লোকঃ পরাগর্থমেব পশ্যতি নান্তরাত্মানম্। কশ্চিত্তু

যোগীরাই সংরাধনকালে (আরাধনার সময়) এই অব্যক্ত ও নিষ্প্রপঞ্চ আত্মাকে জ্ঞানচক্ষে দর্শন করেন। চিত্ত ভক্তি ও ধ্যান দ্বারা বিনষ্টরাগ হইলে তাহাতে প্রকৃষ্টরূপে ব্রহ্মভাব স্থাপন করার নাম ভক্তি-ধ্যান-প্রণিধান। এই ভক্তি-ধ্যান-প্রণিধান ও নামজপ প্রভৃতি শাস্ত্রোক্ত অনুষ্ঠানে রত থাকার নাম সংরাধনা ও আরাধনা। যদি বল, যোগীরা যে আরাধনা কালে তাঁহাকে দেখিতে পান, তাহা তোমরা কিসে জানিলে? ইহার প্রত্যুত্তরে বলা যায়, শ্রুতিপ্রমাণে ও স্মৃতিপ্রমাণে জানিয়াছি। শ্রুতিপ্রমাণ যথা—"স্বয়ম্ভূ অর্থাৎ পরমেশ্বর ইন্দ্রিয়দিগকে পরাগ্দর্শী অর্থাৎ অনাত্মদর্শী করিয়াই বিনষ্ট করিয়াছেন। সেই কারণে তাহারা (ইন্দ্রিয়েরা) অনাত্ম (বাহ্য)বস্তুই দেখে, অন্তরাত্মাকে দেখিতে পায় না। সেই জন্য,

---

* সংরাধনমারাধনমিত্যনর্থান্তরম্। আরাধনকালে এনমাত্মানং পশ্যন্তি যোগিন ইতি পূরণীয়ম্। স আত্মা ভক্তিধ্যানপ্রণিধানাদ্যনুষ্ঠানসংস্কৃতমনসৈব গৃহ্যতে ন ত্বিন্দ্রিয়ৈঃ। এতচ্চ প্রত্যক্ষানুমানাভ্যাং বিজ্ঞায়তে। প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রুতিস্মৃতিভ্যাম্।—এই নিষ্প্রপঞ্চ আত্মা ইন্দ্রিয়ের দ্বারা গৃহীত অর্থাৎ বিজ্ঞাত হন না। শ্রুতির ও স্মৃতির দ্বারা জানা যায় যে, ইনি আরাধনাকালে আরাধকের ভক্তিপবিত্রচিত্তে বিজ্ঞাত অর্থাৎ প্রকাশিত হন।

জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্বঃ, ততস্তু তং পশ্যতি নিষ্কলং ধ্যায়মান ইতি চৈবমাদ্যা। স্মৃতিরপি—

"যং বিনিদ্রা জিতশ্বাসাঃ সন্তুষ্টাঃ সংযতেন্দ্রিয়াঃ।
জ্যোতিঃ পশ্যন্তি যুঞ্জানাস্তস্মৈ যোগাত্মনে নমঃ॥
যোগিনস্তং প্রপশ্যন্তি ভগবন্তং সনাতনম্।" ইতি

চৈবমাদ্যা। নন্বু সংরাধ্যসংরাধকভাবাদ্যুপগমাৎ পরা-পরাত্মনোরন্যত্বং স্যাদিতি। নেত্যুচ্যতে॥ ২৪॥

প্রকাশাদিবচ্চাবৈশেষ্যং প্রকাশশ্চ কর্ম্মণ্যভ্যাসাৎ॥ ২৫॥*

ধীরো ধীমানাবৃত্তচক্ষুর্নিরুদ্ধেন্দ্রিয়ঃ শুদ্ধে চেতসি প্রত্যগাত্মানং শাস্ত্রেণ পশ্যতি মোক্ষার্থীত্যর্থঃ। ততঃ কর্ম্মণা বিশুদ্ধচিত্তো জ্ঞানাখ্যসত্ত্বোৎকর্ষেণ ধ্যায়ংস্ত নিষ্কলং পশ্যতীত্যর্থঃ। বিনিদ্রা বিতমস্কাঃ। তত্র হেতুর্জ্জিতশ্বাসত্বং প্রাণায়ামনিষ্ঠত্বম্। যুঞ্জানা ধ্যায়িনঃ। যোগলভ্য আত্মা যোগাত্মা। ইতি রত্নপ্রভা।

কোন কোন ধীর (মোক্ষার্থী) তাঁহাকে ইন্দ্রিয়নিরোধপূর্ব্বক কেবলমাত্র জ্ঞানধ্যানাদি-সংস্কৃত চিত্তে শাস্ত্রবাক্যাবলম্বনে দেখিতে পান।" "কামনা বর্জ্জন পুরঃসর কর্ম্মানুষ্ঠান করিতে করিতে যে সত্ত্বশুদ্ধি হয়, (বুদ্ধি নির্ম্মলা হয়) তাহার অন্য নাম জ্ঞানপ্রসাদ (জ্ঞান প্রসন্ন অর্থাৎ নির্ম্মল হওয়ার নাম জ্ঞানপ্রসাদ)। যোগী জ্ঞানপ্রসাদবিশিষ্ট অর্থাৎ জ্ঞানাখ্যসত্ত্বোৎকর্ষ-বিশিষ্ট ও ধ্যানরত হইয়া সেই নিষ্কল (নিরাকার) পুরুষকে দর্শন করেন।" ইত্যাদি স্মৃতিপ্রমাণ যথা—"শ্বাসজয়ী অর্থাৎ প্রাণায়ামতৎপর তমোগুণবর্জ্জিত সুতরাং সন্তুষ্ট ও সংযতেন্দ্রিয় যোগীরা ধ্যানযোগে যে জ্যোতিঃ দর্শন করেন সেই যোগলভ্য জ্যোতির (আত্মার) উদ্দেশে আমার নমস্কার।" "যোগীরা সেই সনাতন ভগবান্‌কে অর্থাৎ ষড়ৈশ্বর্য্যশালী পরমেশ্বরকে দেখিতে পান।" ইত্যাদি। এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, আরাধ্য আরাধক ভাব (সেব্য সেবক-ভাব) স্বীকার করিতে গেলে জীবপরমাত্মার ভেদ স্বীকার করিতে হয় কি-না। সূত্রকার তদুত্তরার্থ বলিতেছেন না, হয় না——

---

* যথা প্রকাশাদয় উপাধিষু ভিদ্যন্তে ন স্বত এবং প্রকাশশ্চিদাত্মাঽপি ধ্যানাদিকর্ম্মণ্যুপাধৌ ভিদ্যতে ন স্বতঃ। অস্য চাঽবৈশেষ্যং একরসত্বমভ্যাসাৎ তত্ত্বমস্যাদিশাস্ত্রাম্রেড়িতাত্ ই

যথা প্রকাশাকাশসবিতৃপ্রভৃতয়োঽঙ্গুলিকরকোদকপ্রভৃতিষু কর্ম্মসূপাধিভূতেষু সবিশেষা ইবাবভাসন্তে ন চ স্বাভাবিকীমবিশেষাত্মতাং জহতি, এবমুপাধিনিমিত্ত এবায়মাত্মভেদঃ স্বতস্ত্বৈকাত্ম্যমেব। তথা হি বেদান্তেষ্বভ্যাসেনাসকৃজ্জীবপ্রাজ্ঞয়োরভেদঃ প্রতিপাদ্যতে ॥ ২৫ ॥

অতোঽনন্তেন তথা হি লিঙ্গম্ ॥ ২৬ ॥*

অতশ্চ স্বাভাবিকত্বাদভেদস্যাবিদ্যাকৃতত্বাচ্চ ভেদস্য

যথা প্রকাশাদয় উপাধিষু ভিদ্যন্তে ন স্বত এবং প্রকাশশ্চিদাত্মাপি ধ্যানাদিকর্ম্মণ্যুপাধৌ ভিদ্যতে স্বতস্ত্বস্যাবৈশেষ্যমেকরসত্বমেব তত্ত্বমসীত্যভ্যাসাদিতি সূত্রযোজনা। ইতি রত্নপ্রভা।

যেমন প্রকাশস্বভাব সৌর কিরণ প্রভৃতি অঙ্গুলি, করকা (বর্ষোপল) ও জল প্রভৃতি উপাধিতে ও সে সকলের প্রচলনাদিক্রিয়ারূপ উপাধিতে সবিশেষের ন্যায় (সবিশেষ = বিভিন্নাকার) দৃষ্ট হয়, তাহাতে সূর্য্যাদির স্বাভাবিক একরূপতা পরিত্যক্ত হয় না; সেইরূপ, এই আত্মাও উপাধি অনুসারে সেইসেইরূপে পরিদৃষ্ট হন। কিন্তু আত্মার একতাই স্বাভাবিক অর্থাৎ স্বতঃসিদ্ধ। আত্মার সেই স্বাভাবিক ঐকাত্ম্য প্রদর্শনার্থ বেদান্তে অভ্যাস-(অভ্যাস = পুনঃ পুনঃ কথন)-বাক্যে (তত্ত্বমসি প্রভৃতি বাক্যে) জীবাত্মপরমাত্মার অভেদ প্রতিপাদিত হইয়াছে।

অভেদের স্বাভাবিকতা ও ভেদের আবিদ্যকতা আছে বলিয়াই জীব বিদ্যার দ্বারা অবিদ্যার নিবারণ করিতে পারে এবং অবিদ্যা নিবারিত

যোজনা।—আরাধ্য-আরাধক-ভাব মান্য করিলেই যে জীবপরমাত্মার বাস্তব ভেদ স্বীকৃত হয়, তাহা হয় না। প্রকাশ অর্থাৎ আলোক যেমন উপাধিভেদে ভিন্নপ্রায় হয়, প্রকাশস্বভাব চিদাত্মা সেইরূপ চিত্তোপাধির দ্বারা ভিন্নপ্রায় অর্থাৎ উপাস্য-উপাসক-ভাব প্রাপ্তের ন্যায় হন। বস্তুতঃ তিনি অবিশেষ অর্থাৎ একরস। তাঁহার একরসত্ব তত্ত্বমসি শাস্ত্রের অভ্যাস অর্থাৎ বার বার কথন দ্বারা জ্ঞাত হওয়া গিয়াছে।

* অত ইতি। ভেদস্যাবিদ্যকত্বাদভেদস্য স্বাভাবিকত্বাদিত্যর্থঃ। জীবোঽনন্তেন ব্যাপিনা পরমাত্মনৈক্যং গচ্ছতীতি পূরণীয়ম্। লিঙ্গং জ্ঞাপকং ব্রহ্মাত্মত্বফলশ্রুতিরূপম্।—যেহেতু ভেদ আবিদ্যক—অবিদ্যাকৃত এবং অভেদ স্বাভাবিক, সেই হেতু জীব অবিদ্যাবিনাশের পর অপরিচ্ছিন্ন পরমাত্মার একত্ব প্রাপ্ত হয়। এ বিষয়ে লিঙ্গ অর্থাৎ তত্ত্ববোধক শ্রুতিবাক্য আছে। অভিপ্রায় এই যে, জ্ঞানের ব্রহ্মাত্মভাবপ্রাপ্তি রূপ ফল শুনা যায়, তাহাতে ভেদের ঔপাধিকত্ব ও অভেদের স্বাভাবিকত্ব অনুমিত হইতে পারে)।

বিদ্যয়াঽবিদ্যাং বিধূয় জীবঃ পরেণানন্তেন প্রাজ্ঞেনাত্মনৈকতাং গচ্ছতি। তথা হি লিঙ্গং 'স যো হ বৈতৎ পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি। ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি' ইত্যাদি॥ ২৬॥

উভয়ব্যপদেশাত্ত্বহিকুণ্ডলবৎ॥ ২৭॥*

তস্মিন্নেব সংরাধ্যসংরাধকভাবে মতান্তরমুপন্যস্যতি স্বমত-বিশুদ্ধয়ে। ক্বচিজ্জীবপ্রাজ্ঞয়োর্ভেদো ব্যপদিশ্যতে 'ততস্তু তং পশ্যতি নিষ্কলং ধ্যায়মানঃ' ইতি ধ্যাতৃধ্যাতব্যত্বেন দ্রষ্টৃ-

---

জীবস্য ব্রহ্মাত্মত্বফলশ্রুতিরূপলিঙ্গাদপি ভেদ ঔপাধিক এবেত্যাহ সূত্রকারঃ। অতোঽনন্তেনেতি। ইতি রত্নপ্রভা।

অনেনাহিরূপেণাভেদঃ কুণ্ডলাদিরূপেণ তু ভেদ ইত্যুক্তং তেন বিষয়ভেদাদ্ভেদাভেদয়োরবিরোধ ইত্যেকবিষয়ত্বেন বা সর্ব্বদোপলব্ধেরবিরোধঃ। বিরুদ্ধ-

---

হইলেই সে অপরিমিত পরমাত্মার সহিত এক হয়। ইহার নিদর্শন অর্থাৎ অনুমাপক শাস্ত্র এই—"যে এই পরব্রহ্মকে জানে সে পরব্রহ্ম হয়।" "উপাসক জীব পূর্ব্বেও ব্রহ্ম ছিলেন, এখনও ব্রহ্ম জানিয়া ব্রহ্ম হলেন।" ইত্যাদি। (ব্রহ্মত্ব অজ্ঞাত ছিল, জ্ঞান হওয়ায় সে অজ্ঞতা নিবারিত হইল সুতরাং সে এখন পূর্ণতা প্রাপ্ত হইল)।

স্বমত পরিশোধনার্থ উল্লিখিত আরাধ্য-আরাধক-ভাব বিষয়ে অন্য এব মত উত্থাপিত হইতেছে। কোন শ্রুতিতে জীব-পরমাত্মার ভিন্নতা কথা আছে। যথা—"ধ্যানকারী সেই নিষ্কল পরমাত্মাকে দেখিতে পায়।" এই শ্রুতিতে ধ্যানকর্ত্তার ও ধ্যাতব্য পরমাত্মার পৃথক্ ব্যপদেশ দেখা যায় এবং ঐ শ্রুতি দ্রষ্টৃ-দ্রষ্টব্য-ভাবেও জীবপরমাত্মার ভেদ বলিতেছেন। আবার অপর এক শ্রুতি প্রাপ্যপ্রাপকভাব এবং অন্য শ্রুতি নিয়ম্য-নিয়ামক-ভাব দেখাইয়া তদুভয়ের ভিন্নতা বলিয়াছেন। তদ্‌যথা—"উপাসক সেই দিব

---

* উভয়ব্যপদেশাদ্ধেতোঃ সর্পকুণ্ডলিন্যায়েন সিদ্ধান্তয়িতব্যঃ। যথা সর্পত্বেনাভেদঃ কুণ্ডলখ্যস্য সর্পাবস্থাবিশেষস্য কুণ্ডলিত্বেন ভেদঃ, এবং জীবাখ্যব্রহ্মত্বেনাভেদোজীবত্বেন চ ভেদ ইতি সূত্রতাৎপর্য্যম্।—যেহেতু ভিন্ন ও অভিন্ন এই দ্বিবিধ উপদেশ দৃষ্ট হয়—সেই হেতু অহিকুণ্ডলের অনুরূপ সিদ্ধান্ত করা কর্ত্তব্য। অর্থাৎ সর্পভাব গ্রহণে অভেদ, কিন্তু তাহা কুণ্ডলাকারা অবস্থা ভেদ অনুসারে ভিন্ন। (কুণ্ডল=বলয়াকার অবস্থা। ভিন্ন=নানা। সর্প, কুণ্ডল ইত্যাদি)। এইরূপ জীবও ব্রহ্মভাবে ব্রহ্ম এবং জীবভাবে অব্রহ্ম ও নানা।

দ্রষ্টব্যত্বেন চ। 'পরাৎ পরং পুরুষমুপৈতি দিব্যং' ইতি গন্তৃ-গন্তব্যত্বেন। 'যঃ সর্ব্বাণি ভূতান্যন্তরো যময়তি' ইতি নিয়ন্তৃ-নিয়ন্তব্যত্বেন চ। কচিত্তু তয়োরেবাভেদো ব্যপদিশ্যতে—'তত্ত্বমসি' 'অহং ব্রহ্মাস্মি' 'এষ ত আত্মা সর্ব্বান্তরঃ' 'এষ ত আত্মাঽন্তর্য্যাম্যমৃতঃ' ইতি। তত্রৈবমুভয়ব্যপদেশে সতি যদ্যভেদ এবৈকান্তঃ পরিগৃহ্যেত ভেদব্যপদেশো নিরালম্বন এব স্যাৎ। অত উভয়ব্যপদেশদর্শনাদহিকুণ্ডলবদত্র তত্ত্বং ভবিতুমর্হতি। যথাঽহিরিত্যভেদঃ কুণ্ডলাভোগপ্রাংশুত্বাদীনি চ ভেদ এবমিহাপীতি ॥ ২৭ ॥

মিতি হি নঃ ক সম্প্রত্যয়ো ন যৎ প্রমাণেনোপলভ্যতে। আগমতশ্চ প্রমাণাদেকগোচরাবপি ভেদাভেদৌ প্রতীয়মানৌ ন বিরোধমাবহতঃ সবিতৃপ্রকাশয়োরিব প্রত্যক্ষাৎ প্রমাণাদ্ভেদাভেদাবিতি। প্রকারান্তরেণ ভেদাভেদয়োরবিরোধমাহ।

পরাৎপর পুরুষকে প্রাপ্ত হন।" "যিনি অন্তরে অবস্থান করতঃ সমুদায় ভূতকে অর্থাৎ প্রাণিসমূহকে নিয়মিতরূপে পরিচালিত করেন অথবা নিয়মের অধীন রাখিয়াছেন" ইত্যাদি। এতদ্ভিন্ন, শ্রুত্যন্তরে অভেদ কথনও আছে। যথা—"তিনিই তুমি" "আমি ব্রহ্মই" "ইনিই তোমার আত্মা, ইনিই সকলের অন্তরে—" "এই আত্মাই অন্তর্যামী ও অমৃত (অমর বা মুক্ত)।" [তত্রৈব...হাপীতি] শাস্ত্রে ঐ দ্বিবিধ প্রকার ব্যপদেশ (কোন কোন শাস্ত্রে জীবপরমাত্মায় ভেদ, আবার অন্যান্য শাস্ত্রে অভেদ, এই দ্বিপ্রকার উল্লেখ) দৃষ্ট হয়। যদি অভেদপক্ষকে ঐকান্তিক বলিয়া গ্রহণ করা যায়, তাহা হইলে ভেদবাদিনী শ্রুতি আলম্বনশূন্য অর্থাৎ নিরর্থক হইয়া পড়ে। এ নিমিত্ত, উভয়বিধ উল্লেখ থাকায় তাহার তত্ত্ব (যাথার্থ্য) অহিকুণ্ডলের অনুরূপ হইতে পারে। যেমন সর্পত্বপ্রকারে অভেদ, একই, আর কুণ্ডলাকারত্ব, আভোগত্ব, প্রাংশুত্ব ও উদাতমুখত্ব প্রকারে ভেদ অর্থাৎ ভিন্ন; তেমনি, জীবও ব্রহ্মত্বপ্রকারে অভিন্ন কিন্তু জীবত্বপ্রকারে ভিন্ন। (কুণ্ডলাকার=বলয়াকার অবস্থা। আভোগ=ফণা। প্রাংশুত্ব=দীর্ঘ-দণ্ডাকার অবস্থা। ফলিতার্থ—অবস্থা-ভেদে ভিন্ন; অবস্থা নগণ্য করিলে অভিন্ন। একই সর্প অবস্থা ভেদে কুণ্ডলী ও ফণী প্রভৃতি আখ্যায় অভিহিত হয়.)।

প্রকাশাশ্রয়বদ্বা তেজস্ত্বাৎ ॥ ২৮ ॥*

অথবা প্রকাশাশ্রয়বদেতৎ প্রতিপত্তব্যম্। যথা প্রকাশঃ সাবিত্রস্তদাশ্রয়শ্চ সবিতা নাত্যন্তভিন্নাবুভাবপি তেজস্ত্বাবি শেষাৎ অথ চ ভেদব্যপদেশভাজৌ ভবত এবমিহাপীতি ॥২৮

পূর্ব্ববদ্বা ॥ ২৯ ॥†

যথা বা পূর্ব্বমুপন্যস্তং প্রকাশাদিবচ্চাবৈশেষ্যমিতি তথৈ তদ্ভবিতুমর্হতি। তথা হ্যবিদ্যাকৃতত্বাদ্বন্ধস্য বিদ্যয়া মোক্ষ

তদেবং পরমতমুপন্যস্য স্বমতমাহ—

অয়মভিসন্ধিঃ।—যস্য মতং বস্তুনোঽহিত্বেনাভেদঃ কুণ্ডলত্বেন ভেদ ইতি স এবং ব্রুবাণঃ প্রষ্টব্যো জায়তে কিমহিত্বকুণ্ডলত্বে বস্তুনো ভিন্নে উতাভি ইতি। যদি ভিন্নে অহিত্বকুণ্ডলত্বে, ভিন্নে ইতি বক্তব্যং ন তু বস্তুনস্তাভ্য ভেদাভেদৌ। ন হ্যন্যভেদাভেদাভ্যামন্যদ্ভিন্নমভিন্নং বা ভবিতুমর্হতি। অ

জীব-পরমাত্মার ভেদাভেদ প্রকাশ ও প্রকাশাশ্রয়ের অনুরূপ জানিবে যেমন সূর্য্যালোক ও সূর্য্য অত্যন্ত ভিন্ন নহে, উভয়ই তেজস্ত্বে সমা অথচ উক্ত উভয় ভিন্ন বলিয়া ব্যবহৃত হয়; সেইরূপ, জীবপরমাত্মা অত্য ভিন্ন না হইলেও কাল্পনিক ভেদব্যবহারের আস্পদ হয়।

অথবা, ইতিপূর্ব্বে যে "প্রকাশাদিবচ্চাবৈশেষ্যং" সূত্র বলা হইয়া তদনুসারে উক্ত ভেদাভেদ ব্যবহারকে সঙ্গত বলিতে পার। তাহার বিবরণ ফলিতার্থ—বন্ধন অবিদ্যাকৃত, সেই জন্যই বিদ্যার দ্বারা মোক্ষ হয়। জীব য

---

* যথা সূর্য্যপ্রকাশয়োরেকতেজস্ত্বৈকধর্ম্মাবচ্ছেদেন ভেদাভেদাৎ জীবপরমাত্মনোরপ্যেকৈ বাত্মত্বধর্ম্মেণ ভেদাভেদৌ শ্রুতিবলাৎ স্বীক্রিয়েতে ইতি যোজনা।—যেমন একমাত্র তেজোর ধর্ম্ম গ্রহণপূর্ব্বক ভেদ ও অভেদ, উভয়রূপতা (সূর্য্য ও আলোক) গ্রহণ করা হয়, সেইর আত্মত্ব ধর্ম্ম লইয়া ব্রহ্মেরও ভেদাভেদ (ব্রহ্ম ও জীব) শ্রুতিবলে স্বীকৃত হইতে পারে।

† সিদ্ধান্তসূত্রমেতৎ। পূর্ব্ববৎ প্রকাশাদিবচ্চাবৈশেষ্যমিতিবৎ। যথা প্রকাশাকাশা স্বরূপেণৈকরূপা উপাধিভিস্তু বিভিন্নরূপা এবমাত্মা স্বরূপেণৈকরূপ উপাধিভিস্তু জীবাদ্যনেক ইতি নির্গলিতার্থঃ।—কোন কোন শাস্ত্রে জীবপরমাত্মার অভেদ কথন ও শাস্ত্রান্তরে ভে কথন থাকায় সেই বিসম্বাদ ভঞ্জনার্থ পূর্ব্বোক্ত দৃষ্টান্ত গ্রহণ করিতেও পার। অর্থাৎ প্রকাশা দৃষ্টান্তে সিদ্ধান্ত করিতেও পার। যেমন আলোক স্বরূপতঃ এক বা অভিন্ন, কিন্তু উপাধিযো ভিন্ন, তেমনি, আত্মাও স্বরূপতঃ অভিন্ন (জীব ও পরম এক) পরন্তু বুদ্ধ্যাদিযোগে ভি (জীব অল্প ও পরমাত্মা অল্প)।

উপপদ্যতে। যদি পুনঃ পরমার্থত এব বন্ধঃ কশ্চিদাত্মাঽহি-কুণ্ডলন্যায়েন বা পরস্যাত্মনঃ সংস্থানভূতঃ প্রকাশাশ্রয়ন্যায়েনৈবৈকদেশভূতোঽভ্যুপগম্যেত ততঃ পারমার্থিকস্য বন্ধস্য তিরস্কর্ত্তুমশক্যত্বান্মোক্ষশাস্ত্রবৈয়র্থ্যং প্রসজ্যেত। ন চাত্রোভাবপি ভেদাভেদৌ শ্রুতিস্তুল্যবদ্ব্যপদিশতি। অভেদমেব হি প্রতিপাদ্যত্বেন নির্দ্দিশতি ভেদন্তু পূর্ব্বপ্রসিদ্ধমেবানুবদত্যঽর্থান্তরবিবক্ষয়া। তস্মাৎ প্রকাশবচ্চাবৈশেষ্যমিত্যেষ এব সিদ্ধান্তঃ ॥ ২৯ ॥

প্রসঙ্গাৎ। অথ বস্তুনো ন ভিদ্যেতে অহিত্বকুণ্ডলত্বে তথা সতি কো ভেদাভেদয়োর্ব্বিষয়ভেদস্তয়োর্ব্বস্তুনোঽনন্যত্বেনাভেদাৎ। ন চৈকবিষয়ত্বেঽপি সদানুভূয়মানত্বাদ্ভেদাভেদয়োরবিরোধঃ। স্বরূপবিরুদ্ধয়োরপ্যবিরোধে ক নাম বিরোধো ব্যবতিষ্ঠেত। ন চ সদানুভূয়মানং বিচারাসহং ভাবিকং ভবিতুমর্হতি। দেহাত্মভাবস্যাপি সর্ব্বদানুভূয়মানস্য ভাবিকত্বপ্রসঙ্গাৎ। প্রপঞ্চিতঞ্চৈতদস্মাভিঃ প্রথমসূত্র ইতি নেহ প্রপঞ্চিতম্। তস্মাদনাদ্যবিদ্যাবিক্রীড়িতমেবৈকস্যাত্মনো জীবভাবভেদো ন ভাবিকঃ। তথা চ তত্ত্বজ্ঞানাদবিদ্যানিবৃত্তাবপবর্গসিদ্ধিঃ। তাত্ত্বিকত্বে ত্বস্য ন জ্ঞানান্নিবৃত্তিসম্ভবঃ। ন চ তত্ত্বজ্ঞানাদন্যদপবর্গসাধনমস্তি। যথাহ শ্রুতিঃ—'তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়ে'তি। শেষমতিরোহিতার্থম্।

সত্য সত্যই বন্ধস্বভাব হয়, তাহা হইলে বন্ধন অহিকুণ্ডলের দৃষ্টান্তে পরমাত্মার অবস্থা বিশেষ হইতে পারে, প্রকাশাশ্রয়ের দৃষ্টান্তে একদেশরূপীও হইতে পারে। কিন্তু তদুভয় পক্ষে বন্ধনের তিরস্কার হইতে পারে না। বন্ধনের তিরস্কার (মোচন) ব্যতীত মোক্ষশাস্ত্রের সার্থক্য থাকে না। (মোক্ষ শাস্ত্রের সার্থক্য বা প্রামাণ্য রক্ষার্থ বন্ধনের অসত্যতাই স্বীকার্য্য)। শ্রুতি ভেদ ও অভেদ উভয় প্রকার বলিয়াছেন সত্য; পরন্তু তাহা তুল্যরূপে বলেন নাই। (তুল্যরূপে বলিলেও উভয়সত্যতা স্বীকার্য্য হইতে পারে না। যেহেতু তাহা বিরুদ্ধ। একের তাদৃশ দ্বৈরূপ্য অবশ্যই যুক্তিবিরুদ্ধ) শ্রুতি অভেদকেই প্রতিপাদ্যরূপে বলিয়াছেন। ভেদ লোকসিদ্ধ, সুতরাং অন্য এক উদ্দেশে তাহার অনুবাদমাত্র করিয়াছেন। অতএব, প্রকাশের ন্যায় অভেদ, এই সিদ্ধান্তই সৎসিদ্ধান্ত। (প্রকাশ স্বরূপতঃ অভিন্ন অর্থাৎ একরূপ, কিন্তু উপাধিযোগে ভিন্ন অর্থাৎ নানারূপ। জীবপরমাত্মার ভেদাভেদ ইহারই অনুরূপ)।

প্রতিষেধাচ্চ ॥ ৩০ ॥*

ইতশ্চৈষ এব সিদ্ধান্তো যৎকারণং পরস্মাদাত্মনোঽন্য চেতনং প্রতিষেধতি শাস্ত্রং 'নান্যোঽতোঽস্তি দ্রষ্টা' ইত্যে মাদি। 'অথাত আদেশো নেতি নেতি। তদেতৎ ব্রহ্মাপূর্ব মনপরমনন্তরমবাহ্যং' ইতি চ। ব্রহ্মব্যতিরিক্তপ্রপঞ্চনিরাকর ণাৎ ব্রহ্মমাত্রপরিশেষাচ্চৈষ এব সিদ্ধান্ত ইতি গম্যতে ॥ ৩০

পরমতঃ সেতূন্মানসম্বন্ধভেদ-ব্যপদেশেভ্যঃ ॥ ৩১ ॥†

যদেতন্নিরস্তসমস্তপ্রপঞ্চং ব্রহ্ম নির্দ্ধারিতমত্রাস্মাৎ পরমন্য

(ব্রহ্মমাত্র পরিশেষে হেত্বন্তরমাহ প্রতীতি। প্রতিষেধাৎ ব্রহ্মব্যতিরি প্রপঞ্চনিরাকরণাৎ শ্রুত্যেতি শেষঃ।)

যদ্যপি শ্রুতিপ্রাচুর্য্যাদব্রহ্মব্যতিরিক্তং তত্ত্বং নাস্তীত্যবধারিতং তথা

পূর্ব্বে দ্বাপরযুগের শেষ ভাগে ভগবান্ ব্যাস সমুদায় বেদরাশি ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব, এই চার বিভাগে বিভক্ত করিয়া জৈমিনি প্রভৃতি শিষ্যে অর্পণ করিয়াছিলেন। সেই প্রত্যেক প্রসিদ্ধ বেদ কর্ম্ম, উপাসনা ও জ্ঞান, এতন্নামক কাণ্ডত্রয়ে বিভূষিত। মহামুনি জৈমিনি কর্ম্মী দিগের নিমিত্ত কর্ম্মকাণ্ডাত্মক বেদ ভাগের ও তদীয় গুরু বাদরায়ণ ব্যাস মুমুক্ষু দিগের নিমিত্ত উপাসনা ও জ্ঞান এই দ্বিকাণ্ডী বেদের উৎকৃষ্ট মীমাংসা নিবন্ধ প্রস্তুত করিয়া জগতের হিতসাধন করিয়া গিয়াছেন। জৈমিনির অভিপ্রায়, অধিকারী জীবনিবহ নিত্য নিয়মিত বেদোক্ত ক্রিয়াকলাপে রত থাকুক এবং ব্যাসের অভিপ্রায়, কর্ম্মী লোক কর্ম্মের দ্বারা পূত হইয়া তাহা হইতে (কর্ম্ম-বন্ধন হইতে) মুক্ত হউক। জৈমিনি মুনি জানিয়াছিলেন, একমাত্র কর্ম্মই জীবের, ভোগের ও অপবর্গের মুখ্য উপায়, তাই তিনি লোকের কর্ম্মবৈগুণ্য না জন্মে, এই ভাবে ভাবিত হইয়া কর্ম্মমীমাংসা প্রস্তুত করিয়াছিলেন। কর্ম্মের স্বভাব এই যে, কর্ম্ম কামনাপূর্ব্বক অনুষ্ঠিত হইলে কাম্যফল প্রদান করিবে এবং নিষ্কাম মুমুক্ষু কর্ত্তৃক অনুষ্ঠিত হইলে অনুষ্ঠাতাকে মোক্ষের সোপান পরম্পরায় অধিরোহণ করাইবে। কামনা-পরিশূন্য হইয়া কর্ম্মকরণে প্রসক্ত বা রত থাকিলে অল্পে অল্পে কামক্রোধাদি মনোদোষ ক্ষয় প্রাপ্ত হয়, বুদ্ধি নির্ম্মল হয়, ক্রমে বৈরাগ্য আইসে, পরে শমদমাদি গুণ দৃঢ় হওয়ায় মুক্তির পরম কারণ তত্ত্বজ্ঞান উৎপাদনে অধিকারী হওয়া যায়। সুতরাং কর্ম্ম ভোগ ও অপবর্গ উভয়েরই কারণ। সকাম কর্ম্ম ভোগের ও নিষ্কাম কর্ম্ম মোক্ষের সোপান স্বরূপ। স্বর্গাদি ভোগের ও ভোগক্ষয়রূপ মোক্ষের সোপান স্বরূপ কর্ম্মের অনুষ্ঠানরহস্য অর্থাৎ বিচার বা মীমাংসা জৈমিনি মুনি কর্ত্তৃক এবং মোক্ষের সাক্ষাৎ কারণ তত্ত্বজ্ঞানের ও তত্ত্বজ্ঞানের মুখ্য সহায় উপাসনার স্বরূপ, রহস্য বা মীমাংসা, বেদ-গুরু ব্যাস কর্ত্তৃক উপদিষ্ট হইয়া অদ্যাপি ইহ জগতে বিরাজিত ও পূজিত আছে। জৈমিনিকৃত কর্ম্মরহস্য পূর্ব্বমীমাংসা ও কর্ম্মমীমাংসা নামে এবং ব্যাসের উপদিষ্ট তত্ত্বজ্ঞানরহস্য ব্রহ্মমীমাংসা, উত্তরমীমাংসা ও বেদান্ত নামে বিখ্যাত।

পূর্ব্বমীমাংসা-গ্রন্থ ১৬ অধ্যায়ে বিভক্ত। তন্মধ্যে শেষ ৪ অধ্যায় দেবতা-কাণ্ড ও সঙ্কর্ষণকাণ্ড নামে প্রসিদ্ধ। এই সঙ্কর্ষণকাণ্ড অদ্যাপি মুদ্রিত হয় নাই এবং ইহার কোন ভাষ্য কি টীকা আছে কি না তাহা জানিতে পারি নাই। উত্তরমীমাংসা বা বেদান্তসূত্র ৪ অধ্যায়ে বিভক্ত এবং ইহার অনেক ভাষ্য বৃত্তি বার্ত্তিক ও টীকা আছে। স্বস্বমতের অনুকূলে বেদান্তের টীকা বা ব্যাখ্যা নাই এমন সম্প্রদায় নাই বলিলেও অত্যুক্তি হয় না। বৈষ্ণবসম্প্রদায়ে রামানুজ, মাধ্ব, নিম্বার্ক, বল্লভাচার্য্য ও আধুনিক বলদেব বিদ্যাভূষণ প্রভৃতির, শৈবসম্প্রদায়ে অবধূতাচার্য্য প্রভৃতির, সন্ন্যাসীদলে শঙ্কর প্রভৃতির ভাষ্যাদি প্রচলিত থাকা দৃষ্ট হয়। এমন কি ৺রাজা রামমোহনরায় মহোদয়ও এই বেদান্তসূত্রের স্বীয় মতের অনুকূলে ব্যাখ্যা করিতে সচেষ্ট হইয়াছিলেন। যে সকল ব্যাখ্যাকারের নাম লিখিত হইল, তাঁহাদের পূর্ব্বেও অন্যান্য আচার্য্যের ব্যাখ্যা বিদ্যমান ছিল। বেদান্তসূত্রের খুব পুরাতন ব্যাখ্যা এখন পাওয়া যায় না। পুরাতন ব্যাখ্যাকারের মধ্যে বৌধায়ন মুনি ও পাণিনিগুরু উপবর্ষ পণ্ডিত * এই দুই আচার্য্যই অত্যন্ত প্রসিদ্ধ। অনেক স্থলেই দেখা যায়, রামানুজ ও শঙ্করস্বামী এই দুই ভাষ্যকার ঐ দুই প্রাচীন ব্যাখ্যাকারের বাক্য ও মত উদ্ধৃত করিয়া সাবধানতার সহিত বিচার করিয়া গিয়াছেন।

পূর্ব্বে এই ব্রহ্মমীমাংসা-শাস্ত্র গুরু শিষ্য ও আচার্য্য সমাজে বিশেষ মান্য গণ্য ও আদরণীয় ছিল। মধ্যে বৌদ্ধ প্রাদুর্ভাবে ইহার হতাদর ও বিরল-প্রচার ঘটনা হইয়াছিল সত্য; পরন্তু সে অবস্থা অধিক কাল স্থায়ী হয় নাই। শীঘ্রই ভগবান্ শঙ্কর-সূর্য্য উদিত হইয়া ভাষ্য-কিরণ বিস্তার করতঃ সমুদায় অধ্যাত্মবিদ্যার আবরক অন্ধকার দূরীকৃত করিয়াছিলেন। সম্বৎ অব্দের ৮৪৫ অতীত হইলে কেরল দেশের কালপী গ্রামে শিবগুরু ব্রাহ্মণের

---

* বৌধায়ন এক জন ঋষি। উপবর্ষ পাণিনি মুনির অধ্যাপক। পাণিনি মুনি শাক্যসিংহের বহুপূর্ব্বের লোক। সুতরাং ব্রহ্মসূত্র গ্রন্থ অতি পুরাতন। ব্রহ্মসূত্র গ্রন্থ বাদরায়ণ ব্যাসের কি না, সংশয় করিবার অল্পমাত্রও কারণ নাই। মহাভারত প্রণেতা ব্যাস মহাভারত ও ব্রহ্মসূত্র প্রস্তুত করিয়াছিলেন, তাহার কতকটা আভাস মহাভারতান্তর্গত গীতাপর্ব্বাধ্যায়ের "ব্রহ্মসূত্রপদৈশ্চৈব" ইত্যাদি শ্লোকে পাওয়া যায়।

ঔরসে জ্ঞানগুরু শঙ্করের জন্ম হয়। প্রথিত আছে, সর্ব্বজ্ঞকল্প শঙ্কর ১৬ বৎসর বয়সের পূর্ব্বে সমুদায় উপনিষদের, গীতার, সনৎসুজাত পর্ব্বাধ্যায়ের ও ব্যাসকৃত ব্রহ্মসূত্রের অতি উৎকৃষ্ট ভাষ্য প্রস্তুত করিয়া প্রচারিত করিয়াছিলেন এবং অন্যান্য অনেক প্রকরণ গ্রন্থও (অধ্যাত্মবিদ্যাবিষয়ক) প্রস্তুত করিয়াছিলেন। আজ্ কাল ব্রহ্মসূত্র গ্রন্থের যত গুলি ব্যাখ্যা বিদ্যমান আছে, সে সমুদায়ের মধ্যে শাঙ্কর ভাষ্যই অধিক পুরাতন। শঙ্করের অনেক পরে বল্লভ, মধ্ব ও রামানুজ জন্ম গ্রহণ করিয়া নিজ নিজ মতের অনুকূলে বেদান্তভাষ্য প্রস্তুত করিয়াছিলেন। বল্লভ, মধ্ব ও রামানুজের মত পরে বলিব, আগে শঙ্করের মত বলা যাউক। শঙ্কর বলেন—

"জীব ব্রহ্মসাক্ষাৎকার করিবা মাত্র ব্রহ্ম হয়" "আত্মজ্ঞ সংসারদুঃখ অতিক্রম করে" এই সকল আপ্ত বাক্য প্রমাণে ও তদনুকূল যুক্তিতে স্থির হয় যে, ব্রহ্মাত্মজ্ঞান ব্যতীত দুঃখাতীত হইবার অন্য কোন উপায় নাই। "ব্রহ্মই আমি" ইত্যাকার অসন্দিগ্ধ অনুভবের নাম ব্রহ্মাত্মজ্ঞান। এই জ্ঞানের প্রধান উপায় শ্রবণ। মনন ও নিদিধ্যাসন তাহার সাহায্যকারী। শাস্ত্রকথা শুনিলেই যে শ্রবণ হয় তাহা হয় না। গুরুমুখে, শাস্ত্রীয় উপদেশ শুনা, মনোমধ্যে তাহার বিচারিত অর্থ ধারণ করা, সাক্ষাৎ অথবা পরম্পরায় ব্রহ্মেই সমুদায় শাস্ত্রের তাৎপর্য্য আছে, এ বিষয়ে বিশ্বাস, এতগুলি একত্রিত হইলে তবে তাহা শ্রবণ বলিয়া গণ্য হইবে। ঐরূপ শুনাই শুনা, তদ্ভিন্ন শুনা শুনা নহে। তোমার বাড়ী গিয়া তোমার চাকরকে বলিলাম, তামাক সাজ্। সে তামাক সাজিল না। আমি দুঃখিত হইয়া বলিলাম, তোমার চাকর আমার কথা শুনিল না। সত্য সত্যই কি সে আমার "তামাক সাজ্" এই কথা শুনে নাই? "তামাক সাজ্" এ শব্দ কি তাহার কর্ণপ্রবিষ্ট হয় নাই? তাহা হইয়াছিল, সে তাহা শুনিয়াছিল, কিন্তু সে কথা সে মনে স্থান দেয় নাই, আদর করে নাই, অথবা সে কথার অর্থ কার্য্যে পরিণত করে নাই। বক্তব্য তাহাই, কিন্তু শব্দ সাজাইলাম, "তোমার চাকর আমার কথা শুনে নাই।" অতএব, উপর উপর শুনা শুনা নহে, শ্রুত পদার্থে আদর ও বিশ্বাসাদি না করিলে তাহাও শুনা নহে।

বলিতে পার, শত শত লোক বেদান্ত অধ্যয়ন করে, তত্ত্বমসি মহাবাক্যও

শ্রবণ করে এবং তাহার অর্থও আদর পূর্ব্বক গ্রহণ করে, অথচ তাহাদের তত্ত্বজ্ঞানের উদয় হয় না। আবার ইহাও দেখা যায় যে, অনেক লোক বেদান্ত না পড়িয়া ও তত্ত্বমসি বাক্য না শুনিয়া জ্ঞানী হয়। শাস্ত্রেও শুনা যায়, কপিল ও বামদেব প্রভৃতি ঋষি জন্মজ্ঞানী। সুতরাং শ্রবণের ফল তত্ত্বজ্ঞান বা তত্ত্বজ্ঞান শ্রবণের কার্য্য, একথা কিরূপে স্বীকার করা যায়। শঙ্কর বলেন, ইহার প্রত্যুত্তরে আমাদের বক্তব্য এই যে, চিত্তের অনির্ম্মলতা ও জন্মান্তরীয় পাপ প্রভৃতি প্রতিবন্ধকে শ্রবণফল তত্ত্বজ্ঞান অবরুদ্ধ থাকে, তাহাতে তাহার কারণতার অভাব ঘটে না। যেমন অগ্নিসংযোগ থাকিলেও মণিমন্ত্রাদি প্রতিবন্ধকে দাহকার্য্য অবরুদ্ধ থাকে তেমনি শ্রবণফল তত্ত্বজ্ঞান নানা প্রতিবন্ধকে অবরুদ্ধ থাকে। প্রতিবন্ধক ক্ষয় হইলেই তাহা উদয় প্রাপ্ত হয়। বামদেবাদি ঋষিবৃন্দের তাহাই হইয়াছিল। তাঁহাদের পূর্ব্বজন্মের শ্রবণ এতৎ জন্মে প্রতিবন্ধকশূন্য হইয়া তত্ত্বজ্ঞান উৎপাদন করিয়াছিল, সেই জন্য আর ইহ জন্মে তাঁহাদের শ্রবণ মননাদি করিতে হয় নাই। অতএব, শ্রবণই তত্ত্বজ্ঞানের প্রধান কারণ, মনন ও নিদিধ্যাসন তাহার সহকারী কারণ। "তত্ত্বমসি" মহাবাক্য শ্রবণ করিলে তাহার অর্থে যে অবিশ্বাস ও অসম্ভববোধ প্রভৃতি ঘটনা হয় সে ঘটনা মননের দ্বারা নিবারিত হইতে পারে। মননের পরেও যদি স্পষ্টরূপে আমি ব্রহ্ম, অন্য কিছু নহি, এ অনুভব না হয় তাহা হইলে নিদিধ্যাসনের আবশ্যক হয়। নিদিধ্যাসনে সিদ্ধিলাভ করিতে পারিলেই ঐ অনুভব স্থিরতর হইবে। অন্যথা হইলে হইবে না। এই স্থলে কোন কোন আচার্য্য বলেন, নিদিধ্যাসনই তত্ত্বজ্ঞানের মুখ্য কারণ এবং অন্য দুইটী (শ্রবণ ও মনন) তাহার সহায়।

আপনার ব্রহ্মভাব অপরোক্ষজ্ঞানে আরূঢ় হওয়াই তত্ত্বজ্ঞান। যেমন মরু-মরীচিকায় জলভ্রান্তি, তেমনি, ব্রহ্মে দৃশ্যভ্রান্তি। সুতরাং দৃশ্যপ্রপঞ্চ মিথ্যা, ব্রহ্মই সত্য। প্রথমে এই জ্ঞান অর্জ্জন ও দৃঢ় করিতে হয়। অনন্তর "আমি" এই জ্ঞান ও তাহার আলম্বন দেহ, ইন্দ্রিয়, মন, সমস্তই ভ্রান্তিবিশেষের বিলাস, অন্য কিছু নহে, সুতরাং আমি-জ্ঞান ও আমি-জ্ঞানের আলম্বন, সমস্তই ব্রহ্মে রজ্জুসর্পের ন্যায় মিথ্যা, এই জ্ঞান অবিচাল্য হয়, তখন আপনা আপনি "অহং" অর্থাৎ আমি জ্ঞানটী ইন্দ্রিয়, মন, এ সকল ত্যাগ

করিয়া ব্রহ্মে গিয়া অবগাহন করিতে থাকে। অহং-জ্ঞান ব্রহ্মাবগাহী হইলেই তত্ত্বজ্ঞান, ব্রহ্মজ্ঞান বা আত্মজ্ঞান হইয়াছে বলিয়া অবধারণ করিবে। তদ্বিধ তত্ত্বজ্ঞান হইলেই মোক্ষ অনিবার্য্য। তাহাকে মোক্ষ বল, জীবত্ব নাশ বল, জীবন্মুক্তি বল, তুরীয়প্রাপ্তি বল, আর ব্রহ্মপ্রাপ্তি বল, যাহা ইচ্ছা তাহা বলিতে পার। সে অবস্থা সাত্ত্বিক রাজসিক তামসিক মনোবৃত্তির অতীত সুতরাং গুণাতীত। এখন যাহা সুখ দুঃখ বলিয়া জান, সে অবস্থা সে সুখ দুঃখের অতীত। তাহা নির্ভয়, অদ্বয়, ঘন আনন্দ, একরস ও কূটস্থনিত্য।

একই চৈতন্য আমাতে তোমাতে ও অন্যান্য জীবে বিরাজমান। সেই এক অখণ্ড চৈতন্যই ব্রহ্ম এবং সেই অনাদি অনন্ত ব্রহ্মচৈতন্য উপাধি ভেদে অর্থাৎ আধার (দেহাদি) ভেদে বিভিন্ন ভাব প্রাপ্তের ন্যায় হইয়া আছে। বস্তুতঃ তাহা অভিন্ন বৈ বিভিন্ন নহে। উপাধি অন্তর্হিত হইলেই এক ; নচেৎ বহু। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল, এই লোকত্রয় সেই ব্রহ্মচৈতন্যে অবভাসিত অথবা মায়িকরূপে দৃষ্ট হইতেছে। যে হেতু একাদ্বয় মহান্ ব্যাপি চৈতন্যে স্বাশ্রিত অজ্ঞানের প্রভাবে বিশ্বরূপ ইন্দ্রজাল প্রকাশ পাইয়াছে সেই হেতু বিশ্ব মিথ্যা, কেবল প্রকাশক চৈতন্যই সত্য। অধিক কি, সত্য চৈতন্যে যাহা যাহা ভাসমান তাহা তাহাই অসত্য। সে সকল চৈতন্যাশ্রিত অজ্ঞানের বিলাস বা বিভ্রম ব্যতীত অন্য কিছুই নহে। এই প্রতীতি সুদৃঢ় হওয়া আবশ্যক এবং ঐ প্রতীতি সুদৃঢ় বা অবিচলিত বিশ্বাসে আবদ্ধ হইলেই জীব আপনার ব্রহ্মত্ব সাক্ষাৎকার করিয়া কৃতার্থ হইতে পারে। শক্তিমান্ গুরু যখন বিবেকী ও বুভুৎসু শিষ্যকে "তত্ত্বমসি" "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইত্যাদি মহাবাক্য উপদেশ করেন, তখন তাহার তদুক্ত বাক্যের সামর্থ্যে পূর্ব্বোক্ত প্রকারের প্রতীতি অর্থাৎ বিশ্বের মিথ্যাত্ব ও আপনার ব্রহ্মত্ব বোধ উপস্থিত হয়। অনন্তর সেই বোধ সাধনের বলে অপরোক্ষ পথে প্রবিষ্ট হইয়া তাহাকে কৃতার্থ করে। শ্রবণাদির পর দুই প্রকারে বাক্যার্থবোধ হইতে দেখা যায়। এক পরোক্ষরূপে, অপর অপরোক্ষরূপে। বাক্প্রকাশ্য বস্তু শ্রোতার সন্নিহিত (প্রত্যক্ষ পথে) থাকিলে তদ্বোধক বাক্য তদ্বস্তুবিষয়ে অপরোক্ষ জ্ঞান জন্মায় এবং অসন্নিহিত থাকিলে পরোক্ষ জ্ঞান জন্মায়। "তুমিই দশম" এই বাক্য "দশম

নাই” এই ভ্রান্তি বিদূরিত করিয়া শ্রোতাকে আপনার দশমত্ব সাক্ষাৎকার করাইয়াছিল*। “তুমি রাজপুত্র, ব্যাধ নহ” এই বাক্য রাজপুত্রের ব্যাধভ্রান্তি বিদূরিত করিয়া তাহার স্বরূপ সাক্ষাৎকার উৎপাদন করিয়াছিল†। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, তত্ত্বমস্যাদি মহাবাক্যও শিষ্যের মানুষ্যভ্রান্তি বিদূরিত করিয়া ব্রহ্মত্বসাক্ষাৎকার উৎপাদন করিয়া থাকে। কারণ এই যে, ব্রহ্মই স্বাশ্রিত অনাদি অনির্বাচ্য অজ্ঞানে “আমি অমুক” এই সদ্বয়ভাব বা পরিচ্ছেদভ্রান্তি প্রাপ্ত ও জীব হইয়া আছেন। সুতরাং অদ্বয়ব্রহ্মবোধক তত্ত্বমস্যাদি মহাবাক্য তাহার সেই স্বাত্মভ্রান্তি বিদূরিত করিয়া ব্রহ্মস্বরূপ সাক্ষাৎকার করাইতে সমর্থ। উপদেশাত্মক তত্ত্বমস্যাদি মহাবাক্য জিজ্ঞাসু শিষ্যের মনে ব্রহ্মাকারা বৃত্তি উদিত করে, তদ্দারা ক্রমে তাহার “আমি অমুক” এই চিরাভ্যস্ত ভ্রান্তিবৃত্তি বিদূরিত বা নিবৃত্ত হয়, তখন তাহার সেই চিরসিদ্ধ অদ্বয়ভাব অর্থাৎ ব্রহ্মভাব স্থিরীকৃত হয়। এই অদ্বয় ব্রহ্মভাবই মোক্ষ। যদিও আলোক অন্ধকারের ন্যায় জ্ঞান ও অজ্ঞান অর্থাৎ চৈতন্য ও অচৈতন্য পরস্পর বিরোধী ‡ তথাপি তাহাদের অভিভাব্য-অভিভাবক-ভাব

---

* দশম। দশ জন চাষা একদা দেশান্তর যাইতেছিল। পথি মধ্যে এক নদী, সন্তরণ ব্যতীত পার হইবার উপায় নাই, দেখিয়া সন্তরণ দ্বারা পার গমন করিল। দশ জনই আছি কি না, কেহ নক্রকুম্ভিরগ্রস্ত হইয়াছে কি না, বুঝিবার নিমিত্ত একে একে সকলেই সকলকে গণিল, পরন্তু গণনামধ্যে আপনাকে নিবিষ্ট না করায় সকলেরই দশম নাই, এই প্রতীতি(ভ্রান্তি) জন্মিল, তাহাতে তাহারা দশমের জন্য অনেকবিধ শোক পরিতাপাদি করিতে লাগিল। এই সময়ে জনৈক বিজ্ঞ পথিক তথায় আগমন করতঃ তাহাদের শোকের কারণ জ্ঞাত হইয়া তাহাদিগকে পুনর্গণনা করিতে বলিল। নবম পর্য্যন্ত গণা হইলে পথিক উপদেশ করিল, “তুমি দশম।” “তুমি দশম” এই উপদেশে তাহাদের ভ্রান্তি গেল এবং দশম জ্ঞান অপরোক্ষ পথে আসিল। তখন তাহাদের শোক মোহ বিনষ্ট হইল। বাক্য এই উদাহরণের অনুরূপ স্থলে প্রত্যক্ষ জ্ঞান জন্মায়।

† রাজপুত্র। এক সময়ে কোন এক রাজপুত্র চৌরনীত, ব্যাধকুলে বিক্রীত ও বর্দ্ধিত হইয়াছিল। দীর্ঘকাল পরে কোন এক তদীয় আত্মীয় তাহাকে “তুমি রাজপুত্র, ব্যাধ নহ” এইরূপ এইরূপ বাক্য বলিয়া তাহার জন্মবৃত্তান্ত বুঝাইয়া দেয়। তাহাতে তাহার ব্যাধ পুত্রতাভিমান বিদূরিত ও স্বরূপসম্বোধ উদিত হয়।

‡ বিরোধী পদার্থের সহাবস্থান ঘটে না। যেমন আলোক অন্ধকার সহাবস্থিত হয় না

অপ্রত্যাখ্যেয়। নিপুণ হইয়া অনুসন্ধান করিলে দেখিতে পাইবে, চেতনের *পার্শ্বচর শক্তি অজ্ঞান ও তাহার সত্তা চৈতন্যসত্তার অধীন।* উক্ত উভয় পরস্পর পরস্পরের প্রতিযোগী হইয়াও পরস্পরের স্বরূপ বোধক। অন্ধকার না থাকিলে কে আলোক থাকা প্রমাণিত করিতে পারে? জড় না থাকিলে ও অজ্ঞান না থাকিলে কে চেতন থাকা ও জ্ঞান থাকা জানিতে বা বিশ্বাস করিতে পারে? অপিচ, প্রত্যেক আলোকের ও প্রত্যেক চেতনের অধীনে অন্ধকারের ও অজ্ঞানের অবস্থান দৃষ্ট হয়। কোন্ চেতনে অজ্ঞানসংশ্রব নাই? সমুদায় চেতন জীবে অজ্ঞান-সংশ্রব দৃষ্টে স্থির করা যাইতে পারে যে, অজ্ঞান চেতনের পার্শ্বচর শক্তি। ছায়া যেমন আলোকের পার্শ্বচর, তেমনি অজ্ঞানও জ্ঞানের পার্শ্বচর। উক্ত উভয় কোন এক অনির্বাচ্য সম্বন্ধে কখন দূরে, কখন নিকটে, কখন প্রকাশ্যরূপে ও কখন অন্তর্হিতরূপে আলোকের ও জ্ঞানের সহিত দেখা শুনা করিয়া থাকে। সুবিধা এই যে, তাহারা পরস্পর বিরুদ্ধস্বভাবান্বিত—সাক্ষাৎ সম্বন্ধে দেখা শুনা করিতে পারে না। সেই জন্যই আমরা মোক্ষের আশা করি। যেমন অন্ধকারকালে আলোকের অপসার, এবং আলোককালে অন্ধকারের অপসার হয়, তেমনি, অজ্ঞান-কালে জ্ঞানের তিরোভাব ও জ্ঞানকালে অজ্ঞানের পলায়ন ঘটনা হয়। জ্ঞান হইলে অজ্ঞান পলায়ন করিবে; ইহা স্থির থাকাতেই আমরা অজ্ঞান নিবারণের চেষ্টা করিয়া থাকি। অজ্ঞানই সংসার; সংসার অন্য কিছু নহে। অখণ্ডচেতন অদ্বয়ব্রহ্মের পার্শ্বচর শক্তি অজ্ঞান, তাহার প্রাদুর্ভাবে অন্তঃকর-

---

অর্থাৎ আলোকে অন্ধকার স্থান পায় না, তেমনি, জ্ঞানে অজ্ঞান স্থান পায় না। ইহা দেখিয়া ব্রহ্মে অজ্ঞানের আবেশ অস্বীকার করা ন্যায্য নহে। কারণ, জ্ঞান অজ্ঞান একত্রাবস্থিত হয় না, এ নিয়ম বৃত্তিজ্ঞানে প্রচলিত। ঘটাকারা মনোবৃত্তি ও ঘটাভাবাকারা মনোবৃত্তি একত্রিত হয় না, এই মাত্র নিয়ম দৃষ্ট হয়। সুতরাং উক্ত উভয় বৃত্তির গ্রাহক যে আত্মচৈতন্য তাহা তাহার অধিকার ভুক্ত নহে। আত্মচৈতন্যে দ্বিপ্রকার বৃত্তিই ভিন্ন ভিন্ন সময়ে ভাসমান হইয়া থাকে। যাহা আত্মা বা চেতন, তাহাই ব্রহ্ম। যাহা তাহার প্রতিযোগী—বিপর্য্যয়—এবং কখন আচ্ছা-দক—কখন বা পার্শ্বস্থায়ী—তাহাই অজ্ঞান। অতএব, মূলাজ্ঞান ও মূল জ্ঞান ব্যবহারিক জ্ঞান অজ্ঞানের তুল্যস্বভাবাপন্ন নহে। সেই জন্যই চিৎ ও জড় এই দুই বিরুদ্ধ পদার্থের অভিভাব্য অভিভাবক ভাব সম্ভব হয়।

ণাদির উৎপত্তি, অনন্তর তিনি অন্তঃকরণাদিপরিছিন্ন জীব, আবার তাহারই তিরোভাবে তিনি অপরিছিন্ন ও নিরঞ্জন। চিদাত্মা ব্রহ্মের তাদৃশ পার্শ্বচর কথন বা সহচর শক্তিবিশেষই এতৎ শাস্ত্রে ঐশীশক্তি, জগদ্যোনি, অজ্ঞানশক্তি, মায়া, সৃজনশক্তি ও মূলপ্রকৃতি, ইত্যাদি নামে পরিভাবিত হইয়াছে। কি অন্তঃপ্রপঞ্চ কি বাহ্যপ্রপঞ্চ সমস্তই অজ্ঞানের বিলাস, সেই জন্য তাহা ভ্রান্তির বিজৃম্ভণ বলিয়া বর্ণিত হইয়াছে।

"অস্তি ভাতি প্রিয়ং রূপং নাম চেত্যর্থপঞ্চকম্।
আদ্যত্রয়ং ব্রহ্মরূপং জগদ্রূপং ততো দ্বয়ম্॥"

শক্তিরূপী ব্রহ্মাশ্রিত অজ্ঞান ব্রহ্মে বা ব্রহ্মকে জগৎ দেখাইয়াছে। সে জন্য জগৎ ও ব্রহ্ম এখন বিমিশ্রিত বা একাবভাসে ভাসিত। সেই কারণে এখন প্রত্যেক দৃশ্যই পঞ্চরূপী। অস্তি—আছে (১), ভাতি—প্রকাশ পাইতেছে (২), প্রিয়—ভাল বা বেশ্ এই ভাব (৩), রূপ—ইহা এতৎ-প্রকার (৪), নাম—ইহা অমুক বস্তু (৫)। এই পঞ্চরূপের প্রথমোক্ত তিন রূপ ব্রহ্ম, অবশিষ্ট দুই রূপ জগৎ। অর্থাৎ অজ্ঞানবিকার। অজ্ঞান-বিকার বা জগৎ পরমার্থতঃ সত্য নহে। সেই জন্যই বলা যায় "জগৎ মিথ্যা ও ব্রহ্ম সত্য।"

অজ্ঞানকালে অর্থাৎ সংসার দশায় "অহং—আমি" এই বৃত্তি অস্থির বা অনিশ্চিতরূপে উদিত থাকে। সংসারকালের অহং-জ্ঞান একাকার নহে বলিয়া তাহা অপ্রমা অর্থাৎ মিথ্যা। ভাবিয়া দেখ, অজ্ঞানকালের অহং কখন মন, কখন ইন্দ্রিয়, কখন শরীর, অবলম্বন করতঃ অবস্থান করে, পূর্ণ-চৈতন্যের দিকে অগ্রসর হয় না। সুতরাং সংসারকালের অহং-জ্ঞান অস্থি-রতা বিধায় সন্দিগ্ধের ন্যায় অপ্রমা অর্থাৎ মিথ্যা। জননীর ন্যায় হিতাভি-লাষিণী শ্রুতি তত্ত্বমস্যাদি মহাবাক্য উপদেশ দ্বারা সেই অপ্রমা বা ভ্রান্তি বিদূরিত করিতে প্রবৃত্তা আছেন। শ্রবণে অকৃতকার্য্য হইলে মনন, মননে ফল না পাইলে নিদিধ্যাসন অবলম্বনীয়। শ্রবণ মনন নিদিধ্যাসনে অধি-কারিতা লাভের জন্য ও বুদ্ধিদৌর্ব্বল্য নিবারণের জন্য প্রথমে চিত্তপরিকর্ম্ম-কারক উপাসনা প্রয়োজনীয়। শম, দম, উপরতি, শ্রদ্ধা, সমাধান প্রভৃতি বেদোক্ত অনুষ্ঠানে কিছু দিন রত থাকিলেই চিত্ত নির্ম্মলীকৃত হয়, তখন

শ্রবণাদিকার্য্যে অধিকারিতা জন্মে। মনন নিদিধ্যাসনের প্রভাবে প্রতিবন্ধক অভাবপ্রাপ্ত হয়, প্রতিবন্ধক অভাব প্রাপ্ত হইলেই শ্রবণফল তত্ত্বজ্ঞান (অহং ব্রহ্ম ইত্যাকার অনুভব) আপনা হইতেই উৎপন্ন হয়। তত্ত্বজ্ঞান অর্থাৎ ব্রহ্মাকারা অহংবৃত্তি ব্রহ্মদর্শন করায়, করাইয়া বিনাশ প্রাপ্ত হয়, তখন আর অহং থাকে না, সুতরাং ব্রহ্মনির্ব্বাণ বা মোক্ষ জন্মে। শ্রোতার চিত্তে ব্রহ্মাকারা বৃত্তি উদিত করাইবার নিমিত্ত শ্রুতি ব্রহ্মের স্বরূপ তটস্থ দ্বিবিধ লক্ষণ বলিয়াছেন। ব্রহ্ম জগৎকারণ, এ লক্ষণ তটস্থ। ব্রহ্ম সচ্চিদানন্দ, অখণ্ড, একরস ও অদ্বয়, এ লক্ষণ স্বরূপসন্নিবিষ্ট। জগৎকারণ হইলেও তিনি সাংখ্যের প্রকৃতির ও বৈশেষিকের পরমাণুর ন্যায় পরিণামী ও আরম্ভক নহেন। তিনি নিজেই নিজ মায়ায় আকাশাদি রূপে বিবর্ত্তিত হইয়াছেন, সুতরাং অভিন্ননিমিত্তোপাদান বিবর্ত্ত কারণ। অভিন্ননিমিত্তোপাদানের দৃষ্টান্ত লূতা (মাকড়শা)। লূতা সৃজ্যমান সূত্রের প্রতি স্বচৈতন্যপ্রাধান্যে নিমিত্ত কারণ এবং স্বশরীরপ্রাধান্যে উপাদান কারণ। লূতা যে সূত্র সৃজন করে, তাহার উপাদান সে অন্য কোথা হইতে আনে না, তাহা তাহার নিজ শরীরেই আছে। বিবর্ত্তশব্দের অর্থও শ্লোকে গ্রথিত আছে।

"সতত্ত্বতোঽন্যথাপ্রথা বিকার ইত্যুদাহৃতঃ।
অতত্ত্বতোঽন্যথাপ্রথা বিবর্ত্ত ইত্যুদীরিতঃ॥"

সত্য সত্যই একপ্রকার বস্তু অন্যপ্রকার হইলে তাহা বিকার এবং মিথ্যা অন্যথা প্রতীত হইলে তাহা বিবর্ত্ত। দুগ্ধ দধি হয়, তাহা বিকার। রজ্জু সর্পাকারে প্রতীত হয়, তাহা বিবর্ত্ত। জগৎ ব্রহ্মের বিকার নহে, কিন্তু বিবর্ত্ত। সুতরাং এই দৃশ্য জগৎ ইন্দ্রজালসদৃশ তাত্ত্বিকসত্তাশূন্য অর্থাৎ মিথ্যা। যেমন কোন ঐন্দ্রজালিক কৌশলাদিপ্রয়োগক্ষুভ্যমান মায়ার দ্বারা ইন্দ্রজাল সৃজন করে, সেইরূপ, মহামায়াবী ঈশ্বরও বিনা ব্যাপারে স্বেচ্ছার দ্বারা জগৎ সৃজন করেন। তাঁহার তাদৃশী ইচ্ছাশক্তিই এতৎশাস্ত্রে মায়া নামে অভিহিত হইয়াছে। গুণবতী মায়া এক হইলেও গুণের প্রভেদে প্রভিন্ন। সেই প্রভেদেই জীবেশ্বর বিভাগ প্রচলিত। উৎকৃষ্টসত্ত্ব প্রাবল্যে মায়া এবং মলিনসত্ত্ব প্রাবল্যে অবিদ্যা। মায়ায় উপহিত ঈশ্বর ও অবিদ্যায় উপহিত জীব। জীব কেবল উপহিত নহে, অবিদ্যার বশ্যও বটে। মায়া

এক, সেজন্য ঈশ্বরও এক। মালিন্যের অল্পাধিক্য অনুসারে অবিদ্যা নানা, তদনুসারে জীবও নানা। সুর, অসুর, মানুষ, পশু, ইত্যাদি। মায়ার জ্ঞানশক্তির চরমোৎকর্ষ, সেই জন্য তদুপহিত ঈশ্বরও সর্ব্বেশ্বর, সর্ব্বজ্ঞ, স্বতন্ত্র ও সর্ব্বনিয়ন্তা। জীব জ্ঞানশক্তির অল্পতা বশতঃ সেরূপ নহে। ব্রহ্মের জীব হওয়া কৌন্তেয় কর্ণের রাধেয় হওয়ার অনুরূপ। অপিচ, যেমন একই আকাশ ঘটরূপ উপাধিতে ঘটাকাশ, তত্ত্যাগে মহাকাশ, তেমনি ব্রহ্মও মনুষ্যাদি উপাধিতে (আধারে) জীব ও তদপগতে ব্রহ্ম।

শাস্ত্র, যুক্তি, অনুভব, তিন্ প্রকার অনুসন্ধানে পাওয়া যায় যে, যাহার অস্তিত্ব ও প্রকাশ যাহার অধীন, তাহাতে তাহা কল্পিত। যেমন তরঙ্গ বুদ্বুদ প্রভৃতি জলের অধীন বলিয়া জলে কল্পিত অর্থাৎ সে সকলের সত্তা জলসত্তার অতিরিক্ত নহে, তেমনি, এই দৃশ্য ব্রহ্মাণ্ডের অস্তিত্ব ও প্রকাশ সচ্চিদানন্দব্রহ্মসত্তার অধীন। এতদ্দৃষ্টে স্থির করা যায়, সমস্তই সচ্চিদানন্দ ব্রহ্মচৈতন্যে কল্পিত। অজ্ঞ জীব এই আত্মকল্পিত ভাব সাক্ষাৎকার করিতে অসমর্থ। যদ্রূপ দর্পণের কালিমা দর্পণের স্বচ্ছস্বভাব প্রচ্ছন্ন করে, তদ্রূপ স্বীয় অনির্ব্বাচ্য অনাদি অজ্ঞানও স্বস্বরূপ প্রচ্ছন্ন করিয়াছে। তাই অজ্ঞ জীব দ্বৈতপ্রপঞ্চের মিথ্যাত্ব জ্ঞাত নহে। বিচারাত্মক শ্রবণাদির দ্বারা অজ্ঞানমালিন্য পরিমার্জ্জিত হইলে তখন তাহারা বুঝিতে পারে, আমি পূর্ণ অনবচ্ছিন্ন ও সত্য ; অপর সমস্ত আমাতে ও আমারই কল্পিত।

আত্মা আকাশের ন্যায় অনবচ্ছিন্ন, পূর্ণ, সর্ব্বগত, স্বয়ম্প্রকাশ ও চেতন ইহার পার্শ্বচর অজ্ঞান নামক দোষ ইহাতে প্রথমে বৃথা অহং-প্রতিভাস উত্থাপন করে। অহং-প্রতিভাস উৎপন্ন হওয়াতেই ক্রমে অসংখ্য দ্বৈত প্রতিভাস উৎপন্ন হয়। জীব বস্তুতঃ পরম, পরন্তু তিনি পরম হইয়াও স্বীয় পার্শ্বচর অজ্ঞানের দোষে অপরম অর্থাৎ প্রাদেশিক (পরিছিন্ন) জীব হইয়া আছেন এবং জীবভাব প্রাপ্ত হওয়াতেই বৃথা কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব ভোগ করিতেছেন। জননী অপেক্ষা অধিক হিতৈষিণী শ্রুতি তাহা বুঝাইয়া দিবার অভিপ্রায়ে জীবাত্মা পরমাত্মার অভেদপ্রতিপাদক (অভেদবোধক) "তত্ত্বমসি" "অয়মাত্মা ব্রহ্ম" ইত্যাদি ইত্যাদি মহাবাক্য উপদেশ করিয়াছেন।

যদি বল, অভেদ তত্ত্বমসি-বাক্যের মুখ্যার্থ নহে, ঔপচারিক ; লোকে

যেমন অমাত্যকেও রাজা বলে, তেমনি শ্রুতি চৈতন্যাংশে ব্রহ্মস্বভাবের সাদৃশ্য আছে দেখিয়া জীবকে ব্রহ্ম বলিয়াছেন। অথবা জীব ব্রহ্মের অংশ, অথবা জীব ব্রহ্মের সেবক, তৎকারণে শ্রুতি জীবকে ব্রহ্ম বলিতে কুণ্ঠিত হন নাই। সাদৃশ্য থাকিলে সদৃশ বস্তুকে তৎস্বরূপ বলা যায় এবং অংশাংশিভাব সেব্যসেবকভাব অথবা স্বামিভৃত্যভাব থাকিলেও ঐ রূপ প্রয়োগ হইতে পারে। হয় ত শ্রুতির অভিপ্রায়—অংশাংশিভাব, না হয় স্বামিভৃত্যভাব, না হয় সেব্যসেবকভাব। শঙ্কর বলেন, প্রত্যুত্তরে আমরা বলিব, তাহা নহে। অংশাংশিভাব অথবা স্বামিভৃত্যভাব অভিপ্রায়ে ঐ সকল মহাবাক্য উচ্চারিত হওয়া অসম্ভব। কারণ, শ্রুতি-সন্দর্ভের পূর্ব্বাপর অনুসন্ধান ও তাৎপর্য্য বিচার করিলে স্পষ্টই বুঝা যায়, অভেদ অর্থ গৌণ নহে; প্রত্যুত মুখ্য। বিবেচনা কর, আকাশের ন্যায় নিরবয়ব বিভু পরমেশ্বরের অংশ নিতান্ত অসম্ভব। জীবগণ ঈশ্বরাংশ, এ কথা সত্য হইলে ঈশ্বর অংশী, এ কথাও সত্য হইবে; কিন্তু তাহা অযুক্ত। বিবেচনা কর, অংশী ও সাবয়ব সমান কথা এবং সাবয়ব পদার্থ যে জন্যত্ববিনাশিত্বাদি দোষে প্রলিপ্ত তাহা সকলেই বিদিত আছেন। এবিষয়ে অধিক কি বলিব, ভেদঘটিত স্বামিভৃত্যভাব বা সেব্য-সেবকভাব শ্রুতিতাৎপর্য্যের বিরোধী; সে জন্য তাহা অপ্রমাণ। অপিচ, উপক্রমে ও উপসংহারে পরিপঠিত * "সৃষ্টির পূর্ব্বে এ সকল সৎ অর্থাৎ ব্রহ্ম ছিল, অন্য কিছু ছিল না।" "এ সমস্তই ব্রহ্ম" "অদ্বয় ব্রহ্মই আদিতত্ত্ব।" এই সকল শ্রুতি সুব্যক্তরূপে অদ্বয়-ব্রহ্মতত্ত্ব উপদেশ করিয়া অনন্তর তৎ-প্রতিপাদনার্থ "তত্ত্বমসি" প্রভৃতি মহাবাক্য উপদেশ করায় স্পষ্টই বুঝা যাইতেছে যে, ভেদঘটিত স্বামিভৃত্যভাবে কি অন্যভাবে ঐ সকল শ্রুতির

---

* উপক্রম ও উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফলবর্ণন, অর্থবাদ, ও যুক্তিযোজনা, এই ছয়টী প্রস্তাবতাৎপর্য্য ও শাস্ত্রতাৎপর্য্য বুঝিবার প্রকৃষ্ট উপায়। উপক্রম=আরম্ভ, উপসংহার=সমাপ্তি। আরম্ভকালের বাক্য ও সমাপ্তিকালের বাক্য যদি একরূপ বা একার্থবোধক হয়, তাহা হইলে বুঝিতে হইবে, তাহাই তৎপ্রস্তাবের প্রতিপাদ্য। অভ্যাসশব্দের অর্থ পুনঃ পুনঃ। উপক্রান্ত পদার্থের পুনঃ পুনঃ বা বার বার উপদেশ বা উল্লেখ থাকিলে তাহাকে অভ্যাস বলে। সে উপদেশ অন্যত্র অলব্ধ হইলে অপূর্ব্ব। ফলবর্ণন, অর্থবাদ (প্রশংসাদি) ও যুক্তিপ্রদর্শন সেই উপক্রান্ত বিষয়েই প্রযোজিত হইয়াছে দেখিলে স্থির করিবে যে তাহাই তৎপ্রস্তাবের তাৎপর্য্য।

অল্পমাত্রও তাৎপর্য্য নাই। আরও দেখ, "তিনি সৃজন করিয়া তাহাতে প্রবিষ্ট হইলেন" "তিনিই এই শরীরে প্রবিষ্ট" ইত্যাদি শ্রুতি স্বস্পষ্ট সংঘাতে (দেহে) অবিকৃত পরমেশ্বরের (ব্রহ্মের) অনুপ্রবেশ উপদেশ করিয়াছেন। দুই একটী ভেদ-শ্রুতি আছে সত্য; পরন্তু সে গুলিও ঔপচারিক অর্থ ব্যক্ত করে। একের ঔপচারিকত্বে অন্যের মুখ্যতা, এ নিয়ম অনুসারে অবশ্যই সেই সেই অভেদ শ্রুতি জীবব্রহ্মের অভেদ অর্থ প্রতিপাদন করিবে। অদ্বয় ব্রহ্মবাদেই "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্" ইত্যাদি শ্রুতি সাধুরূপে সঙ্গত হয়। ইহাই বেদান্তশ্রুতির হৃদয় অথবা বেদান্তনিহিত রহস্য।

উপরে যাহা বলা হইল তাহাই আচার্য্য শঙ্করস্বামীর অভিপ্রেত। শঙ্কর উক্তরূপে শ্রুতিরহস্য অনুভব করতঃ অদ্বৈতবাদে ব্রহ্মসূত্রের বিস্তীর্ণ ব্যাখ্যা প্রস্তুত করিয়া ইহপরলোকে সুপ্রতিষ্ঠিত হইয়াছেন। ব্যাখ্যার নাম শারীরক ভাষ্য। ভাষ্যমধ্যে তিনি উপরোক্ত তত্ত্বের অনুকূলে নানা যুক্তি, নানা উদাহরণ ও নানা প্রমাণাদি বিন্যস্ত করিয়াছেন। বর্ণিতপ্রকারের তত্ত্বজ্ঞান উৎপাদনে অধিকারী হইবার জন্য যে সকল কার্য্য করিতে হয় সে সকল কার্য্য, বুদ্ধিনৈর্ম্মল্যের উপকরণ, শ্রুতিবিচারের প্রণালী, সাধনরহস্য, উপাসনাতত্ত্ব, কর্ম্মানুষ্ঠানের ও উপাসনানিবিষ্ট ব্যক্তির উচ্চাবচ ফল, জীবন্মুক্তি, ক্রমমুক্তি ও নির্ব্বাণ মোক্ষ, এ সমস্তই বিশদরূপে বর্ণন করিয়াছেন এবং প্রসঙ্গাগত স্বর্গনরকাদি ফলভোগের কথাও বলিয়াছেন। ঈদৃশ শাঙ্করভাষ্য প্রাদুর্ভাবের পূর্ব্বে বোধায়ন মুনির ও আচার্য্য উপবর্ষের বৃত্তি বা ভাষ্য ছিল। তাঁহারা যে কি মর্ম্মে বেদান্তসূত্রের ব্যাখ্যা প্রস্তুত করিয়াছিলেন তাহা জ্ঞাত নহি। শুনা যায় এবং রামানুজস্বামীর ভাষ্য দৃষ্টে জানা যায় যে, বোধায়ন ও উপবর্ষ বিশিষ্টাদ্বৈতবাদী ছিলেন। শঙ্কর ব্যতীত অন্য কেহ নির্ব্বিশেষাদ্বৈত হৃদগত করেন নাই। নির্ব্বিশেষাদ্বৈতবাদের সংক্ষিপ্ত মর্ম্ম এই যে, ব্রহ্ম একরূপ, তাঁহার আর কোন রূপ বিশেষ অর্থাৎ স্বজাতীয় বিজাতীয় ও স্বগত, কোন রূপ প্রভেদ নাই। এ সকল ভেদপ্রতিভাস (বিশ্ব) মায়িক সুতরাং মিথ্যা। বিশিষ্টাদ্বৈতবাদের সংক্ষিপ্ত মর্ম্ম এই যে, অন্য দ্বিপ্রকার ভেদ না থাকুক, স্বগত ভেদ আছে। বৃক্ষ এক বটে; পরন্তু তাহার কাণ্ড, শাখা, পত্র, পুষ্প, ফল, ইত্যাদি নানা ভেদ আছে। সে সকল বৃক্ষ ছাড়া নহে;

অথচ ভিন্ন। সেইরূপ, ব্রহ্ম এক হইলেও তাঁহার নানা ভেদ আছে। জীব ও জীবোপজীব্য জগৎ তাঁহারই প্রভেদ অথচ তাঁহা ছাড়া নহে। তিনি সেব্য, জীব সকল তাঁহার সেবক। এই মত রামানুজ ও মধ্ব স্বামীর। রামানুজ স্বামীর ও মধ্ব মুনির মতের অপেক্ষাকৃত বিস্তৃত বিবরণ এই———

• রামানুজ বিশিষ্টাদ্বৈতবাদী ও তিন পদার্থবাদী। তাঁহার মতে চিৎ, জড়, ও ঈশ্বর, এই তিন তত্ত্ব প্রধান। চিৎ=জীব। জড়=দৃশ্য জগৎ। ঈশ্বর=পরমাত্মা হরি। জীব ভোক্তা, দৃশ্য জগৎ তাহাদের ভোগ্য, এবং ঈশ্বর তৎসমুদায়ের নিয়ন্তা। দৃশ্য জগৎ তিন ভাগে বিভক্ত। ভোগ্য, ভোগের উপকরণ, ও ভোগের আয়তন। ঈশ্বর এই ত্র্যাত্মক জগতের কর্ত্তা ও উপাদান। ন্যায়বিৎ গোতম প্রভৃতি নিত্য পরমাণু প্রভৃতিকে বিশ্বের উপাদান কারণ বলেন, কিন্তু রামানুজ তাহা বলেন না। রামানুজ বলেন, ভগবান্ হরি নিজেই নিজসৃষ্টির উপাদান এবং তিনিই পুরাণাদি শাস্ত্রে ভগবান্, পুরুষোত্তম, বাসুদেব, ইত্যাদি ইত্যাদি নামে ব্যপদিষ্ট হইয়াছেন। তিনি পরমকারুণিক ও ভক্তবৎসল। যে সকল জীব তাঁহার উপাসনা করে, তাহাদিগকে তিনি তাহাদের উপাসনানুরূপ ফল প্রদান করেন। ভক্তবৎসলতা বিধায় তিনি লীলাবিশেষের বশবর্ত্তী হন, হইয়া অর্চ্চা, বিভব, ব্যূহ, সূক্ষ্ম ও অন্তর্যামী ভেদে ব্যপদিষ্ট হন। তদীয় ভক্তগণ সোপানারোহণ ন্যায়ে পূর্ব্ব পূর্ব্ব মূর্ত্তির উপাসনা করিয়া পর পর মূর্ত্তির অনুগ্রহ লাভে চরম সোপানে গিয়া কৃতার্থতা লাভ করেন। উপাসক জীব পূর্ব্ব পূর্ব্ব উপাসনায় বাসুদেবপ্রাপ্তিরূপ মোক্ষের পরম শত্রু দুরিতনিচয় ক্ষয় করিয়া উত্তরোত্তর উপাসনায় অধিকারী হন। অর্চ্চা=প্রতিমাদি। বিভব=অবতার সমূহ। ব্যূহ=সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, এই চার রূপ। বাসুদেব=সম্পূর্ণ ষড়্গুণ। এই বাসুদেবই বেদান্তাদি শাস্ত্রে পরব্রহ্ম আখ্যায় প্রথিত। সূক্ষ্ম ও অন্তর্যামী মূর্ত্তি জীবস্থ ও জীবপ্রেরক রূপে বিজ্ঞেয়।

রামানুজ বলেন, উপাসনা পাঁচ প্রকার। অভিগমন, উপাদান, ইজ্যা, স্বাধ্যায় ও যোগ। অভিগমন শব্দে ভগবৎস্থানের মার্জ্জন ও লেপনাদি। উপাদান শব্দে গন্ধপুষ্পধূপদীপাদি দান। ইজ্যা শব্দে পূজা। স্বাধ্যায় শব্দে মন্ত্রজপ, নামজপ, স্তোত্রপাঠ, নামসঙ্কীর্ত্তনাদি ও ভগবত্তত্ত্বপ্রকাশক শাস্ত্রের

অভ্যাস। যোগ শব্দে একাগ্রচিত্তে ভগবদনুসন্ধান। এই পঞ্চবিধ উপাসনায় অল্পে অল্পে ভক্তিনামক জ্ঞান আবির্ভূত হয় এবং চরমোৎকর্ষ অবস্থায় যখন অহঙ্কারাদি বিলুপ্ত হইয়া যায় তখন ভক্তবৎসল ভগবান্ তাহাকে আবৃত্তিরহিত স্বীয় পরমানন্দ ধাম প্রদান করেন। তাহাই শাস্ত্রান্তরের মোক্ষ। ধ্যানাদি সহকৃত ভক্তির দ্বারাই ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার করা যায়; অন্য উপায়ে নহে। ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার তত্ত্বমসি প্রভৃতি বাক্য শুনিয়া হয় না।

রামানুজ আরও বলেন, একমাত্র ভক্তিই ভগবৎপ্রাপ্তির উপায়। ভক্তি জ্ঞানবিশেষ, জ্ঞানের সার বা ফল। তাহা ইতরবৈতৃষ্ণ্যরূপিণী। ভগবান্ ব্যতীত আর সমস্ত যখন হেয় গোচরে আইসে তখন যে অনন্যপরা বা অচলা ভক্তি বিকাশমানা হয়, সেই ভক্তিই ভক্তি। বৈরাগ্য ব্যতীত তাদৃশী ভক্তি লাভ করিবার আশা করা যায় না এবং বৈরাগ্যও সত্ত্বশুদ্ধি ব্যতীত উৎপন্ন হয় না। সত্ত্বশুদ্ধি আহারাদির শুদ্ধতা হইতে অল্পে অল্পে হইয়া থাকে। স্বামী রামানুজ এইরূপ এইরূপ তাৎপর্য্যে ব্যাসকৃত ব্রহ্মসূত্রের বৃত্তি রচনা করিয়া গিয়াছেন। তাঁহার সেই বৃত্তি এক্ষণে ভাষ্য নামে প্রথিত।

মধ্বাচার্য্যের মত প্রায় ঐরূপ; কোন কোন অংশে কিছু কিছু প্রভেদ আছে। জীব অণুপরিমাণ, তাহারা ভগবানের দাস, বেদ নিত্য ও অপৌরুষেয়, পঞ্চরাত্র নামক শাস্ত্র জীবের আশ্রয়নীয়, প্রপঞ্চভেদ (জগৎ) সত্য, এই কয় বিষয়ে মধ্ব রামানুজের সহিত একমত; পরন্তু তত্ত্ববিভাগ ব্যবস্থায় অন্যমত। মধ্ব সম্পূর্ণ দ্বৈতবাদী এবং তন্মতে তত্ত্ব দ্বিবিধ। স্বতন্ত্র ও অস্বতন্ত্র। অশেষ-সদ্‌গুণ ভগবান্ বিষ্ণু স্বতন্ত্র তত্ত্ব; জীব ও জড়জগৎ অস্বতন্ত্র তত্ত্ব। ভগবদ্দাস জীব ভ্রমবশতঃ ভগবদ্দাস্য ত্যাগ করিয়া ভগবৎ সাম্য ইচ্ছা করিলে অর্থাৎ অহংব্রহ্মাস্মি উপাসনায় নিবিষ্ট হইলে অধঃপতিত হয়। সে জন্য, অস্বতন্ত্র ও সেবক জীবের ভগবদ্দাস্যই পরম অবলম্বনীয়। অধিক কি বলিব, পরমসেব্য ভগবানের সেবা ব্যতীত জীবের পক্ষে অন্য কর্ত্তব্য নাই।

মধ্বমতে সেবা প্রধানতঃ ত্রিবিধ। অঙ্কন, নামকরণ ও ভজন। সর্ব্বদা ভগবৎরূপের স্মরণ হইবে, এই আশায় তন্মতাবলম্বীরা শরীরে গদাচক্রাদি নারায়ণাস্ত্রের প্রতিচ্ছবি অঙ্কিত করেন। সর্ব্বদা তাঁহার নাম স্মরণ পথে থাকিবে, সেই আশায় তাঁহারা পুত্রাদির "কেশব" "কৃষ্ণ" প্রভৃতি নাম

রাখিয়া থাকেন। এ সকল ব্যাপারও তন্মতে সেবা বলিয়া গণ্য। ভজন দশ প্রকার। দয়া, ভগবৎস্পৃহা ও শ্রদ্ধা, এই তিন মানসিক। সত্যবাক্য, হিতবাক্য, প্রিয়বাক্য ও স্বাধ্যায়, এই চার বাচিক। দান, পর-পরিত্রাণ ও পূজা, এই তিন কায়িক।

• পরম সেব্য স্বতন্ত্র তত্ত্ব ভগবানের প্রসন্নতা লাভই অস্বতন্ত্র সেবক জীবের পরমপুরুষার্থ। কিন্তু তাহা ভগবদ্গুণোৎকর্ষজ্ঞান ব্যতীত হয় না। সে জ্ঞান তত্ত্বমস্যাদি বাক্য শ্রবণে জন্মে না। অঙ্কন, নামকরণ ও ভজনের দ্বারাই তাহা লব্ধ ও স্থিরতর হয়। "তত্ত্বমসি" বাক্য "অগ্নির্ম্মাণবকঃ" ইত্যাদি বাক্যের ন্যায় সাদৃশ্যপর। নির্ব্বাণমুক্তি বন্ধ্যাপুত্রাদির ন্যায় কথামাত্র, সারূপ্য সালোক্যাদি মুক্তিই পরমার্থ। মধ্ব মুনি এই ভাব হৃদিস্থ করিয়া ব্রহ্মসূত্র-ভাষ্য রচনা করিয়া গিয়াছেন।

প্রসঙ্গক্রমে বল্লভাচার্য্যের মতও সংক্ষেপে বলি, প্রণিহিত হউন।

• জীব অণু, সেবক, প্রপঞ্চভেদ (জগৎ) সত্য, এ সকল বিষয়ে বল্লভ মধ্ব-মুনির সহিত একমত। প্রভেদ এই যে, মধ্বমতে বৈকুণ্ঠপতি বিষ্ণু মুমুক্ষু জীবের সেব্য, বল্লভমতে গোলকাধিপতি শ্রীকৃষ্ণ মুমুক্ষু জীবের সেব্য। মধ্ব বলেন, অঙ্কনাদিভেদে সেবা ত্রিবিধ; বল্লভ বলেন, সেবা দ্বিবিধ। ফলরূপা ও সাধনরূপা। সর্ব্বদা কৃষ্ণশ্রবণচিন্তনরূপ মানসী সেবা ফলরূপা এবং দ্রব্যা-র্পণাদি নিষ্পাদ্য ও কায়ব্যাপারনিষ্পাদ্য শারীরী সেবা সাধনরূপা। মধ্ব বলেন, বৈকুণ্ঠলোক প্রাপ্তিই মোক্ষ; বল্লভ বলেন, গোলোকস্থ পরমানন্দ-সন্দোহ বৃন্দাবনে ভগবদনুগ্রহে গোপীভাব প্রাপ্ত হইয়া অখণ্ডরাসরসোৎসবে নির্ভররসাবেশে পতিভাবে ভগবান্‌কে সেবা করাই মোক্ষ। এতন্মতে জ্ঞান-মার্গ কিছুই নহে, ভক্তিমার্গও উৎকৃষ্ট নহে, প্রীতিমার্গই সর্ব্বোৎকৃষ্ট। বল্লভ সম্পূর্ণ দ্বৈতবাদী হইয়াও জীবাত্মার ও পরমাত্মার শুদ্ধতা বর্ণন করিয়াছেন, সেজন্য তন্মত শুদ্ধ দ্বৈতবাদ নামে প্রখ্যাত। এতদ্ভিন্ন আর যে সকল কথা আছে সে সকল তাঁহাদের দর্শনে দ্রষ্টব্য।

শঙ্কর দ্বৈতবাদী দিগের কথিত প্রকার মুক্তিকে স্বর্গ মধ্যে গণনা করেন। বিশিষ্টাদ্বৈতবাদী রামানুজ ও শুদ্ধদ্বৈতবাদী বল্লভ প্রভৃতির অভিপ্রায় তাঁহার অনুমোদনীয় নহে। তাঁহার অভিপ্রায় এই যে, যাবৎ না অদ্বয়ব্রহ্মপ্রতিপত্তি

হয় তাবৎ অমোক্ষ। ভগবৎসারূপ্য ও ভগবৎস্থান লাভ করিলেও কোন না কোন কালে তৎপরিচ্যুত হইতে হইবে। পদে পদে সেবকের সেবাপরাধ সংঘটন হইয়া থাকে। যে দিন তাহা ঘটিবে সেই দিনেই আবার সংসার আসিবে। ভগবানের নিত্য পার্শ্বদ জয় বিজয় তাহার দৃষ্টান্ত। অতএব, সাযুজ্য সারূপ্য সালোক্য, এ সকল মুক্তি পরম মুক্তি নহে; কিন্তু গৌণ মুক্তি। অর্থাৎ আপেক্ষিক মুক্তি। ঐ সকল মুক্তি কর্ম্মী দিগের মধ্যে স্বর্গ নামে পরিচিত। মোক্ষের অন্য নাম অমৃত। যাহারা কর্ম্মপ্রভাবে দীর্ঘকাল স্বর্গসুখ-সন্দোহে অবস্থান করে, শাস্ত্র, প্রশংসা করিবার অভিপ্রায়ে তাহাদিগকেও অমৃতী বলেন। অর্থাৎ মুক্ত পুরুষ বলেন। অথচ তাহারা প্রকৃত মুক্ত নহে। মোক্ষ উৎকর্ষাপকর্ষ-শূন্য, একরূপ ও একরস। সুতরাং তাহা অদ্বয়। অদ্বয় ব্যতীত সম্বন্ধে সংসার ভয় নিবারিত হয় না, ইহা শ্রুতি উচ্চৈ রবে বলিয়াছেন। "দ্বিতীয়াদ্বৈ ভয়ন্তবতি।" ইত্যাদি। শাঙ্কর দর্শনে এইরূপ অনেক কথা আছে, সে সকল তত্তৎস্থানে দ্রষ্টব্য। ভূমিকা উপলক্ষ্যে তদীয় মতের সংক্ষেপ বিবরণ বলা হইল; তাঁহার বিস্তৃতভাব বুঝিতে হইলে সমুদায় ভাষ্যানুবাদ দেখা আবশ্যক। আচার্য্য শঙ্কর যে প্রথমতঃ ভাষ্যভূমিকা লিখিয়াছেন এক মাত্র সেই ভূমিকাই অদ্বৈত প্রতিপাদন করিতে সমর্থ। বলা বাহুল্য যে, শঙ্করের অধ্যাসভাষ্য যার পর নাই সুগম্ভীর, যুক্তিপূর্ণ ও অদ্ভুত। তাহা পাঠ মাত্রে কিন্তু পাঠকের চিত্ত প্রস্ফুরিত হইতে থাকে। ভাষ্য পাঠে মন যে কিরূপ প্রফুল্ল হয় তাহা বর্ণনাতীত এবং অব্যবহিত পরেই তাহার নিদর্শন দেখিতে পাইবেন। ইত্যলম্।

শিবমস্তু।

ভাষ্যস্থিত শ্রুতির অনুক্রমণিকা।

১ ম অধ্যায়।

২য় অধ্যায়।

৩য় অধ্যায়।

শ্রুতি — পৃষ্ঠা

৪র্থ অধ্যায়ঃ।

সমাপ্তানি সূচিপত্রানি।

সমাপ্তোগ্রন্থঃ।

ছাড় ও শুদ্ধ্যশুদ্ধি।

ছাড়।

২য় অধ্যায়ের ১ম পাদে ১ম সূত্রের সূত্রার্থ-সংক্ষেপের অনুবাদ।

সর্ব্বজ্ঞ ব্রহ্ম জগৎ কারণ, এই সিদ্ধান্ত স্থাপিত হইল বলিয়া মনে করিও না যে, সাংখ্য পাতঞ্জলাদি স্মৃতি নির্ব্বিষয় অর্থাৎ অপ্রমাণ (মিথ্যা) হইল। সাংখ্য স্মৃতির ভয়ে ব্রহ্মকারণবাদ অগ্রাহ্য করা সঙ্গত নহে। কারণ, সাংখ্য স্মৃতির প্রাধান্য স্থাপন করিতে গেলে মন্বাদি স্মৃতি অপ্রধান ও নির্ব্বিষয় সুতরাং অপ্রমাণ হইবে। অতএব, যখন এক স্মৃতির প্রাধান্যে অপর স্মৃতির অপ্রাধান্য, তখন অবশ্যই উক্ত পূর্ব্ব পক্ষ অগ্রাহ্য। বিশেষতঃ স্মৃতির অনুরোধে শ্রুতির সংকোচ সর্ব্বথা অগ্রাহ্য।

শুদ্ধ্যশুদ্ধি।

অধ্যায়		পৃষ্ঠা	পং	অশুদ্ধ	শুদ্ধ
১মঃ	নোটে	৬৩	৩	মাহগ্রস্ত	মোহগ্রস্ত
২য়ঃ	ভাষ্যে	৩৭৪	৭	দ্ব্যেষ	দ্বেষ
২য়ঃ	ঐ	৩৫৩	২	বুদ্ধিস্ত	বুদ্ধিস্থ
৩য়ঃ	ভাষায়	১৮	১২	পুনর্ভোগয়তন	পুনর্ভোগায়তন
“	“	৭০	৬	কাৎস্ন্র্য	কাৎস্ন্য
“	“	১৬১	৫	ষোষড়কল	ষোড়শকল
“	নোটে	১৮৪	৫	যেদান্তে	বেদান্তে
“	“	২৬২	৫	ইইবে	হইবে
“	ভাষায়	৪৪৬	২	শ্রাবণ	শ্রবণ
৪র্থ	নোটে	৯৭	২	নই	নাই
“	ভাষায়	১১৯	৫	পর্য্যস্ত	পর্য্যন্ত
“	“	১২৩	২	গুণোপসংসার	গুণোপসংহার
“	নোটে	“	৫	ঐ	ঐ
“	ভাষায়	১২৮	১৩	পীণ্ডিতেন্দ্রিয়	পিণ্ডিতেন্দ্রিয়
“	নোটে	১৯৯	৫	তৎকাশে	তৎসকাশে
“	“	১৮২	২	ইচ্ছ	ইচ্ছা
“	ভাষায়	১২৩	২	গুণোপসংসার	গুণোপসংহার
	শুচিপত্রে	৮/০	৫	সংজ্ঞাস্মূর্ত্তিকৢপ্তিস্ত	সংজ্ঞামূর্ত্তিকৢপ্তিস্ত
	“	২৷০	২৬	শসা বিনাশঃ	শস্তা বিনাশঃ
	ঐ	৮	১৯	বায়ুর্ব্বাব সম্বর্গঃ	বায়ুর্ব্বাব সম্বর্গঃ

ভাষ্যানুবাদস্থ দুর্ব্বোধ্য শব্দের অর্থ।

অ।

অবিবিক্ত—একীভূত, যাহার পার্থক্য বোধগম্য হয় না।

অখণ্ডৈকরস—যাহার খণ্ড অর্থাৎ অংশ নাই বা কোন প্রকার ভেদ নাই।

অসংহত—যাহা দুই বা ততোধিক বস্তুর মিলনে উৎপন্ন নহে।

অনাবরণত্বজ্ঞানতা—যাহার জ্ঞানশক্তি কিছুতেই আচ্ছন্ন হয় না।

অপ্রতিহতজ্ঞানতা-যাহার জ্ঞান কোন প্রতিবন্ধক দ্বারা অবসন্ন হয় না।

অনুপ্রবেশ—সৃষ্টি করিয়া তন্মধ্যে প্রবেশ।

অত্যন্তবিলক্ষণ—একেবারে পৃথক্।

অত্যন্তবিবিক্ত—যার পর নাই পৃথক্। বিবেক জ্ঞানে সুনিশ্চিত।

অনুক্রান্ত—অনুক্রমবিশিষ্ট। যাহা ক্রমানুসারে কথিত হয় তাহা।

অহন্তামাত্রপ্রভব—যাহা "আমি" ইত্যাকার মিথ্যা প্রত্যয় হইতে জন্মিয়াছে।

অনুভূয়মান—সর্ব্বদা অনুভবগোচরে বিদ্যমান।

অপিগত—বিলীন হওয়া। লয়প্রাপ্ত।

অপ্যয়—প্রলয় বা কার্য্যের কারণ-দ্রব্যে প্রবেশ।

অবধারণভঙ্গ—যাহা স্থির বা নিশ্চয় করা হইয়াছে তাহার অন্যথা।

অর্থপ্রত্যায়ণ—বস্তু বুঝাইবার সামর্থ্য।

অক্ষরময়ী—বর্ণময়ী, শব্দমূর্ত্তি।

অধিপ্রজ্ঞ—প্রজ্ঞা অধিকারের। প্রজ্ঞা =বুদ্ধি।

অতিসান্নিধ্য—অব্যবধান, অত্যন্ত নিকট।

অনুশয়শূন্য—ভোগাবশিষ্ট পাপপুণ্য অনুশয়, তদ্বর্জ্জিত।

অভিব্যঞ্জক—আছে, কিন্তু ব্যক্ত নাই, যাহা তাদৃশ পদার্থ ব্যক্ত করে তাহা।

অকৃতাভ্যাগম—না করিয়া ফল পাওয়া। যেমন গমন না করিয়া গ্রাম পাওয়া।

অতিদেশ—প্রতিনিধিবাক্য। যথা—যেমন করিয়া অমুক করা হয় তেমনি করিয়া কর, ইত্যাদি।

অভিলাপ্য—স্পষ্ট করিয়া বলিবার বস্তু। উল্লেখ্য।

অধ্বর্য্যু—যজুর্ব্বেদোক্তকর্ম্মকর্ত্তা।

অপান্তরতম—এক জন ঋষি।

অনুবন্ধ—নিমিত্ত।

অধিকরণে—পঞ্চাঙ্গ বিচারে। বিচার-যোগ্য বাক্য, সংশয়, পূর্ব্বপক্ষ, উত্তর বা সিদ্ধান্ত, এই ৫ অঙ্গ।

অন্তর্নিহিত—মধ্যে অবস্থিত।

অনুপপত্তি—যুক্তিযুক্ত না হওয়া।

অনুভবাত্মক—বোধরূপ।

অকর্ত্তাদ্বয়ব্রহ্মাত্মভাব—কর্ত্তা নহে, অর্থাৎ নিষ্ক্রিয়, তদ্দ্বিতীয় নাই, এতদ্রূপ ব্রহ্মই আত্মা, এই ভাব।

অধিকৃতাধিকার—যে যাহাতে অধি-কারী, তাহার অধিকার ভুক্ত।

অভিসম্ভূত—সেই সেই রূপে উৎপন্ন।

অবকৃপ্ত—যাহার কল্পনা করিতে হয় না। যাহা স্বীয় সামর্থ্যে প্রতীত হয়।

অগন্তুকরূপ—অস্বাভাবিক রূপ। কোন এক নূতন প্রকার হওয়া।

অবন্ধ্যসঙ্কল্প—যাহার মনের কল্পনা বা ইচ্ছা বৃথা হয় না।

অনারোপিতরূপ—ব্রহ্মরূপ। যাহা ঠিক্, সত্য, তাহা।

অনুবৃত্ত—পূর্ব্বোক্তের প্রাপ্তি বা আক-র্ষণ। পূর্ব্বের কথা আনিয়া পরোক্ত কথায় যোগ করা।

অকর্ত্তাদ্বয়—কর্ত্তৃত্ব ও দ্বৈত এতদুভয় বর্জ্জিত।

অনভ্যুপগম—অস্বীকার।

অশাস্ত—উপদেশের বা শাসনের অনধীন বা অযোগ্য।

অর্চ্চিঃ—সূর্য্যরশ্মি।

অর্চ্চিরাদিমার্গে—জ্ঞানীর গন্তব্য দেব-যান নামক পথে।

অতিবহনীয়—যে, পথে বাহক কর্ত্তৃক নীত হয়। বহনকারী যাহাকে বহন করে।

অমানবপুরুষ—ব্রহ্মলোকস্থ পুরুষ।

অর্চ্চিরাদিপর্ব্ব—অর্চ্চিঃ (সূর্য্যকিরণ), দিন, ইত্যাদি প্রকার বিভাগ—যাহা ব্রহ্মলোক গমনের শাস্ত্রোক্ত পথের অংশবিশেষ, তাহা।

অমৃতবর্ষী—মোক্ষ বা পরম সুখ-প্রদাতা।

আ।

আবিদ্যক—অবিদ্যাকল্পিত।

আনন্তর্য্য—অব্যবহিতপরে।

আত্মসদ্ভাব—আপনার অস্তিত্ব।

আপাতজ্ঞান—বিচারের পূর্ব্বে যে চিরাভ্যস্ত জ্ঞান থাকে তাহা।

আপাদ্যের—যাহা আপত্তির বিষয় তাহার।

আধ্বর্য্যব—অধ্বর্য্যু'র কার্য্য। হোম করা।

আরম্ভণাদিযুক্তিতে — উৎপাদনাদি যুক্তিতে। ঘট, এটী কথামাত্র,

মৃত্তিকাই সত্য, এতৎ প্রণালীর শাস্ত্রোক্ত যুক্তিতে।

আবৃত্তলোক—অধোলোক। পাতাল-নামক স্থান।

আমুষ্মিক—পারলৌকিক।

আতিযাত্রিক—বাহক। বহনকার্য্য-কারী।

আতিবাহিকত্ব—বহনকারিত্ব।

আন্ধ্য—অন্ধতা। দৃক্‌শক্তিরাহিত্য।

আত্মবহির্ভূত—যাহা আত্মা নহে। যাহা অনাত্মা তাহা।

ঈ।

ঈক্ষিতা—আলোচনাকারী।

উ।

উপাস্তিকর্ম্ম—উপাসনা।

উপাধান—উপাধিনির্দ্দিষ্ট।

উপমর্দ্দন—নষ্ট হওয়া।

উদ্গীথ—সামগানের অংশ। প্রণব, প্রণবে ব্রহ্মোপাসনা।

এ।

একভবিকত্ব—মরণ কালে পূর্ব্বোপার্জ্জিত নানাকর্ম্ম অর্থাৎ পুণ্য ও পাপ একত্রিত ও ফলদানোন্মুখ হইয়া যে কোন এক জন্মের অর্থাৎ শরীরোৎপত্তির কারণ ভাব ধারণ করে, তৎসম্বন্ধীয় নিয়ম।

ঔ।

ঔদর্য্য—উদরবর্ত্তী। দেহস্থ পাচকাগ্নি।

ক।

কর্তৃত্বব্যপদেশ--কর্ত্তা বলিয়া উল্লিখিত।

কৃতনির্ব্বচন নাম—যে নামের ব্যুৎপত্তি বলা হয় তাহা।

কৌক্ষেয়-উদরবর্ত্তী তেজ। পাচকাগ্নি।

কৢপ্তরথরূপ শরীর—শরীরটা রথ, এইরূপ বর্ণনা থাকা।

কারীরী—এক প্রকার যজ্ঞ। ইহা বৃষ্টি কামনায় অনুষ্ঠিত হয়।

কপূয়চরণ—পাপাচার।

কৃতপ্রণাশ—করিলাম অথচ ফলভোগ হইল না, এই দোষ।

কূটনির্ব্বিকার—কূটের ন্যায় বিকার শূন্য। কূট = কামার দিগের "লেই," যাহার উপর লোহা পিটে তাহা। লোহাই বাড়ে, লেই যেমন তেমনি থাকে। তাহার কিছুই হয় না।

ক্রমবৎ—অমুকের পর অমুক, এতদ্রূপ পরিপাটীযুক্ত।

ক্রমমুক্তি—অগ্রে সূর্য্যলোকে গমন, তৎপরে ব্রহ্মলোকে গমন বা জন্ম, পরে তৎস্থানের প্রভাবে তত্ত্বজ্ঞান, তৎপরে মুক্তি।

ক্রমপরিপাটী—যেরূপ ক্রম নির্দ্দিষ্ট আছে তাহা।

কর্তৃভোক্তৃ—ক্রিয়ার কর্ত্তা ও তাহার ফলভোগ। করা ও ফলভোগকরা।

কালুষ্য—মলিনতা।

গ।

গোলক-ইন্দ্রিয়দিগের থাকিবার স্থান। ইন্দ্রিয়াধার। চক্ষুঃ প্রভৃতি।

গেষ্ণ—গাঁইট, হস্ত পদাদির গ্রন্থি।

গুণোপসংহার—নানাস্থানোক্ত নানা-গুণ বা বিশেষণ একত্র সংগ্রহ করিয়া একই বিশেষ্যে (বস্তুতে) ন্যস্ত করা।

গুণপরিচ্ছিন্ন—গুণের দ্বারা পরিচ্ছেদ অর্থাৎ অল্পভাব প্রাপ্ত। গুণপরিমিত।

চ।

চিরস্থেমা—চিরকাল স্থায়ী। দীর্ঘ-কাল স্থায়ী।

চতুষ্পাদ্‌ব্রহ্ম—চার ভাগের এক ভাগ পাদ। যাহা তাদৃশ চার পদে কল্পিত হইয়াছে তাহা।

চয়ন—যজ্ঞের নিমিত্ত কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ করিয়া অগ্নি উৎপাদন করা। যজ্ঞাগ্নি স্থাপন।

চৈতন্যঘন—কেবল চৈতন্য। নিবিড় চৈতন্য।

চলবৎ—গতিশীল, সচল।

ছ।

ছত্রিন্যায়—ছত্রধারীর দৃষ্টান্ত। যেমন ২।৩ জনের মধ্যে এক জনের ছত্র থাকিলে তাহাকে দেখাইয়া লোকে বলে, ছাতাওয়ালারা, তেমনি।

জাড্যবিপরীত—জড়ের উল্‌টা, চিৎ।

জীবঘন—সমষ্টিজীব। হিরণ্যগর্ভ।

ত।

তাত্ত্বিক—যাহা যথার্থ তাহা। মিথ্যা-বিপরীত।

তত্তাদাত্ম্য—তাহার স্বারূপ্য প্রাপ্তি।

তদাত্মক—তৎস্বরূপ, তৎসমান।

তত্ত্ববুভুৎসু—যে তত্ত্বজ্ঞানী হইতে ইচ্ছুক, সে।

তত্ত্বমসিবাক্য—ব্রহ্মের ও জীবের অভেদপ্রতিপাদক মহাবাক্য।

দ।

দেহাদিসংঘাত—দেহ, ইন্দ্রিয়, মন, এই গুলি একীভূত বা একত্র মিলিত হওয়া।

দ্বারীভূত—দ্বার স্বরূপ। যেমন চিত্ত-শুদ্ধির দ্বারা কর্ম্মের মোক্ষকার-ণতা।

ধ।

ধ্যেয়াকারা—অর্থাৎ চিন্তনীয় পদার্থের আকার প্রাপ্ত। যাহা ধ্যান করা যায় মন তাহারই আকার ধারণ করে।

ন

নিষেধচোদনাবোধ্য—ন-ঘটিত নিষেধ বাক্যে যাহা বুঝা যায় তাহা।

নিত্যনৈমিত্তিক—যাহা না করিলে পাপ হয় তাহা এবং যাহা স্থির

আছে তাহা। যাহা কোন এক উপলক্ষ্য বিশেষ অবলম্বনে করিতে হয় তাহা নৈমিত্তিক। যেমন পুত্রেষ্টিযাগ ও জাতকর্ম্ম। এই দুই কর্ম্ম পুত্র জন্ম উপলক্ষ্যে করা হইয়া থাকে।

নেত্রপ্রতীকে—চক্ষু যাহার অবলম্বন তাহা।

নাড়ীরশ্মি—ব্রহ্মরন্ধ্র ও সূর্য্যকিরণ।

নৈর্ঘৃ্ণ্য—নির্দ্দয়তা।

প

প্রমেয়—যাহা সত্য জ্ঞানে ভাসে তাহা

প্রমাতৃত্ব—জীবভাব। যে প্রমাণ দ্বারা এ সকল জানিতেছে তাহার ধর্ম্ম।

প্রবিভাগ—এক একটী ভাগ। অংশ।

পরাবর—উৎকৃষ্ট ও নিকৃষ্ট।

প্রকরণপ্রতিপাদ্য—প্রস্তাবে যাহা বলা হইয়াছে। প্রস্তাবের উদ্দেশ্য।

প্রিয়াদি অবয়ব—প্রিয়, মোদ, আমোদ প্রভৃতি বিশেষ বিশেষ আনন্দ ব্রহ্মের মস্তকাদি অঙ্গ বলিয়া বর্ণিত হইয়াছে।

প্রসিদ্ধপ্রাণপর—যাহা প্রাণ নামে প্রসিদ্ধ তাহার বোধক। তাহারই শ্বাস প্রশ্বাসাদি পাঁচ প্রকার কার্য্য।

পঞ্চবৃত্তিক—যাহার বৃত্তি বা কার্য্য পাঁচ প্রকার তাহা।

প্রাণকার্য্য—শ্বাস, প্রশ্বাস।

প্রকৃতহান—যাহা বলিতে প্রবৃত্ত তাহার পরিত্যাগ হওয়া।

প্রসঞ্জিত—প্রাপিত।

প্রদেশবিশেষ—সেই সেই অংশ। অবয়ব বিশেষ।

পরিস্পন্দনাত্মক—চলনরূপ। গতি।

পরভবিক—জন্মান্তরীয়।

প্রপঞ্চিত—বিস্তারিত।

প্রত্যবসর্পণ—বাহির হইয়া যাওয়া। বিস্তৃত হওয়া।

পররূপাপত্তি—নিজরূপ ত্যাগ ও অপরের রূপ পাওয়া।

প্রচ্যুতি—ত্যাগ হওয়া।

প্রবর্গ্য—বেদের একটী কাণ্ড।

পর্য্যুদাস—ন-শব্দের অর্থ। পুণ্য ও পাপ দুয়ের কিছুই হয় না এরূপ অর্থ।

প্রত্যয়াবৃত্তি—ধ্যানপ্রবাহ।

প্রত্যয়ত্বসামান্য—প্রত্যয় = জ্ঞান, তাহার সামান্য অর্থাৎ সমানতা। ইহাও জ্ঞান, তাহাও জ্ঞান, সুতরাং সমান, এই ভাব।

প্রবুদ্ধ—তত্ত্বজ্ঞানপ্রাপ্ত।

প্রত্যগাত্মা—প্রতিশরীরস্থ আত্মা, জীব।

পাপবত্ত্ব—পাপ থাকা।

প্রক্ষীণ—ক্ষয়প্রাপ্ত।

প্রপদ্যে—প্রাপ্ত হই।

পঞ্চাগ্নিবিদ্যা—এক প্রকার উপাসনা।

ছান্দোগ্য উপনিষদে যে দিব্ ও পর্জ্জন্য (মেঘ) প্রভৃতি পাঁচ পদার্থে অগ্নিভাব আরোপিত করিয়া উপাসনা করিবার বিধান আছে তাহা।

পর্য্যঙ্কবিদ্যা—এক প্রকার উপাসনা। ইহাও ছান্দোগ্যে কথিত আছে।

ব

বিদিক্রিয়া—বিদ্ ধাতুর অর্থ। জ্ঞান। জ্ঞান = মানসী ক্রিয়া।

ব্যপদিষ্ট—যাহা উল্লিখিত হইয়াছে তাহা।

বিদেহমুক্তি—দেহ ত্যাগের পর নির্ব্বাণ মুক্তি।

বাচিতা—অর্থবোধক ভাব।

ব্যাহতি—ব্যাঘাত নামক দোষ।

বাক্যশেষ—প্রস্তাবের শেষ কথা। উপসংহার বাক্য।

বিশ্বতঃ পৃষ্ঠেষু—বিশ্বের উপরে। সমুদয়ের উপরে।

বীপ্সা—প্রত্যেককে বুঝাইবার নিমিত্ত দ্বিরুক্তি। দুই বার বলা। যেমন প্রতিদিন বুঝাইবার নিমিত্ত দিন দিন, এই রূপ বলা যায়।

বাক্‌সন্দর্ভ—বাক্যের পরিপাটী।

বিহর্ত্তা—বিহারকারী। ক্রিড়াকারী।

ব্যামিশ্র—মিশ্র। অনিশ্চিত।

বশিষ্ঠ—অতিশয় বশী। অন্যকে বশতাপন্ন করে এরূপ গুণ যাহার আছে।

বিধূনন—ধৌতকরণ। ধুয়ে ফেলা।

বিশেষ্যভূত—যাহার বিশেষণ তাহা।

বিবিদিষা—তত্ত্ব জানিবার ইচ্ছা।

ব্রহ্মাত্মপ্রতিপত্তি—ব্রহ্মই আত্মা অর্থাৎ আমি, এতদ্রূপ অনুভব বা বোধ।

ব্রহ্মগন্তা—যে ব্রহ্মগতি পায়।

বিশেষপর—যাহা বিশেষে নিশ্চিত বা নির্দ্দিষ্ট বিষয়ে অবস্থিত। বিশেষ অর্থে পর্য্যবসিত।

ব্রহ্মবেশ্মপ্রাপ্তি—ব্রহ্মলোকপ্রাপ্তি।

বামনীত্বাদি—কর্ম্মফলদাতৃত্ব প্রভৃতি গুণ।

ব্রহ্মক্রতু—ব্রহ্মধ্যানকারী।

বৃত্ত্যুপসংহার—ইন্দ্রিয়ের ও মনের তুষ্ণীম্ভাব। কিছু না করা, চুপ্ থাকা।

ভ

ভোগভূমিত্ব—ভোগপ্রদ স্থান।

ম

মহদাদি ক্রম—প্রকৃতি হইতে মহান্, তাহা হইতে অহঙ্কার, ইত্যাদি।

মোক্ষয়িতব্য—যাহাকে মুক্ত করিতে হইবে তাহা।

মুমুক্ষুচেতন—মুক্ত হইতে ইচ্ছুক এরূপ জীব।

মর্কটপুচ্ছমূলবর্ণ—বানরের রক্তবর্ণ পায়ু।

মনোলয়—মনের কোন প্রকার বৃত্তি না থাকা ও না হওয়া। না থাকার ন্যায় হওয়া।

মনোব্রহ্ম—মনঃই ব্রহ্ম।

মহান্ ব্যাপী—সর্ব্বব্যাপী। পরিপূর্ণ।

য

যুক্ত্যুপেত—যুক্তিযুক্ত।

র

রৈতসী—রেতস্=শুক্রনামক চরম ধাতু, তৎপ্রভব। শুক্রশোণিত যোগে শরীরোৎপত্তি হওয়া।

ল

লোকসংঘ—লোকসমূহ। জীবসমূহ।

লিঙ—ব্যাকরণোক্ত বিধিপ্রত্যয়। ইহাতে কুর্য্যাৎ ইত্যাদি প্রয়োগ নিষ্পন্ন হয়।

শ

শরীরাদ্যনপেক্ষ জ্ঞান—যে জ্ঞান শরীরাদিনিরপেক্ষ, শরীরাদির অস্তিত্ব অবচ্ছেদ না করিয়া বিদ্যমান বা উৎপন্ন হয়।

শ্রোতৃপুরুষ—যে শ্রবণ করে সে।

শেষষষ্ঠী—সম্বন্ধ মাত্রের বোধিকা ৬ষ্ঠী বিভক্তি।

শরীরবহির্ব্বর্ত্তী—বাহ্যবস্তু।

শতৌদন—একপ্রকার চরু। দেবতার উদ্দেশে কেবল দুগ্ধে তণ্ডুল পাক করিলে তাহাকে চরু বলে।

ষ

ষোড়শকল—কল্পিত ১৬ অবয়ববিশিষ্ট

স

সংব্যবহার—অব্যভিচারী ব্যবহার। অবাধে কার্য্য চলা।

সূত্রাত্মা—হিরণ্যগর্ভ। সমষ্টিসূক্ষ্মশরীরাভিমানী।

সংখ্যাসাম্য—সমানাকারের সংখ্যা। যেমন ইহাতে দশ, তাহাতে দশ, সুতরাং সংখ্যায় সমান।

সম্প্রসাদ—সুষুপ্ত জীব। মুক্তাত্মা।

স্বোৎপ্রেক্ষিত—নিজে নিজে কল্পনা করা। নিজ বুদ্ধিতে উহ্য করা।

স্বাপকাল—সুষুপ্তি সময়।

সম্পৎ—তৎস্বরূপ হইয়া যাওয়া।

স্তিমিত—নিশ্চল। নিষ্পন্দ। নিঃশব্দ।

সম্বর্গবিদ্যা—একপ্রকার উপাসনা।

সত্য—সৎ+ত্যদ=এই ও সেই।

সাতত্য—নিরন্তরতা। অবিচ্ছেদে।

সহভাব—এক সঙ্গে থাকা।

সম্প্রসূত—সম্যক্ রূপে প্রসূত। উৎপন্ন।

স্বরূপাববোধ——আপনার চেতনত্ব ও ব্রহ্মভাব বুঝিতে পারা।

স্বার্থপ্রমা—শব্দের প্রামাণিক অর্থ অভিধাশক্তিমূলক অর্থ।

সংসার্য্যাত্মতা—ব্রহ্মই অবিদ্যা যোগে জীব, তাহার ভাব বা ধর্ম্ম।

স্মৃত্যুপক্রম—মরণ অবধি পুনর্জ্জন্ম পর্য্যন্ত জীবগতি বর্ণনের শাস্ত্র।

স্বসম্বেদ্য—নিজ প্রজ্ঞার জ্ঞেয়।

স্থিতপ্রজ্ঞ—তত্ত্বজ্ঞানী।

সমষ্টি—সমূহ।

সমষ্টি লিঙ্গশরীরাভিমানী — সমুদায় প্রাণীর সূক্ষ্ম শরীরে যাহার "এ সকল আমার শরীর।" এইরূপ অভিমান আছে তিনি। হিরণ্যগর্ভ। ব্রহ্মা।

সম্বিৎ—সম্যক্ জ্ঞান। আত্মজ্ঞান।

সমনস্ক—যাহার মন আছে সে।

হিতশাসক—যাহাতে হিত হওয়া বুঝা যায় তাহা।

হিততমত্বাদিবাক্য—হিত হয়, অধিক হিত হয়, ইত্যাদিবিধ বাক্য।

হোমপ্রতিষেধক—হোমনিষেধক।

হিংকার—সামগানের অংশবিশেষ।

হার্দ্দবিদ্যা—উপাসনা বিশেষ। হৃদ্‌-পদ্মে ব্রহ্মচিন্তা।